

বন্ধ বিদ্যাসাগর সেতু
রবিবার, ২৩ নভেম্বর বন্ধ থাকবে বিদ্যাসাগর সেতু। সকাল ৬টা থেকে ২টা পর্যন্ত ৮ ঘণ্টা যান চলাচল করবে না। ব্রিজ বন্ধ থাকার কারণে বিকল্প রুটও জানিয়ে দিয়েছে লালবাজার। রক্ষণাবেক্ষণের জন্য এই সিদ্ধান্ত



জাগোবাংলা

মা মাটি মানুষের পক্ষে সওয়াল

e-paper : www.epaper.jagobangla.in

f /DigitalJagoBangla

📺 /jagobangladigital

📱 /jago_bangla

🌐 www.jagobangla.in

হরমনপ্রীত কৌরকে ডি-লিট দেবে যাদবপুর বিশ্ববিদ্যালয়



দীর্ঘ সময় বিল আটকে রাখতে পারেন না রাজ্যপাল, সুপ্রিম নির্দেশ



বর্ষ ২১, সংখ্যা ১৭৬ • ২১ নভেম্বর, ২০২৫ • ৪ অগ্রহায়ণ ১৪৩২ • শুক্রবার • দাম ৪ টাকা • ১৬ পাতা • Vol. 21, Issue 176 • JAGO BANGLA • FRIDAY • 21 NOVEMBER, 2025 • 16 Pages • Rs 4 • RNI NO. WBBEN/2004/14087 • KOLKATA

মুখ্য নির্বাচন কমিশনারকে কড়া চিঠি লিখে মুখ্যমন্ত্রী

মারণ 'সার' বন্ধ রাখুন

প্রতিবেদন : বুধবার সোশ্যাল মিডিয়ায় পোস্টের পরে বৃহস্পতিবার মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারকে চিঠি লিখে বিশেষ নিবিড় সংশোধন প্রক্রিয়া স্থগিত করার আর্জি জানালেন বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তাঁর অভিযোগ, পরিকল্পনামূলকভাবে এসআইআর চালানো হচ্ছে। মুখ্যমন্ত্রী চিঠিতে লিখেছেন, এসআইআর কার্যক্রম এমন এক পর্যায়ে পৌঁছেছে যেখানে তা বিপজ্জনক হয়ে উঠেছে। তাঁর বক্তব্য, বিএলও এবং নাগরিকদের উপর যেভাবে এই বিষয়টি চাপিয়ে দেওয়া হচ্ছে, তা কেবল অপরিণতি এবং বিশৃঙ্খল নয়, অত্যন্ত ঝুঁকিপূর্ণ। প্রথম দিন থেকেই মৌলিক প্রস্তুতির অভাব, পরাপ্ত পরিকল্পনার ঘাটতি এবং সঠিক



দিকনির্দেশ না থাকার ফলে গোটা প্রক্রিয়া কার্যত পঙ্গু হয়ে পড়েছে। এসআইআর-এ অত্যধিক কাজের চাপে

জলপাইগুড়ির মালবাজারে আত্মহত্যার অভিযোগ বিএলও শান্তিমণি এক্সার পরিবারের। বুধবার, এই মৃত্যুর খবরে শোকপ্রকাশ করেন

মুখ্যমন্ত্রী। সোশ্যাল মিডিয়ায় বিএলওদের কাজের চাপ নিয়ে নির্বাচন কমিশনকে কাঠগড়ায় তুলেছেন মুখ্যমন্ত্রী। অপরিণতি এসআইআর অভিযান বন্ধের আহ্বানও জানান তিনি। আর তার পরের দিনই সরাসরি মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারকে চিঠি লিখলেন মমতা বন্দ্যোপাধ্যায়। তিন পাতার চিঠিতে বিএলও-দের মৃত্যুর প্রসঙ্গ টেনে এসআইআর প্রক্রিয়া স্থগিতের কথা বলেছেন। এসআইআর প্রক্রিয়া স্থগিতের দাবি জানিয়ে বিএলওদের দুর্দশা এবং অপরাধে পরিণত হওয়ার কথা উল্লেখ করেন মুখ্যমন্ত্রী। তিনি মনে করেন, বিএলও-দের উপর অত্যধিক চাপ সৃষ্টি করা হচ্ছে, যা তাঁদের শারীরিক এবং (এরপর ১২ পাতায়)

দিনের কবিতা

'জাগোবাংলা'য় শুরু হয়েছে নতুন সিরিজ— 'দিনের কবিতা'। মমতা বন্দ্যোপাধ্যায়ের কবিতাবিভাগ থেকে একেদিন এক-একটি কবিতা নির্বাচন করে ছাপা হবে দিনের কবিতা। সমকালীন দিনে যার জন্ম, চিরদিনের জন্য যার যাত্রা, তাই আমাদের দিনের কবিতা।



দেখা

কখনো কখনো আমি তো আমাকেই হারিয়ে ফেলি, যখন পারি না নিজেকে চিনতে। কারণ বেলাশেষে যখন ভাবি উগ্রসুখে কিছু চির-লোভী অকারণে প্রতারণার কিরণে, নিদারুণ নির্লজ্জ খেলা খেলে, নিজেদের স্বার্থও গুছিয়ে নেয়, তারপরে আবার শুরু হয় অতিলোভের আরও আরও সমৃদ্ধি। কিছুতেই যে তৃপ্ত হয় না তারা, হয় তাদের কাছে আত্মসমর্পণ, নয়তো ধ্বংস করাই তাদের কাজ, কারণ তারা যে মৃত্যু-মিথ্যাপুরী! তবে আমি কেন আমাকে চিনি না? কারণ যে নির্মম আঘাত তারা আমাকে দেয়, আমি তার প্রতিশোধ নিতে চাই না। কেন আমি নিজেকে করি এত রিক্ত? কেউ তো ভাবতেই পারে এটা দুর্বলতা? আমি বলি— না, সহনশীলতা। দেখে যাও, যাও দেখি, পথে হবে দেখা।

নাম নেই, আতঙ্কে লাইনে ঝাঁপ

অমানুষিক কাজের চাপে সেরিব্রাল, পক্ষাঘাতগ্রস্ত বিএলও ভর্তি হাসপাতালে



■ কৃষ্ণপদ সরকার।



■ তপতী বিশ্বাস।

প্রতিবেদন : এসআইআর-আতঙ্কে আরও এক আত্মহত্যা। কাজের চাপে অসুস্থ আরও দুই বিএলও। এবার ২০০২ সালের ভোটার তালিকায় নিজের এবং স্ত্রীর নাম নেই জেনে ট্রেনের সামনে ঝাঁপ দিয়ে আত্মহত্যার চেষ্টা করলেন কামারহাটের দীর্ঘদিনের বাসিন্দা অশোক সদর (৬৩)। বেলঘরিয়ার সিসিআর ব্রিজ সংলগ্ন এলাকায় ঘটনাটি ঘটেছে বুধবার রাতে। পেশায় রিকশাচালক ওই বৃদ্ধকে গুরুতর জখম অবস্থায় উদ্ধার করে আরজি কর হাসপাতালে ভর্তি করানো হয়েছে। হাসপাতাল সূত্রে খবর, বৃদ্ধ রীতিমতো সঙ্কটজনক। তাঁর একটি পা বাদ দিতে হয়েছে। অন্যদিকে, এসআইআর-এর প্রবল কাজের চাপে অসুস্থ কোলগরের বিএলও তপতী বিশ্বাস (৫৮)। বুধবার সকালে উত্তরপাড়া বিধানসভার ২৭৯ নং বুথের বিএলও হিসেবে ফর্ম সংগ্রহ করতে বেরিয়ে সেরিব্রাল (এরপর ১২ পাতায়)

টেলি আকাদেমি অ্যাওয়ার্ড অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী

কর্মপ্লাবন তৈরি করেছে টেলি ইন্ডাস্ট্রি

প্রতিবেদন : বেকারত্ব ঘোচাতে এবং কর্মসংস্থান তৈরি করতে সিদ্ধহস্ত বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তাই যাঁরা কর্মসংস্থান তৈরি করেন এবং কর্মপ্লাবন আনেন তাঁদেরকেও সম্মান করেন মুখ্যমন্ত্রী। বৃহস্পতিবার সেই কথাই আরও একবার স্পষ্ট হল তাঁর গলায়। এদিন ধনধান্য স্টেডিয়ামে টেলি অ্যাকাডেমি অ্যাওয়ার্ড প্রদান অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, এই বিনোদন জগৎ কর্মপ্লাবন

সৃষ্টি করেন। এটা একটা বড় কাজ। এঁরা দিনরাত এক করে কাজ করেন, এই শিল্পীদের জীবনে কোনও ছুটি নেই, উৎসব বলে কিছু নেই। এই কাজটাই তাঁদের উৎসব। এমনকী পূজোর সময়ও বিভিন্ন চ্যানেলে গিয়ে তাঁদের প্রোগ্রাম করতে হয়। মুখ্যমন্ত্রীর কথায়, টেলিভিশনের সব থেকে বড় দিক হোক মানবিক, সামাজিক চেতনা, সুশিক্ষাসম্পন্ন। (এরপর ১০ পাতায়)



রাজ্য প্রশাসনে নির্বাচন প্রস্তুতি

প্রতিবেদন : নির্বাচন কমিশনের পাশাপাশি আগামী বছরের বিধানসভা ভোটের প্রস্তুতি শুরু করে দিল রাজ্য সরকারও। শনিবার নবান্নে জেলাশাসকদের নিয়ে গুরুত্বপূর্ণ বৈঠকে বসছেন মুখ্যসচিব। বৈঠকের প্রধান আলোচ্য নির্বাচনী পরিকাঠামো এবং ইভিএম প্রস্তুতি। উল্লেখ্য, আগামী বিধানসভা নির্বাচনের আগে ইভিএম-এর ফার্স্ট লেভেল চেকিং কর্মশালা অনুষ্ঠিত হবে বুধবার, ২১ নভেম্বর। নিউ টাউনের তালকুটিরে আয়োজিত এই কর্মশালায় উপস্থিত থাকবেন রাজ্যের জন্য দায়িত্বপ্রাপ্ত কেন্দ্রের সিনিয়র ডেপুটি নির্বাচন কমিশনার জ্ঞানেশ ভরতি। তাঁর নেতৃত্বে কমিশনের এক প্রতিনিধি দল কর্মশালায় অংশ নেবেন। (এরপর ১২ পাতায়)

তারিখ অভিধান

১৯০৮

সত্যেন্দ্রনাথ বসু
(১৮৮২-১৯০৮)

এদিন ফাঁসির মধ্যে জীবনের জয়গান গেয়েছিলেন। আলিপুর বোমার মামলার যখন বিচার চলছিল, তখন নরেন গোসাঁই রাজসাক্ষী হলেন। হেমচন্দ্র দাস কানুনগো ও সত্যেন্দ্রনাথ, দুজনেই তখন জেলে। সেখানে বসেই সিদ্ধান্ত নেন বিশ্বাসঘাতক নরেন গোসাঁইকে খতম করে দেওয়া হবে। তাঁরা দুটি রিভলভার জোগাড় করেন। কানাইলাল দত্তও এই কাজে যোগ দিতে চান। সত্যেন্দ্র ও কানাইলাল অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হন। সেখান থেকে সত্যেন্দ্রনাথ নরেনকে চিঠি দিয়ে জানান, তিনিও রাজসাক্ষী হতে চান। সেই চিঠি পেয়ে নরেন হাসপাতালে



মৃতদেহ তাঁর পরিবারের হাতে তুলে দেয়নি ব্রিটিশ পুলিশ।

সত্যেন্দ্রের সঙ্গে দেখা করতে এলে সত্যেন্দ্রনাথ ও কানাইলাল তাঁকে গুলি করে হত্যা করেন। বিচারে সত্যেন্দ্রের ফাঁসির আদেশ হয়। তাঁর মা তাঁর সঙ্গে দেখা করতে চাইলে, সত্যেন্দ্র জানিয়ে দেন, মা আসতেই পারেন, কিন্তু কারারক্ষীদের সামনে চোখের জল ফেলতে পারবেন না। ফাঁসির পর সত্যেন্দ্রনাথের

১৯৭৪ পূণ্যলতা চক্রবর্তী (১৮৯০-১৯৭৪) এদিন প্রয়াত হন। বাবা উপেন্দ্রকিশোর রায়চৌধুরী, বড় দাদা সুকুমার রায়। স্বামী ছিলেন ডেপুটি ম্যাজিস্ট্রেট অরুণনাথ চক্রবর্তী। পূণ্যলতা চক্রবর্তী অনেক গল্প উপন্যাস এবং অনুবাদ গল্প লিখেছিলেন। তাঁর রচিত গ্রন্থগুলির মধ্যে আছে ‘ছোটবেলার দিনগুলি’, ছোট ছোট গল্প, ‘সাদিব ম্যাজিক’, ‘গাছপালার কথা’, ‘রাজবাড়ি’ প্রভৃতি।



১৯৭০ স্যার সি ভি রমন (১৮৮৮-১৯৭০) এদিন প্রয়াত হন। এশিয়ায় পদার্থবিদ্যায় প্রথম নোবেল আনেন কলকাতাবাসী এই বিজ্ঞানী, ২৮ ফেব্রুয়ারি, ১৯২৮-এ। চন্দ্রশেখর চমকে উঠেছিলেন তাঁর পরীক্ষার ফলে। রঙিন আলো কোনও তরলে প্রবেশ করলে তার যে অংশ বিচ্ছুরিত হয় সেটার

চরিত্র ভাঙি অদ্ভুত। রমন এফেক্ট। পদার্থবিদ্যা ইলেকট্রন থেকে ইলেকট্রনিক্স। একই ভাবে আলোর কণা ফোটন ব্যবহারকারী প্রযুক্তি ফোটনিক্স। এই শাস্ত্রকে আজও নতুন পথ দেখাচ্ছে রমন এফেক্ট। অপটিক্যাল ফাইবার মারফত দূরযোগাযোগ কিংবা ইন্টারনেট সুপার হাইওয়ে-র মূলে রমনের গবেষণা। এই গবেষণা তিনি করেছিলেন এখন কলকাতার বউবাজারে যেখানে গোয়েন্দা কলেজ অবস্থিত, সেখানে।

১৯৯৫ সবিতরত দত্ত (১৯২৪-১৯৯৫) এদিন প্রয়াত হন। ‘নবনাট্য’ যুগের বিশিষ্ট অভিনেতা ও গায়ক। ‘চারগববি মুকুন্দদাস’ ছবিতে নাম ভূমিকায় অভিনয় করেন। সংহতির প্রসারে, দেশপ্রেমের প্রচারে যেখানেই ডাকা হত সেখানেই যেতেন এই ‘স্বদেশি গান গাইয়ে’। অবস্হাবিশেষে মাইক ছাড়াই উদাত্ত কণ্ঠে গেয়ে উঠতেন ‘ভয় কি মরণে রাখিতে সন্তানে’ কিংবা ‘চল রে চল সবে ভারত সন্তান, মাতৃভূমি করে আহ্বান’।



১৯৪৫ এদিন আজাদ হিন্দ বাহিনীর

ধৃত সৈনিকদের মুক্তির দাবিতে কলকাতায় একটি বিশাল ছাত্র জমায়েত হয়। সেই জমায়েতে গুলি চলে। নিহত হন রামেশ্বর বন্দ্যোপাধ্যায় নামে এক ছাত্র। কলকাতা উত্তাল হয়ে ওঠে। তার পরের দিন এক অভূতপূর্ব হরতাল এবং সাধারণ ধর্মঘট পালিত হয়। সেই ধর্মঘটে কংগ্রেস, মুসলিম লিগ, কমিউনিস্ট পার্টির পতাকা এক সঙ্গে দেখা যায় বিক্ষোভ মিছিলে। মানিক বন্দ্যোপাধ্যায় বসুমতী পত্রিকায় লিখলেন ‘চিহ্ন’ উপন্যাস। নীরেন্দ্রনাথ চক্রবর্তী লিখলেন ‘শহিদ রামেশ্বর’ নামে একুশ লাইনের একটি কবিতা, যার প্রথম লাইন ছিল, ‘হে অশ্বারোহী! বাঁধ ভেঙে গেছে, শোনো প্লাবনের ডাক শোনো’।



১৯২১ হীরালাল চৌধুরী (১৯২১-২০১৪) সিলেটের (সেই সময়ের শ্রীহট্ট) সুরমা ভ্যালিতে (বর্তমানে বাংলাদেশ) জন্মগ্রহণ করেন। তাঁকে ‘প্রণোদিত প্রজননের জনক’ (father of induced breeding) অভিহিত করা হয়। ম্যাট্রিকুলেশনে চারটি লেটার নিয়ে

সিলেটের গোসস স্কুল থেকে পাশ করেন ১৯৩৭ সালে। এর পর বঙ্গবাসী কলেজ থেকে আইএসসি, বিএসসি (প্রথম শ্রেণিতে প্রথম হয়েছিলেন) এবং বালিগঞ্জ সায়েন্স কলেজ থেকে প্রাণিবিদ্যায় এমএসসি পাশ করেন। কার্প প্রজাতির মাছ নিজের হরমোনাল বাধ্যবাধকতার জন্য জমা জলাশয়ে শারীরিক মিলনে অক্ষম, তাই রুই-কাতলা প্রজাতির মাছচাষে ডিমপোনা পেতে চাষিদের বর্ষাকালে নদী-খাল-বিল থেকে সংগৃহীত মাছের চারার উপর নির্ভর করতে হত। হীরালাল মাছের এন্ডক্রাইনোলজি ও ফিজিওলজির ওপর ন’ বছর গবেষণার পর ১৯৫৭ সালের ১০ জুলাই কার্প প্রজাতির মাছের ‘প্রণোদিত প্রজনন’-এ সাফল্য পান। ফলে মাছচাষি সূস্থ ডিমপোনা যে কোনও সময়ে চাষের জন্য পাবেন। এই সাফল্যের জন্য ভারতে ১০ জুলাই ‘ফিশ ফার্মার্স ডে’ হিসেবে পালিত হয়।

কর্মসূচি



■ বাঁকুড়ার কানুড়ি গ্রাম পঞ্চায়েতের বিজেপি সদস্য স্বপন মাহালি-সহ গরুড়বাসা গ্রামের ৫০টি পরিবারের সদস্যরা বিজেপি ছেড়ে বৃহস্পতিবার তৃণমূল কংগ্রেসে যোগদান করেন। তাঁদের হাতে দলীয় পতাকা তুলে দিলেন ব্লক সভাপতি ও অঞ্চল সভাপতি।

■ তৃণমূল কংগ্রেস পরিবারের সহকর্মীদের প্রতি : আপনার এলাকায় কোনও কর্মসূচি থাকলে তা আগাম জানান। এবং কর্মসূচি পালনের পর ছবি-সহ প্রতিবেদন পাঠান।

ই মেল : jagabangla@gmail.com
editorial@jagobangla.in

শব্দবাংলা-১৫৬২

			১		২		৩
	৪						
৫							
				৬			
		৭					
				৮			
৯							

পাশাপাশি : ১. বঙ্গে অতিমূর্খ ৪. আত্মহের অভাব, নিস্পৃহতা ৫. কুবেরের উদ্যান ৬. যাতায়াত ৮. হেরিংজাতীয় ছোট সামুদ্রিক মাছবিশেষ ৯. কাজে ব্যস্ত, কর্মবাস্ত।

উপর-নিচ : ১. মৃত্যু ২. নদীর চরে পলি পড়ে তৈরি হওয়া আবাদি জমি ৩. তদবধি, সেই সময় থেকে ৫. জ্ঞানের আবির্ভাব ৬. ইসলাম ধর্মাবলম্বিত হিন্দু ৭. ব্যয়।

■ শুভজ্যোতি রায়

২০ নভেম্বর কলকাতায় সোনা-রূপোর বাজার দর

পাকা সোনা	১২২৫৫০
(২৪ ক্যারেট, ১০ গ্রাম),	
গহনা সোনা	১২৩১৫০
(২২ ক্যারেট, ১০ গ্রাম),	
হলমার্ক গহনা সোনা	১১৭০৫০
(২২ ক্যারেট, ১০ গ্রাম),	
রূপোর বাট	১৫৫৫৫০
(প্রতি কেজি),	
খুচরো রূপো	১৫৫৬৫০
(প্রতি কেজি),	

সূত্র : গুয়েস্ট বেসল বুলিয়ন মার্চেন্টস অ্যান্ড জুয়েলার্স অ্যাসোসিয়েশন। দর টাকায় (জিএসটি),

মুদ্রার দর (টাকায়)

মুদ্রা	ক্রয়	বিক্রয়
ডলার	৮৯.২২	৮৮.১৭
ইউরো	১০৩.২০	১০১.৬২
পাউন্ড	১১৭.১০	১১৫.০৭

নজরকাড়া ইনস্টা



■ স্বাভাবিক



■ অনন্যা গুহ



টেলি অ্যাকাডেমি অ্যাওয়ার্ড অনুষ্ঠানে শিল্পীদের সঙ্গে মুখ্যমন্ত্রী



■ প্রিয় পরিবার ধারাবাহিক জগদ্ধাত্রী পরিবার।



■ মুখ্যমন্ত্রীকে সংবর্ধনা জানানো হলেন অরুণ বিশ্বাস, স্বরূপ বিশ্বাস ও ইন্দ্রনীল সেন।



■ জীবনকৃতি সম্মানে লীনা গঙ্গোপাধ্যায়।



■ সেরা শিশুশিল্পী আয়ুতী মুখোপাধ্যায় ও অভিনব বিশ্বাস। (পরশুরাম আজকের নায়ক)



■ প্রিয় জুটি সাহেব ভট্টাচার্য ও সুস্মিতা দে। (কথা)



■ প্রিয় বোন আরাত্রিকা মাইতি ও শ্রুতি দাস। (জোয়ার ভাটা)



■ সেরা নতুন মুখ দিব্যাণী মণ্ডল (ফুলকি)



■ অনুষ্ঠানের উদ্বোধনে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।



■ সেরা অভিনেতা প্রতীক সেন (দাদামণি)।



■ সেরা খলনায়িকা সুদীপ্তা বন্দ্যোপাধ্যায়। (রাঙামতি তীরন্দাজ)



■ সেরা খলনায়ক ভরত কল। (পরশুরাম আজকের নায়ক)



■ প্রিয় জুটি ইন্দ্রজিৎ বোস ও তৃণা সাহা (পরশুরাম আজকের নায়ক)



■ ইন্দ্রনীল সেন



■ বাবুল সুপ্রিয়



■ ইমন চক্রবর্তী



■ রাঘব চট্টোপাধ্যায়



■ মনোময় ভট্টাচার্য



■ শ্রীরাধা বন্দ্যোপাধ্যায়



■ রূপঙ্কর বাগচী

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

পরিকল্পনাহীন

এসআইআর-কে কেন্দ্র করে এক ধরনের অত্যাচার শুরু হয়েছে। এসআইআর-আতঙ্কে ইতিমধ্যে ৩১ জনের মৃত্যু হয়েছে। প্রবল কাজের চাপে আত্মঘাতী হয়েছেন বিএলও। বিভিন্ন জেলা থেকে খবর আসছে অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তিও হয়েছেন অনেক বিএলও। এর মধ্যে একজনের সেরিয়ার হয়েছেন। তিনি হাসপাতালে। গুরুতর অসুস্থ। কমিশন বাধ্য হয়েছে তাঁকে কাজ থেকে সরিয়ে দিতে। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এসআইআর শুরুর মুখেই বলেছিলেন, যে কাজ দু'বছর ধরে হওয়ার কথা তা দু'মাসে করতে গেলে পরিস্থিতি হাতের বাইরে যেতে বাধ্য। ঘটনা সেটাই হয়েছে। এর পরে ডেটা এন্ট্রির কাজ রয়েছে। নিশ্চিতভাবে সেখানে প্রচুর ভুল থাকার সম্ভাবনা থাকছে। যাঁদের নাম থাকবে না তাঁদের আবেদন করার সুযোগ থাকলেও তা যে কতখানি যথাযথভাবে হবে সে-নিয়ে প্রশ্ন রয়েছে। একজনও বৈধ ভোটার যদি বাদ যান তাহলে তার দায় নিতে হবে কমিশনকে। এই কারণেই মুখ্যমন্ত্রী বৃহস্পতিবার মুখ্য নির্বাচন কমিশনারকে চিঠি লিখে স্পষ্ট ভাষায় বলেছেন, পরিকল্পনাহীন ভাবে 'সার' চলছে। বিপজ্জনক পরিস্থিতি। চাপিয়ে দেওয়া হচ্ছে বিএলও ও নাগরিকদের উপর। অপরিণত বিশৃঙ্খল পরিস্থিতি। এর জন্য এখনই 'সার'-এর কাজ স্থগিত রেখে প্রস্তুতি, পরিকল্পনা ও সঠিক দিক নির্দেশের কাজ করার দরকার। আতঙ্কে ও কাজের চাপে মৃত্যু দেশের কাছে লজ্জার বিষয়। কমিশনকে বুঝতে হবে। বিজেপির অঙ্গুলিহেলনে এই অপরিণত কাজের জবাব দেবেন মানুষ।



আর কত বাঙালি মরবে ওদের জন্য?

বিভাগের সূত্র কমিশনের সিদ্ধান্তহীনতা। প্রথম দিকে চলল আধার জট। তারপর এল ভোটারের 'আত্মীয়' বিষয়ক জটিলতা। এই জটিলতাই সবচেয়ে বেশি। এই সম্পর্কের ব্যাখ্যা একেক সময় একেক রকম দেওয়া হয়েছে। ফর্ম-ফিলাপ যখন শেষ কিংবা একেবারে শেষের পর্যায়ে, অনেকের পূরণ করা ফর্ম ততক্ষণে জমাও পড়ে গিয়েছে, তখনই কিছুটা 'উদার' হল কমিশন। শুধু পিতৃকুল নয়, জানানো হল ওইসঙ্গে মাতৃকুলের সম্পর্কেও সমান গুরুত্ব দেওয়া হবে। একদিকে বলা হচ্ছে, আধার নম্বর প্রদান 'এক্সিকিউটিভ'। অন্যদিকে ভোটার কার্ডের সঙ্গে আধার এবং ফোন নম্বর সংযুক্ত না-থাকলে অনলাইনে ফর্ম ভরা অসম্ভব। ফর্মে ভোটারের হালফিল ছবি সেঁটে দেওয়ারও জায়গা রাখা হয়েছে। অতএব, কোটি কোটি ভোটার রঙিন ছবি তুলেছেন লাইন দিয়ে। পরে জানানো হল, ছবি না দিলেও চলবে। ফর্ম বিলি হয়েছে বাংলা এবং ইংরেজি ভাষায়। কিন্তু পূরণ করা হবে কোন ভাষায়? এই প্রশ্নে ভোটাররা এখনও ধন্দে। কারণ একেক অঞ্চলের বিএলও একেক রকম নিদান শুনিয়েছেন। সব মিলিয়ে এসআইআর এক ভয়াবহ যন্ত্রণার নাম এখন। এই যন্ত্রণা থেকে মানুষ যখন প্রাপণে মুক্তি খুঁজছে, ঠিক তখন সামনে এল আর খবর— গণনা ফর্মে ভোটারের ভরা সব তথ্য উঠছে না সার্ভারে। কারণ, 'বিএলও অ্যাপ'-এ যাবতীয় তথ্য আপলোড করার বিষয়টি বাধ্যতামূলক করেনি কমিশন। আর তাই সমস্ত তথ্য না ভরেই ফর্ম ডিজিটাইজেশন করছেন বিএলওরা। ইআরও এবং এইআরওদের তরফে এমন নির্দেশই দেওয়া হয়েছে। তাহলে এই গণনা ফর্মে ভোটারদের কাছে হাজারো তথ্য চাওয়া হল কেন? শোনা যাচ্ছে, সময় বাঁচাতেই এই কাণ্ড। মানুষের কাজ, সময়, পরিশ্রম এবং মানসিকতার কি কোনও মূল্য নেই? ভোগান্তির সমাপ্তি যে এখানেই নয়, তাও হালফ করে বলা যায়। নাগরিকদের বেশিরভাগের অতীত অভিজ্ঞতা বড়ই খারাপ। এখনও ঘরে ঘরে ভুল বানান এবং তথ্যে ভরপুর আধার ও ভোটার কার্ড (এপিক)। এমনকী একই ব্যক্তির আধার, এপিক এবং ভোটার তালিকায় অসংগতিও রয়েছে ভুরি ভুরি। এ-সবের মধ্যে কোনও ভোটারের পূরণ করা ইনিউমারেশন ফর্ম আপলোড করতে গিয়ে ভুল হয়েছে মনে হলে, বিএলওরা পুনরায় তা যাচাই করে সংশোধন করার ছাড়পত্র পেয়ে গেলেন। এছাড়াও অ্যাপে সংশ্লিষ্ট ভোটারের ম্যাপিংয়ের (শেষ এসআইআরের বছরের ভোটার তালিকায় সংশ্লিষ্ট ভোটারের নাম) ক্ষেত্রে ভুল হয়ে থাকলে তা বাতিল করা বা সংশ্লিষ্ট ভোটারকে আনম্যাপ করার ক্ষমতা থাকছে বিএলওদের হাতে। বিজেপি নেতাদের নিতানতুন গদির ব্যবস্থা করার জন্য রামা কৈবর্ত, গফুর মিয়াঁদের আর কত দাম মেটাতে হবে? — সহেলী ঘোষ, সরগুনা, কলকাতা

■ চিঠি এবং উত্তর-সম্পাদকীয় আপনিও পাঠাতে পারেন :
jagobangla@gmail.com / editorial@jagobangla.in

বাংলায় এসে বাঙালিকে হত্যা
আর মানবে নাকো বাংলা

এসআইআর নামক ধূম মাচানো শুরু হয়েছে বিহার থেকে। উপলক্ষ ছিল বিধানসভা নির্বাচন। তীব্র সমালোচনা এবং বিতর্কের মধ্য দিয়েই সম্পন্ন হয়েছে বিহারে এসআইআর। বিহারে নির্বাচন প্রক্রিয়ার মধ্যেই ধামাকা বাজিয়ে দেওয়া হয়েছে বঙ্গেও। কিছু মানুষ এমন ভয় পেয়েছেন যে একাধিক আত্মহত্যার ঘটনা পর্যন্ত ঘটে গিয়েছে এ-রাজ্যে। দায়ী নির্বাচন কমিশন ও বিজেপি। লিখছেন **দেবলীনা মুখোপাধ্যায়**

মৃত্যুমিছিল চলছে বাংলায়। গণহত্যা সংঘটিত হচ্ছে এক নয়া পদ্ধতিতে। পদ্ধতিটির নাম এসআইআর।

গত ২৭ অক্টোবর রাজ্যে এসআইআর ঘোষণা হওয়ার পর থেকে 'আতঙ্কে' অনেকের মৃত্যুর অভিযোগ উঠেছে। কেউ আত্মহত্যা করেছেন, কোথাও আবার 'আতঙ্কে' অসুস্থ হয়ে মৃত্যুর অভিযোগ প্রকাশ্যে এসেছে।

মরছে হিন্দু-মুসলমান উভয় সম্প্রদায়ের মানুষ। দরিদ্র, অর্ধশিক্ষিত কিংবা অশিক্ষিত, এবং অসহায়। বিজেপি ও তার শাখা সংগঠনের স্বীকৃতি পাওয়া নির্বাচন কমিশনের এসআইআর নিয়ে নতুন নতুন ছমকির জেরে এই মৃত্যুমিছিল।

যেমন, বৃহস্পতিবার আত্মহত্যার চেষ্টা করলেন ৬৩ বছরের এক প্রৌঢ়।

ওই প্রৌঢ়ের নাম অশোক সর্দার। বেলঘরিয়ার কামারহাটি পুরসভার অন্তর্গত প্রফুল্লনগর এলাকার বাসিন্দা অশোক পেশায় রিকশাচালক। অশোকের পরিবারের দাবি, ওই এলাকায় দীর্ঘদিন ধরে থাকছেন তাঁরা। কোনও কারণে ২০০২ সালের ভোটার তালিকায় অশোকের নাম পাওয়া যায়নি, যদিও ওই ব্যক্তির মায়ের নাম সেই তালিকায় ছিল। কিন্তু সেই নামের বানান ভুল ছিল। পরিবার সূত্রে খবর, রাজ্যে এসআইআর ঘোষণা হওয়ার পর থেকেই আতঙ্কিত হয়ে পড়েন অশোক। এ বার কী হতে চলেছে, দেশ থেকে তাড়িয়ে দেওয়া হবে কি না, এ-সব নিয়ে সারাদিন চিন্তিত থাকতেন। সেই আতঙ্ক থেকেই চলন্ত ট্রেনের সামনে ঝাঁপ দিয়ে আত্মহত্যার চেষ্টা তাঁর। এমনটাই পরিবারের দাবি।

শুধু সাধারণ মানুষ নন, এখনও পর্যন্ত দুই বিএলও-রও মৃত্যু হয়েছে। অভিযোগ, এসআইআরের কাজের চাপই মৃত্যুর কারণ।

শুধু বাংলায় নয়, বিন রাজ্যেও মরছে বাঙালি।

যেমন, শেরফুল শেখ। তিনি মুর্শিদাবাদের নওদা ব্লকের বালি-২ গ্রাম পঞ্চায়েতের শ্যামনগর গ্রামের বাসিন্দা। কর্মসূত্রে তিনি থাকতেন বেঙ্গালুরুতে। পরিবারের অভিযোগ, এসআইআর প্রক্রিয়া শুরুর পর থেকেই আতঙ্কিত ছিলেন শেরফুল। তিনি এই সংক্রান্ত বিষয়ে বহু ভিডিও দেখতেন সোশ্যাল মিডিয়ায়। তাতে আতঙ্ক আরও বেড়েছিল তাঁর। স্থানীয় বিএলও-কে প্রায়ই ফোন করে এসআইআর নিয়ে খবর নিতেন

শেরফুল। শেরফুল নাকি বারবার বিএলও-কে বলেছিলেন, তাঁকে বাংলাদেশে পাঠিয়ে দেওয়া হবে? সেই বিএলও অবশ্য বারংবার তাঁকে আশ্বস্ত করার চেষ্টা করেছিলেন।

এরই মাঝে বুধবার নাকি শেরফুলের বৃকে ব্যথা শুরু হয়। তাঁকে সেখানে হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকেরা শেরফুলকে মৃত বলে ঘোষণা করেন। এরপর তাঁর পরিবার অভিযোগ করেছে, এসআইআর আতঙ্কের কারণে প্রাণ গিয়েছে শেরফুলের।

১৭ নভেম্বর কলকাতার পূর্ব পুটিয়ারিতে নিজের গায়ে আগুন দিয়ে আত্মঘাতী হন



যমুনা মণ্ডল নামে এক বৃদ্ধা। বৃদ্ধার ছেলে মৃত্যুঞ্জয় মণ্ডল বলেন, এসআইআর নিয়ে তাঁর মা দৃষ্টান্ত্য ছিলেন। আগে থেকে নার্ভেরও সমস্যা ছিল তাঁর। এই আবহে ১৫ নভেম্বর অনুমারেশন ফর্ম পান বৃদ্ধা। তারপরও তাঁর মা আতঙ্কে ছিলেন বলে দাবি মৃত্যুঞ্জয়ের। এই পরিস্থিতিতে ১৭ তারিখ গায়ে আগুন দেন বৃদ্ধা। তাঁকে এমআর বাড়ুর হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে মৃত্যু হয় তাঁর।

১৭ নভেম্বর দক্ষিণ দমদমেও বৈদ্যনাথ হাজরা, বয়স ৪৬ বছর, এসআইআর আতঙ্কে আত্মহত্যা করেন। ২০০২ সালের ভোটার তালিকায় তাঁর নাম ছিল না দক্ষিণ দমদম পৌরসভার ৯ নম্বর ওয়ার্ডের আরএন গুহ রোডের ওই বাসিন্দার। গত ১৫ নভেম্বর মোবাইল ফোন বাড়িতে রেখে বেরিয়ে গিয়েছিলেন তিনি। পরে তাঁর বুলন্ত দেহ উদ্ধার হয়।

গত ১৯ নভেম্বর, 'এসআইআর-আতঙ্কে' আত্মহত্যার ঘটনা ঘটে উত্তর ২৪ পরগনার বাদুড়িয়ায়। সরকারি নথিতে ভুল থাকায় আতঙ্কগ্রস্ত হয়ে পড়েছিলেন ৫৭ বছরের শফিকুল মণ্ডল। এসআইআর হলে

দেশ ছাড়তে হবে, এই ভয়ে কয়েক দিন ধরে কিছু মুখেই তোলেননি প্রৌঢ়। তার পরেই নিজেকে শেষ করে দেন তিনি।

এ-বার 'এসআইআর-আতঙ্কে' আত্মহত্যার ঘটনা উত্তর ২৪ পরগনার বাদুড়িয়ায়। মৃতের পুত্রের দাবি, সরকারি নথিতে ভুল থাকায় আতঙ্কগ্রস্ত হয়ে পড়েছিলেন ৫৭ বছরের শফিকুল মণ্ডল। এসআইআর হলে দেশ ছাড়তে হবে, এই ভয়ে গত কয়েক দিন ধরে কিছু মুখেই তোলেননি প্রৌঢ়। তার পরেই নিজেকে শেষ করে দিয়েছেন তিনি। বুধবার প্রৌঢ়ের মৃত্যুতে শোরগোল বাদুড়িয়ার যদুরহাটি এলাকায়।

শফিকুলের পরিবারের দাবি, কয়েক পুরুষ ধরে তারা বাদুড়িয়া তথা বাংলার বাসিন্দা। প্রথম স্ত্রী মারা যাওয়ার পরে শফিকুল দ্বিতীয় বিয়ে করেন। কিন্তু দ্বিতীয় পক্ষের স্ত্রীর পরিচয়পত্রে যে বয়স দেওয়া হয়েছে, তার ব্যবধান প্রথম পক্ষের সন্তানদের সঙ্গে কম। এ নিয়ে প্রশ্ন উঠেছিল। কীভাবে ওই নথি ঠিক করবেন বা ভুল সংশোধন করবেন, বুঝে উঠতে পারছিলেন স্বল্পশিক্ষিত মানুষটি। ছেলের দাবি, গত ১৫ দিন ধরে নানা জায়গায় ছোট্টাছুটি করেছেন বাবা। কিন্তু কাজ হয়নি। ভয় পেয়ে গিয়েছিলেন শফিকুল। মঙ্গলবার সবার নজর এড়িয়ে বাড়ির অদূরে একটি নির্জন জায়গায় গিয়ে বিষ খান শফিকুল।

আগেও তো এসআইআর রাজ্যে হয়েছে, তখন তো এসব হয়নি। এমন কথা অনেকেরই বলছেন। কিন্তু এবারের এসআইআর-এ শুধু ভোটার তালিকায় ভোটারদের নামের সংযোজন বিয়োজন নয়, যোগ করা হয়েছে আর একটা কার্যক্রম। বিদেশি চিহ্নিতকরণ। আর সেটি যাতে রাজনৈতিক উদ্দেশ্যে বিজেপি ব্যবহার করতে পারে সেজন্য অ্যাপে সংশ্লিষ্ট ভোটারের ম্যাপিংয়ের (শেষ এসআইআরের বছরের ভোটার তালিকায় সংশ্লিষ্ট ভোটারের নাম) ক্ষেত্রে ভুল হয়ে থাকলে তা বাতিল করা বা সংশ্লিষ্ট ভোটারকে আনম্যাপ করার ক্ষমতা থাকছে বিএলওদের হাতে। এমন অপশনে এবার যোগ্য ভোটারদের আনম্যাপ করে দেওয়ার ক্ষমতা ভুলে দেওয়া হল।

বোঝাই যাচ্ছে, বিজেপি কী চাইছে। অবিলম্বে এসআইআর-এর জালিয়াতি বন্ধ হোক।

জোকো-মাবেরহাট রুটের পার্পল লাইনে এবার শনিবারও যাত্রীদের জন্য থাকবে মেট্রো পরিষেবা। ২২ নভেম্বর থেকে পার্পল রুটে সপ্তাহে ছ'দিন মেট্রো চলবে। এতদিন শনি ও রবিবার এই রুটে মেট্রো বন্ধ থাকত

জয়েন্ট এন্ট্রাসের সফল প্রার্থীদের শুভেচ্ছা মুখ্যমন্ত্রীর

প্রতিবেদন : বাংলায় নতুন প্রজন্মের স্বাস্থ্য পরিষেবার যোদ্ধারা প্রস্তুত! জেইই-তে সফল প্রায় ১ লক্ষ ছাত্রছাত্রীর চলছে কাউন্সেলিং। ANM, GNM-সহ বিভিন্ন নার্সিং ও প্যারামেডিক্যাল কোর্সে ভর্তি হয়ে তাঁরা বাংলার স্বাস্থ্যব্যবস্থাকে আরও শক্তিশালী করার জন্য তৈরি হচ্ছেন। ভবিষ্যতের নার্সিং ও প্যারামেডিক্যাল পেশাদারদের এই মর্মে শুভেচ্ছা জানানেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এক্স হ্যান্ডলে তিনি লিখলেন— এবার লাখখানেক তরুণ-তরুণী রাজ্য জয়েন্ট এন্ট্রাস-এর বিভিন্ন পরীক্ষায় সফলভাবে পাশ করে এই মুহূর্তে কাউন্সেলিং-এর মধ্য দিয়ে যাচ্ছেন, নার্সিং ও প্যারামেডিক্যাল শিক্ষার নানা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার জন্য। আমি এই প্রায় এক লক্ষ সফল তরুণ-তরুণীকে ও তাদের শিক্ষক-শিক্ষিকা তথা অভিভাবক-অভিভাবিকাদের অভিনন্দন ও শুভেচ্ছা জানাই। ANM, GNM ইত্যাদি পেশায় এই সফল পরীক্ষার্থীরা যুক্ত হবেন বাংলার স্বাস্থ্য ক্ষেত্রে আরও দক্ষ ও কুশলী করার উদ্দেশ্যে। পেশাগত শিক্ষা, লক্ষ্য চাকরি এবং রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থার উন্নতি এই ভাবেই পরস্পরের সঙ্গে যুক্ত হচ্ছে।



স্বচ্ছতা বজায় রাখতে তিন দফায় নথি যাচাই

প্রতিবেদন : নিয়োগের ক্ষেত্রে স্বচ্ছতা বজায় রাখতে আরও সতর্ক প্রাথমিক শিক্ষা পর্যদ। বিজ্ঞপ্তি দিয়ে জানানো হয়েছে তিন দফায় নথি যাচাই করবে পর্যদ। আঞ্চলিক বা জেলাভিত্তিক নয় বরং নথি যাচাই পর্ব হবে কেন্দ্রীয়ভাবে। পর্যদ সূত্রে খবর, ১৩,৪২১টি শূন্য পদের জন্য ডিসেম্বর থেকেই শুরু হবে ইন্টারভিউ

প্রাথমিকে নিয়োগ

প্রক্রিয়া। তার আগে হবে নথি যাচাই। এই নথি যাচাই এবং ইন্টারভিউ প্রক্রিয়া পুরোটাই ডিডিওগ্রাফি করে সংরক্ষণ করা হবে। অনেক সময় দেখা যাচ্ছে আবেদনকারী অনেক অসত্য তথ্য দিচ্ছে। সেক্ষেত্রে নতুন যাচাইয়ের সময় এইরকম কিছু ধরা পড়লে তার বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেওয়া হবে। ইন্টারভিউ বোর্ডে যে বিশেষজ্ঞেরা কোনও প্রার্থীকে কত নম্বর দিলেন তা সরাসরি সার্ভারের মাধ্যমে আপলোড করা হবে।



■ মার্চেন্ট চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ-এর উদ্যোগে শহরের এক হোটেলে 'রি ইমার্জেনিং নেস্ট' জেন ইনফ্রাস্ট্রাকচার গ্রুপ স্মার্ট ইনকুসিভ অ্যান্ড সাসটেইনেবল ডেভলপমেন্ট' শীর্ষক আলোচনা সভায় কলকাতার মেয়র ও মন্ত্রী ফিরহাদ হাকিম, প্রীতি এ সুরেকা, মুনিশ বাঁঝারিয়া।

ঘরে ফেরা পরিযায়ী শ্রমিকদের জন্য এবার জেলায় জেলায় জব ফেয়ার

প্রতিবেদন : ডাবল ইঞ্জিন রাজ্যে অত্যাচারের শিকার হয়ে রাজ্যে ফিরে আসা পরিযায়ী শ্রমিকদের সরাসরি চাকরির সুযোগ করে দিতে এবার জেলায় জেলায় জব ফেয়ার বা চাকরি মেলায় আয়োজন করবে রাজ্য সরকার। নিকটবর্তী কল-কারখানায় শূন্যপদ চিহ্নিত করে সেই অনুযায়ী শ্রমিকদের উপযুক্ত কাজে যুক্ত করাই এই উদ্যোগের লক্ষ্য। জব ফেয়ার থেকেই নতুন কর্মস্থলের শংসাপত্র তুলে দেওয়া হবে তাঁদের হাতে। প্রতিটি জেলা প্রশাসন ইতিমধ্যেই এই মেলার প্রস্তুতি শুরু করেছে বলে শ্রম দফতর সূত্রে জানা গিয়েছে। কোন জেলায় কোন সংস্থা বা কারখানায় শূন্যপদ রয়েছে, তা চিহ্নিত করেছে শ্রম



দফতর। সেই অনুযায়ী জেলায় জেলায় জব ফেয়ার করে কল-কারখানার প্রতিনিধিদের উপস্থিতিতে শ্রমিকদের হাতে সরাসরি শংসাপত্র তুলে দেওয়ার পরিকল্পনা নেওয়া হয়েছে। শীঘ্রই এ সংক্রান্ত বিস্তারিত প্রস্তাব মুখ্যমন্ত্রীর দফতরে পাঠানো হবে। ডাবল ইঞ্জিন রাজ্যে অত্যাচার-সম্ভ্রাসের

রবিবার ফের ৮ ঘণ্টা বন্ধ দ্বিতীয় ভূগলি সেতু

প্রতিবেদন : আগামী রবিবার অর্থাৎ ২৩ নভেম্বর বন্ধ থাকবে বিদ্যাসাগর সেতু। সকাল ৬টা থেকে ২টো পর্যন্ত ৮ ঘণ্টা কোনও যান চলাচল করবে না। রক্ষণাবেক্ষণের কাজের জন্য এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ব্রিজ বন্ধ থাকার কারণে বিকল্প রুট জানিয়েছে পুলিশ। লালবাজারের তরফে জারি করা এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে এজেন্সি বোস রোড থেকে



যে গাড়িগুলো আসবে সেগুলোকে টার্মি ভিউ থেকে রেড রোড-হেস্টিংস ক্রসিং হয়ে ঘুরিয়ে দেওয়া হবে। ওই গাড়িগুলি হাওড়া ব্রিজ বা খিদিরপুরের দিকে কেপি রোড ধরতে পারবে। খিদিরপুর-সিজিআর রোড থেকে সেতুর দিকে যাওয়া সব গাড়িকে হেস্টিংস ক্রসিং থেকে বার্ষিক দিয়ে ঘুরিয়ে সেন্ট জাভেস গেট রোড-স্ট্যান্ড রোড-হাওড়া ব্রিজ রুটে পাঠানো হবে। হেস্টিংস, সিজিআর রোড, স্ট্যান্ড রোড-সহ গুরুত্বপূর্ণ মোড়ে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হবে। ওয়াই পয়েন্টে র‍্যাম্প দিয়ে বিদ্যাসাগর সেতুতে যাওয়া কেপি রোডের সকল ধরনের যানবাহন ওয়াই থেকে ডাইভার্ট করা হবে। হাওড়া ব্রিজের জন্য কেপি রোডের পয়েন্ট এলওয়ান ফার্মিং গেটের দিকে যাবে। প্রসঙ্গত, গত রবিবার বন্ধ ছিল বিদ্যাসাগর সেতু। বিকল্পপথে যান চলাচলের বিজ্ঞপ্তি দিয়ে সেই কথা জানিয়ে দিয়েছিল কলকাতা পুলিশ।

প্রকৃত ভোটারের নাম বাদ দেওয়ায় বাধা, তৃণমূলের উপর হামলা বিজেপির

প্রতিবেদন : তালিকা থেকে বৈধ ভোটারদের নাম বাদ দিতে না পেরে তৃণমূলের বিএলএ ২-এর দুই কর্মীর ওপর হামলা চালালো বিজেপি। বুধবার ঘটনাটি ঘটেছে পূর্ব মেদিনীপুরের ভগবানপুর ১, জলিবাড়ি ৩৮ নম্বর বুথে। বিজেপির গুন্ডাদের হামলায় জখম তৃণমূলের দুই বিএলএ ২-কে হাসপাতালে ভর্তি করতে হয়েছে। এই ঘটনার তীব্র নিন্দা করেছে তৃণমূল কংগ্রেস। দোষীদের অবিলম্বে গ্রেফতারের দাবি জানিয়ে দলের রাজ্য সাধারণ সম্পাদক ও মুখপাত্র কুণাল ঘোষ বলেন, এসআইআর পর্বে ভগবানপুরে প্রকৃত ভোটারের নাম বাদ দিতে গেলে পবিত্রকুমার সাউ এবং দেবব্রত মাইতি

তৃণমূলের দুই বিএলএ ২ বাধা দেন। সরে যেতে বলেন ওদের। এরপরই দলবল নিয়ে হরিপদ দাস (দুর্গাপুর গ্রাম পঞ্চায়েত), বাবুলাল কান্দার (জলিবাড়ি গ্রাম পঞ্চায়েত), নির্মল দাস (ভগবানপুর গ্রাম পঞ্চায়েত)-সহ আরও অনেকে মিলে হামলা করে। মারধরে জখম পবিত্রকুমার তমলুক জেলা হাসপাতাল ও দেবব্রতকে ভগবানপুর গ্রামীণ হাসপাতালে ভর্তি করা হয়েছে। কুণাল কটাক্ষ করে বলেন, বিধানসভার বিরোধী দলনেতা ওখানে চলাফেরা করেন। কিন্তু সেখানেই বিজেপির এই করুণ দশা। প্রকৃত নাম বাদ দিতে না পারে তৃণমূলের ওপর হামলা করছে বিজেপি।

শহরে নয়া পরিবেশবান্ধব ডগপাউন্ড

প্রতিবেদন : এবার পথকুকুরদের জন্য ডগপাউন্ড ও তাদের জন্মনিয়ন্ত্রণ নিয়ে প্রশ্ন উঠল কলকাতা পুরসভায়। জবাবে স্বাস্থ্যবিভাগের মেয়র পারিষদ অতীন ঘোষ জানান, খুব শিগগিরই কলকাতায় একটি পরিবেশবান্ধব ডগপাউন্ড গড়ে তোলা হবে। উপযুক্ত জায়গার সন্ধান চলছে। বৃহস্পতিবার ধাপার কাছে জমি দেখতে যাওয়ার কথা

মোট ২৮০টি পথকুকুরের থাকার ব্যবস্থা রয়েছে। রাস্তাঘাটে কোথায় কোথায় পথকুকুরদের খাবার খাওয়ানো যাবে, তার নিয়ে সুপ্রিম কোর্ট একটি রূপরেখা তৈরির নির্দেশ দিয়েছে। পুরসভা সেই নির্দেশ মোতাবেক ১৪৪টি ওয়ার্ডে ৪৫০টি ডাইনিং প্লেস চিহ্নিত করে সাংকেতিক চিহ্ন লাগানোর ব্যবস্থা শুরু করেছে। কলকাতা পুরসভার

ডিসেম্বর থেকে স্টেরিলাইজেশন ক্যাম্প

রয়েছে পুরসভার পশুর জন্ম নিয়ন্ত্রণ কমিটির সদস্যদের। ডিসেম্বর মাসের মধ্যে ১৪৪টি ওয়ার্ডে পথকুকুরদের স্টেরিলাইজেশনের জন্য ক্যাম্প শুরু হচ্ছে। বুধবার পুরসভার মাসিক অধিবেশনে শহরের কুকুরদের জন্য শেল্টার ও পুর-স্বাস্থ্যকেন্দ্রগুলিতে অ্যান্টির‍্যাবিস ভ্যাকসিনেশন সম্পর্কে জানতে চেয়ে প্রশ্ন করেন কাউন্সিলর রূপক গঙ্গোপাধ্যায়। উত্তরে অতীন ঘোষ বলেন, শহরাঞ্চলে ডগপাউন্ড গড়ে তোলার ক্ষেত্রে জায়গার অভাব রয়েছে। ইতিমধ্যেই কলকাতার দুটি জায়গায় ডগপাউন্ড গড়ে তোলা হয়েছে। দুটি মিলিয়ে

১১টি অ্যান্টির‍্যাবিস ভ্যাকসিনেশন সেন্টার চালু আছে শহরে। ইতিমধ্যেই ৩০ হাজার মানুষকে ভ্যাকসিন দেওয়া হয়েছে। গত ৫ বছরে কলকাতায় র‍্যাবিসে মৃত্যুর সংখ্যা শূন্য। পথকুকুরদের নিয়ে কাউন্সিলর বিশ্বরূপ দে'র প্রশ্নাবের উত্তরে অতীন বলেন, ২০০৭ সালে এক সমীক্ষায় দেখা গিয়েছিল, কলকাতা পুর-এলাকায় পথকুকুরের সংখ্যা ৫৫ হাজার। বর্তমানে কলকাতায় যে ডগপাউন্ডগুলি আছে, তার অবস্থাও খুব ভাল নয়। পথকুকুরদের নিয়ন্ত্রণের ক্ষেত্রে আমাদের অনেক খামতি আছে ঠিকই। কিন্তু আমাদের যে পরিকাঠামো আছে, তা ভারতের অন্য কোনও শহরে নেই।

এই সপ্তাহেই নবম-দশমের ফল প্রকাশ

প্রতিবেদন : ইতিমধ্যেই ফল প্রকাশ হয়ে নথি যাচাই শুরু হয়ে গিয়েছে একাদশ ও দ্বাদশ শ্রেণির শিক্ষক নিয়োগের জন্য। আগামী ২৬ নভেম্বর থেকে শুরু হবে ইন্টারভিউ প্রক্রিয়া। এবার প্রকাশিত হতে চলেছে নবম-দশমের ফল। এসএসসি সূত্রে জানা গিয়েছে, দ্রুত ফল প্রকাশ করার জন্য কাজ চলছে। এই সপ্তাহে না হলেও আগামী সোমবারের মধ্যেই ফল প্রকাশ করে দেওয়া হবে। এই মুহূর্তে যেহেতু একাদশ ও দ্বাদশের নথি যাচাই পর্ব চলছে, একইসঙ্গে রয়েছে ইন্টারভিউ প্রক্রিয়া তাই সব মিলিয়ে নাজেহাল অবস্থা এসএসসির। সেই কারণেই যুদ্ধকালীন তৎপরতায় কাজ করে প্রকাশ করা হবে নবম-দশমের ফল। নবম-দশমে শূন্য পদের সংখ্যা ২৩,২১২। একাদশ দ্বাদশের মতোই প্রকাশিত হবে ৬০ নম্বরের লিখিত পরীক্ষার ফল। প্রত্যেক ক্যান্ডিডেট জানতে পারবেন যে, লিখিত পরীক্ষায় কে কত নম্বর পেয়েছেন।

আগাম জামিন চেয়ে আবেদন

প্রতিবেদন : আগাম জামিন চেয়ে বারাসত জেলা আদালতের দ্বারস্থ হলেন রাজগঞ্জের বিডিও প্রশান্ত বর্মণ। ইতিমধ্যে আইনজীবী মারফত তিনি আগাম জামিনের আবেদন করেছেন বলে খবর আদালত সূত্রে। স্বর্ণব্যবসায়ী স্বপন কামিল্যা হত্যাকাণ্ডে নাম জড়িয়েছে জলপাইগুড়ির রাজগঞ্জের এই বিডিওর। যদিও খুনের ঘটনার সঙ্গে তাঁর যোগ থাকার কথা বারবারই অস্বীকার করেছেন বিডিও।

শীত ফিরবে ডিসেম্বরেই

প্রতিবেদন : নভেম্বরে উষ্ণ ও শীতের আমেজ। বঙ্গোপসাগরে নতুন করে তৈরি হচ্ছে ঘূর্ণবর্ত। যা নিম্নচাপ থেকে গভীর নিম্নচাপে পরিণত হবে। এর জেরেই গায়েব হচ্ছে শীতের আমেজ। রবিবার পর্যন্ত তাপমাত্রা এক ধাক্কা ২ থেকে ৩ ডিগ্রি সেলসিয়াস বাড়বে। আবহাওয়া দফতর বলছে, শীত ফিরবে ডিসেম্বরের প্রথম সপ্তাহের পর। অর্থাৎ নভেম্বর কাটবে এই গরমেই। তবে কুয়াশার দাপটে দেখা যাবে সকালের দিকে। এর জেরেই কমবে দৃশ্যমানতা। ভোর ও রাতে ঠান্ডার শিরশিরানির বদলে অনুভূত হবে গরম আর অস্বস্তি।



বিশ্ব শিশুদিবসে নীল আলোয় সেজে
উঠেছে শহরের একাধিক ভবন

মেট্রোয় ফের মরণঝাঁপ দুর্ভোগে যাত্রীরা

প্রতিবেদন : ফের মেট্রোয় মরণঝাঁপ। ভরদুপুরে থমকে গেল কলকাতা মেট্রোর চাকা। ব্লু লাইনে প্রায় ঘণ্টাখানেক ভাঙাপথে চলল মেট্রো। বৃহস্পতিবার দুপুর তিনটে নাগাদ কুঁদঘাট এলাকার নেতাজি স্টেশনে আপ লাইনে এক ব্যক্তি চলন্ত ট্রেনের সামনে ঝাঁপ দিয়ে আত্মহত্যার চেষ্টা



করেন। এরপরই ব্লু লাইনের একটা বিরাট অংশে মেট্রো চলাচল পুরোপুরি বন্ধ করে দেয় কর্তৃপক্ষ। একেবারে শহিদ ক্ষুদিরাম থেকে রবীন্দ্র সদন পর্যন্ত আপ ও ডাউন লাইনে মেট্রো পরিষেবা পুরোপুরি বন্ধ করে দেওয়া হয়। শুধুমাত্র দক্ষিণেশ্বর থেকে ময়দান পর্যন্ত মেট্রো চলাচল স্বাভাবিক ছিল। ভরদুপুরে এভাবে মেট্রো বন্ধ হয়ে যাওয়ায় চরম ভোগান্তির শিকার হন সাধারণ মানুষ। স্কুল-কলেজ ফেরত যাত্রীরা মেট্রো স্টেশনের বাইরে এসে ফ্লোড উগরে দেন কর্তৃপক্ষের বিরুদ্ধে। প্রায় ঘণ্টাদেড়েক পরে আবার স্বাভাবিক হয় পরিষেবা।

১৪ বছরের কারাবাস শেষেও বন্দি শকুন্তলা

প্রতিবেদন : ২০১১ সালে তাত্ক্ষণিক রাগের বশে মাকে খুন করেন শকুন্তলা লামচানি। তার জেলে ১৪ বছরের কারাবাসের শাস্তি হয় তাঁর। কিন্তু মেদিনীপুর সংশোধনগারে সাজার মেয়াদ শেষ করার পরও জেল থেকে মুক্তি পাচ্ছেন না তিনি। কারণ, মহিলার পরিবারের কোনও খোঁজ নেই। মাকে খুন করেছিলেন, বাবাও মারা গিয়েছেন। ভারতীয় সেনাবাহিনীতে কর্মরত স্বামী ও ছেলে-মেয়ের ঠিকানা নেই। তাই গত জুন মাসে কারাবাসের মেয়াদ শেষ হওয়ার পর শকুন্তলাকে দমদম কেন্দ্রীয় সংশোধনগারে স্থানান্তর করা হলেও জেলমুক্তি হয়নি। তাঁকে পরিবারের কাছে পৌঁছে দেওয়ার উদ্যোগ নিয়েছে হ্যাম রেডিওর ওয়েস্ট বেঙ্গল রেডিও ক্লাব। জানা গিয়েছে, শকুন্তলার স্বামী বর্তমানে ব্যঙ্গালুরুতে পোস্টেড। নাবালক ছেলে বড় হয়ে এখন দুবাইতে হোটেল কাজ করেন। মেয়েরও বিয়ে হয়ে গিয়েছে। স্বামীকে খবর দেওয়া হয়েছে। তিনি ফিরলেই শকুন্তলার জেলমুক্তির প্রক্রিয়া শুরু হবে।

১৫ বছরের পুরনো বাণিজ্যিক যান নিয়ে গাইডলাইন রাজ্যের

প্রতিবেদন : ১৫ বছর পেরোনো বাণিজ্যিক যানবাহন চলাচল নিয়ে কলকাতা হাইকোর্টের রায়ের প্রেক্ষিতে পরিবহণ দফতর এই বিষয়ে নতুন গাইডলাইন প্রকাশ করেছে। দফতরের এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, সংশ্লিষ্ট গাড়ির ফিটনেস শংসাপত্র এবং দূষণ নিয়ন্ত্রণ শংসাপত্র বৈধ থাকলে ১৫ বছর বয়স হওয়া বাসও চলতে পারবে। কলকাতা মহানগর এলাকায় নথিভুক্ত বাসগুলির ক্ষেত্রে ১৫ বছর পূর্ণ হওয়ার পর থেকে বছরে দু'বার ফিটনেস ও দূষণ পরীক্ষার বাধ্যবাধকতা থাকবে। মহানগর এলাকার বাইরে নিবন্ধিত বাসগুলির ক্ষেত্রে বছরে একবার পরীক্ষাই যথেষ্ট হবে। বাসমালিক সংগঠন সিটি সাবার্বান



বাস সার্ভিসের সাধারণ সম্পাদক টিটো সাহা জানিয়েছেন, রাজ্য সরকারের এই সিদ্ধান্তে উপকৃত হবেন বাসমালিকরা। এতে রাস্তায় বাসের ঘাটতি অনেকটাই কাটিবে বলে তাঁর মত।

এই সিদ্ধান্তের নেপথ্যে রয়েছে সাম্প্রতিক রায়— যেখানে বলা হয়েছে, ১৫ বছর বয়স হলেও যদি কোনও বাণিজ্যিক যানবাহন কঠোর ফিটনেস এবং নির্গমন মানদণ্ডে উত্তীর্ণ হয়, তবে তা রাস্তায় চলতে দেওয়া যাবে। পেট্রল ও ডিজেল— দুই ধরনের স্টেট ক্যারেজ বাসের ক্ষেত্রেই এই নির্দেশ প্রযোজ্য।

কলকাতা-নিবন্ধিত বাসগুলির শংসাপত্রের আবেদন জমা দিতে হবে অতিরিক্ত পরিচালক (কলকাতা জোন)-এর দফতরে। মহানগরের বাইরে নিবন্ধিত বাসগুলির আবেদন যাবে জেলাশাসক ও আঞ্চলিক পরিবহণ কর্তৃপক্ষের চেয়ারম্যানের কাছে। প্রতিটি আবেদন আলাদাভাবে খতিয়ে দেখে যাচাই-বাছাইয়ের পর যুক্তিসঙ্গত আদেশ দিতে হবে কর্তৃপক্ষকে। শহরতলির বাসমালিক সংগঠনের প্রতিনিধি টিটো সাহা জানিয়েছেন, বাসের বয়স নয়, তার অবস্থা ঠিক করবে কবে সেটাকে বসিয়ে দেওয়া হবে। এই যুক্তিই হাইকোর্টে তুলে ধরা হয়েছিল। রাজ্য সরকারের অবস্থান সেই

যুক্তিকে সমর্থন করায় উপকৃত হবেন বাসমালিকরা। এতে রাস্তায় বাসের ঘাটতি অনেকটাই কাটিবে বলে তাঁর মত।

প্রথম ফিটনেস পরীক্ষার খরচ ১২ হাজার ৫০০ টাকা এবং দ্বিতীয় পরীক্ষার খরচ ৫৭০ টাকা। বৈধ দূষণ নিয়ন্ত্রণ শংসাপত্র জমা দেওয়ার পরেই শংসাপত্র দেওয়া হবে। এদিকে, বয়সজনিত নিষেধাজ্ঞার কারণে যারা বাস বদলের জন্য আগে থেকেই আবেদন করেছিলেন, তাঁদের কেউ কেউ এখন আবেদন প্রত্যাহারের কথা ভাবছেন। তবে বাস রাখার বিষয়ে আরও কী নির্দেশ দেবে রাজ্য, তা জানতে আগ্রহী মালিকরা।



■ শিশুদের অধিকার রক্ষা তাদের যথাযথ নিরাপত্তার ব্যবস্থা করা এই বিষয়ে যে সমস্ত সংস্থা কাজ করে, অথবা শিশুদের নিয়ে তথ্যচিত্র তৈরি করে এমন সংস্থাকে শিশুশ্রী মিডিয়া আওয়ার্ডে সম্মানিত করে রাজ্য সরকার। সম্প্রতি সেই পুরস্কার বিতরণী অনুষ্ঠান হল আন্তর্জাতিক শিশু অধিকার দিবসের দিন। এই অনুষ্ঠানে আকাশবাণী পেল শিশুশ্রী সম্মান। মূলত শিশুদের উপর হওয়া শারীরিক এবং মানসিক নির্যাতনের বাস্তব চিত্রকে তুলে ধরেছে অডিও ডকুমেন্টারি ঝরা শৈশব। এই তথ্যচিত্রের জন্যই পুরস্কার দেওয়া হল আকাশবাণীকে।

পরমব্রতদের একসঙ্গে কাজের বার্তা স্বরূপের

প্রতিবেদন : কেউ ভুল স্বীকার করে ফিরে এলে তাঁকে কাছে টেনে নিতে হয়। এটা মেনে নিয়েই পরমব্রত চট্টোপাধ্যায়কে কাছে টেনে নিলেন ফেডারেশন সভাপতি স্বরূপ বিশ্বাস। তার আগে প্রথমে ফেডারেশনকে ই-মেইল করে, তারপর স্যোশাল মিডিয়ায় ভিডিও পোস্ট করে পরমব্রত জানিয়ে দেন পরিচালক, প্রযোজক, ফেডারেশনের সমস্যা আলোচনা করে মিটিয়ে নেওয়া উচিত। এটা নিয়ে আদালতে যাওয়াটা ঠিক হয়নি। পরম-বার্তার পরেই স্বরূপ বিশ্বাস জানান, পরিচালক পরমব্রতর সঙ্গে একসঙ্গে কাজের চলার সিদ্ধান্ত নিয়েছে ফেডারেশন। কয়েকমাস আগে টেকনিশিয়ান ফেডারেশনের বিরুদ্ধে একাধিক অভিযোগে কলকাতা হাইকোর্টে মামলা করেন টলিউডের ১৩ জন পরিচালক। তালিকায় ছিলেন বিদুলা ভট্টাচার্য, অনিবার্ণ ভট্টাচার্য, পরমব্রত চট্টোপাধ্যায়, ইন্দ্রনীল রায়চৌধুরী, সুদেষ্ণা রায়, সুরত সেন-সহ আরও অনেকে।

বিনিয়োগে জালিয়াতি গুজরাত থেকে ধৃত ৪

প্রতিবেদন : দু'বছরের দুটি বিনিয়োগে জালিয়াতির অভিযোগ। বিধাননগর সাইবার ক্রাইম থানার তদন্তকারী আধিকারিকরা অভিযান চালিয়ে গুজরাতের সুরাত ও আহমেদাবাদ থেকে ৪ অভিযুক্ত চক্রীকে গ্রেফতার করেছেন। তাদের বিরুদ্ধে একাধিক ব্যাঙ্ক অ্যাকাউন্টে প্রচুর হিসেব-বহির্ভূত আর্থিক লেনদেনের অভিযোগ রয়েছে। প্রথমে, ২০২৪ সালের মে মাসের একটি এফআইআর-এর তদন্তে বিশাল প্রশ্নোত্তমভাই (৩৫), লুঙ্গারিয়া ভানুভাই (৩৫) নামে দু'জনকে গ্রেফতার করা হয়। আবার চলতি বছরের আগস্ট মাসে দায়ের করা জালিয়াতি অভিযোগের তদন্তে উদয়কুমার ভারতভাই (৩৮) এবং আশিস প্যাটেল (৪৭) নামে আরও দুই অভিযুক্তকে গ্রেফতার করা হয়েছে। গুজরাতের আদালতে পেশ করিয়ে ট্রানজিট রিমান্ডে তাদের কলকাতায় নিয়ে আসার প্রক্রিয়া চলছে।



■ ৭২তম নিখিল ভারত সমবায় সপ্তাহ উদযাপন উপলক্ষে পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় ইউনিয়ন আয়োজিত কেন্দ্রীয় সমাবেশের উদ্বোধন করেন রাজ্যের কৃষি ও পরিষদীয় বিষয়ক মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়। ছিলেন সমবায় ও পঞ্চায়েতমন্ত্রী প্রদীপ মজুমদার, রাজ্য সমবায় ইউনিয়নের সভাপতি তথা বিধায়ক স্বর্ণকমল সাহা ও সহ-সভাপতি আশিস চক্রবর্তী প্রমুখ। বৃহস্পতিবার নজরুল মঞ্চে।

হরমনপ্রীতকে ডি-লিট দিতে চায় যাদবপুর বিশ্ববিদ্যালয়

প্রতিবেদন : সম্প্রতি ভারতকে আরও একটি বিশ্বকাপ এনে দিয়েছে মহিলা ক্রিকেট দল। যার অন্যতম কৃতিত্ব অধিনায়ক হরমনপ্রীত কৌরের। এবার এই মহিলা দলের ভারতীয় অধিনায়ককে ডি-লিট সম্মানে সম্মানিত করতে চায় যাদবপুর বিশ্ববিদ্যালয়। আগামী ২৪ ডিসেম্বর সমাবর্তন অনুষ্ঠান রয়েছে বিশ্ববিদ্যালয়ে। সেই দিনই নবনিযুক্ত উপাচার্য চিরঞ্জীব ভট্টাচার্যের উপস্থিতিতে হরমনপ্রীতকে সম্মানিত করতে চায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। তাঁকে চিঠি পাঠানো হবে আমন্ত্রণ জানিয়ে। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থাকার কথা রয়েছে নোবেলজয়ী অর্থনীতিবিদ অভিজিৎ বিনায়ক বন্দ্যোপাধ্যায়, ডিআরডিও চেয়ারম্যান সমীর ভি কামাথ, শিবকুমার কল্যাণরামনের। প্রসঙ্গত, ভারত অধিনায়ক বিশ্বকাপের আট ইনিংসে ৩২.৫০ গড়ে ২৬০ রান করেছেন। যার মধ্যে সর্বোচ্চ ৮৯। দুটি অর্ধশতক রয়েছে তাঁর নামে।



ক্যাম্পাসে বিশৃঙ্খলার অভিযোগ বহিষ্কৃত যাদবপুরের চার পড়ুয়া

প্রতিবেদন : ফের শিরোনামে যাদবপুর বিশ্ববিদ্যালয়। কলা বিভাগের এক ছাত্রী ও ছাত্রের সঙ্গে অশালীন ব্যবহার এবং অশ্রাব্য কটুক্তি করার অভিযোগে ইঞ্জিনিয়ারিং বিভাগের চার ছাত্রকে ক্যাম্পাসে ঢোকায় নিষেধাজ্ঞা জারি করা হল। ঘটনার সূত্রপাত বৃহবার সন্ধ্যায়। অভিযোগ, বৃহবার সন্ধ্যাবেলায় খেলার মাঠে কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের পৃথ্বীশ দাস, সৃজন সর্দার, প্রোডাকশন ইঞ্জিনিয়ারিংয়ের ছাত্র অমিত ধীর এবং সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ছাত্র ধ্রুব মাহাতো বসে নেশা করছিল। সেই সময় কলা বিভাগের দুই ছাত্র ছাত্রী হাত ধরে যাচ্ছিল সেখান দিয়ে। তখনই ইঞ্জিনিয়ারিংয়ের ওই চার ছাত্র প্রশ্ন করে ক্যাম্পাস কি প্রেম করার জায়গা? এটা কি পার্ক? পাল্টা ওই দুই ছেলে মেয়েটি কেন এমন জিজ্ঞেস করা হচ্ছে জানতে চাইলে বাদানুবাদ শুরু হয় দুই পক্ষের মধ্যে। যা গড়ায় হাতাহাতি পর্যন্ত। তখন সৃজন সর্দার ওই মেয়েটিকে হাত মচকে দেয়। অশ্রাব্য ভাষায় কটুক্তি করে। ঘটনায় অভ্যন্তরীণ তদন্ত কমিটি গঠন করেছেন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। আগামী পাঁচদিন অভিযুক্ত চার ছাত্রকে ক্যাম্পাসে ঢুকতে নিষেধ করা হয়েছে। উপাচার্য চিরঞ্জীব ভট্টাচার্য এ প্রসঙ্গে বলেন, ক্যাম্পাসের মধ্যে মদ্যপান, ছাত্রীদের সঙ্গে অভব্য আচরণ ও মারামারি কোনও ভাবেই বরদাস্ত করা হবে না। তদন্ত কমিটি গঠন করা হয়েছে। উভয় পক্ষকে জিজ্ঞাসাবাদ করে রিপোর্ট জমা দেবে তারা। তার পর উপযুক্ত পদক্ষেপ করা হবে।

পশ্চিম চৌবাগায় বিশ্বংসী আগুন

প্রতিবেদন : বৃহস্পতিবার বিকেলে ফের অগ্নিকাণ্ড শহরে। বাসন্তী হাইওয়ের কাছে আনন্দপুরের পশ্চিম চৌবাগায় একটি বাসস্ট্যান্ডের পাশের ডাম্পিং গ্রাউন্ডে এদিন বিকেল সাড়ে তিনটে নাগাদ আগুন লাগে। কালো ধোঁয়ায় ছেয়ে আশপাশের আকাশ। খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে পৌঁছে দমকলের দুটি ইঞ্জিন সেই আগুন নিয়ন্ত্রণে আনে।

শিলিগুড়িতে উদ্ধার প্রচুর টাকা। ফের
ভিন রাজ্যের যোগ। গোপন সূত্রে পাওয়া
খবরের ভিত্তিতে হাসমিচকে শিলিগুড়ি
থানার আইসি প্রসেনজিৎ বিশ্বাস এবং
অ্যান্টি ক্রাইম উইংয়ের ওসি উদয়
চক্রবর্তীর নেতৃত্বে চলে পুলিশি অভিযান

এসআইআর নিয়ে আতঙ্কে কৃষক-পাহাড়ের বাসিন্দারা, পাশে দাঁড়িয়েছে দল ও প্রশাসন

সংবাদদাতা, বালুরঘাট ও দার্জিলিং :
আতঙ্ক, মৃত্যু, অত্যধিক মানসিক চাপ এখন
এসআইআরের অপর নাম। ভোটার
তালিকার বিশেষ নিবিড় সংশোধনের নামে
সাধারণ মানুষকে বিভ্রান্ত করার খেলায়
নেমেছে নির্বাচন। সাধারণ মানুষকে ভিটে
মাটি হারানোর উসকানি দিচ্ছে বিজেপি।
উত্তরের চা-শ্রমিক, কৃষক এবং পাহাড়ের
বাসিন্দারা পড়েছেন বিপদে। ধান কাটার
মরশুমে ব্যস্ত। কৃষকেরা আতঙ্কে থাকলে
কৃষি কাজ ব্যাহত হতে পারে। সেই দিকে



■ দক্ষিণ দিনাজপুরে চাষিদের পাশে দাঁড়িয়েছে দল। ডানদিকে, আতঙ্কিত পাহাড়বাসীদের আশ্বস্ত করছেন প্রশাসনের প্রতিনিধিরা।



লক্ষ্য রেখে দক্ষিণ দিনাজপুর জেলার বালুরঘাট ব্লকের
সীমান্তবর্তী এলাকাগুলিতে মাঠে ময়দানে নেমে প্রচার
করছে দক্ষিণ দিনাজপুর জেলা তৃণমূল কিষাণ ক্ষেত
মজদুর ইউনিয়ন। দক্ষিণ দিনাজপুর জেলার সীমান্তবর্তী
এলাকায় আবেদন পদ্ধতি, তথ্য সংগ্রহ ইত্যাদি নিয়ে
দৃষ্টিভঙ্গি রয়েছে সাধারণ মানুষ থেকে কৃষকেরা। অপর
দিকে চলছে ধান কাটার মরশুম। সকাল থেকে সন্ধ্যা
পর্যন্ত মাঠেই সময় কেটে যাচ্ছে কৃষকদের। তথ্য

সংগ্রহের সময়ে নেই বললেই চলে। সেদিকে লক্ষ্য
রেখে তৃণমূল কিষাণ ক্ষেত মজদুর ইউনিয়ন-এর
নেতৃত্বও কর্মীরা জমিতে যাচ্ছেন। তৃণমূল কিষাণ ক্ষেত
মজদুর ইউনিয়নের বালুরঘাট ব্লক সভাপতি বিপ্লব
দেবনাথ বলেন, এমুহূর্তে কৃষকদের মাঠেই পাওয়া
যাবে। তাদের সমস্ত ধরনের উদ্বেগ কাটাতে এবং পাশে
থাকতে আমরা মাঠেই যাচ্ছি। এসআইআর নিয়ে
সহযোগিতা করা হচ্ছে কৃষকদের। একইভাবে

পাহাড়ের বাসিন্দারাও রয়েছে আতঙ্কে। নিরীহ
পাহাড়বাসীরা এসবের কিছুই বুঝতে পারছেন না। কিন্তু
তাদের ঘিরে ধরেছে ভয়। কী করবেন তাঁরা? মাথার
ওপর ছাদটা চলে যাবে না তো? এই ভয় তাড়া করছে।
তবে জেলা প্রশাসনের আধিকারিকরা পাশে
দাঁড়িয়েছেন। ফর্ম-ফিলাপ করে দিচ্ছেন।
পাহাড়বাসীদের পাশে আছে প্রশাসন তা বোঝানো
হচ্ছে। খোলা হয়েছে একাধিক সহায়তা শিবিরও।



■ ছবি হাতে প্রতিবাদে মহিলারা।

নিশীথের কুরুচিকর মন্তব্য প্রতিবাদে পথে মহিলারা

সংবাদদাতা, কোচবিহার : এসআইআয়ের নামে বিজেপির
উসকানি, নির্বাচন কমিশনের বিভ্রান্তিমূলক আচরণ। এরমধ্যে
মাত্রা ছাড়াল বিজেপির প্রাক্তন হাফ মন্ত্রী নিশীথ প্রামাণিকের
কুরুচিকর মন্তব্যে। অপমানজনক মন্তব্যের প্রতিবাদে নিশীথের
ছবিতে কালি দিয়ে প্রতিবাদে পথে নামলেন মহিলারা। ঘটনা
বুধবার সন্ধ্যায়। বিএলওরা এনুমারেশন ফর্ম নিতে এলে
মহিলারা ফর্ম ও নিশীথের মুখে কালি লাগানো ছবি নিয়ে
সেখানে আসেন। বিক্ষুব্ধ মহিলাদের অভিযোগ, দিনহাটা
বিধানসভার নির্দিষ্ট এলাকার নাম ধরে নিশীথ এক ব্যক্তির ৩০
থেকে ৪০টি করে ছেলে আছে বলে যে মন্তব্য করেছিলেন
তাতে তিনি গোটা দিনহাটাকে অপমান করেছেন। আর তার
প্রতিবাদেই এই বিক্ষোভ। প্রসঙ্গত, পুরোনো মামলায় হাজিরা
দিতে দিনহাটা আদালতে এসে মঙ্গলবার নিশীথ আপত্তিকর
মন্তব্য করেন। তিনি বলেন, কোচবিহার জেলার গীতালদহ,
শুকারুর কুচি-সহ একাধিক এমন সীমান্তবর্তী এলাকা রয়েছে
যেখানে বাবার নাম এক অথচ তার ৩০ জনেরও অধিক ছেলে
রয়েছে, এটা কখনও হতে পারে না। এমন মন্তব্যের পরই
উঠেছে নিষ্পার বাড়। নিশীথের এই মন্তব্যের সমালোচনা করেন
উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী উদয়ন গুহ। উদয়ন গুহ বলেন, মানুষের
পাশে দাঁড়াননি, মানুষকে সম্মানও করেন না বিজেপির প্রাক্তন
হাফ মন্ত্রী। আর অবৈধ ভোটারের কথা নিশীথ যে বলেছেন
তার একটাও যদি দেখাতে পারেন তাহলে রাজনীতি ছেড়ে
দেব।

সমবায় সপ্তাহ



■ রায়গঞ্জ ৭২তম নিখিল ভারত সমবায়
সপ্তাহ উদযাপন হল বৃহস্পতিবার। এদিন
সমবায়ের সমগ্র কাজ তুলে ধরে হয় একটি
পদযাত্রাও। এই পদযাত্রায় পা মেলান উত্তর
দিনাজপুর জেলা পরিষদের সভাপতি পম্পা
পাল, রায়গঞ্জ কেন্দ্রীয় সমবায় ব্যাংকের
পরিচালক পর্যদের সভাপতি তিলক চৌধুরি,
পূর্ণেন্দু দে-সহ সমবায় আধিকারিকরা।
পরবর্তীতে রায়গঞ্জের বিধান মঞ্চে একটি
অনুষ্ঠানের আয়োজন করা হয়।

সলিল-শ্রদ্ধা



■ সুর-তালের মেলবন্ধনে সলিল চৌধুরীকে
শ্রদ্ধা জানিয়ে শুরু হল ২২ তম শিলিগুড়ি
আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব। বিশিষ্ট চলচ্চিত্র
পরিচালক সুদেষ্ণা রায় ও অভিজিৎ গুহের
উপস্থিতিতে শুরু হল ২২তম আন্তর্জাতিক
চলচ্চিত্র উৎসব। শিলিগুড়ি সিনে সোসাইটির
উদ্যোগে চলচ্চিত্র উৎসবের শুরুতে
সলিল চৌধুরী, মৃণাল সেন, খত্বিক ঘটকের
জন্মশতবর্ষে বিশেষ শ্রদ্ধা নিবেদন করেন
স্থানীয় শিল্পীরা।

মাল ও নাগরাকাটায় অত্যাধুনিক অ্যাম্বুল্যান্স

সংবাদদাতা, জলপাইগুড়ি : জেলার প্রান্তিক মানুষের দ্বারা
স্বাস্থ্য পরিষেবা দিতে উদ্যোগী হল স্বাস্থ্য দফতর। চালু হল
মোবাইল মেডিক্যাল ইউনিট পরিষেবা। জলপাইগুড়ি জেলার
চা-বাগান অধ্যুষিত মাল মহকুমার জন্য অত্যাধুনিক চিকিৎসা
পরিষেবা যুক্ত দুটি মোবাইল মেডিক্যাল ইউনিট বুধবার রাতে
এসে পৌঁছায় জেলার স্বাস্থ্যদফতর। বৃহস্পতিবার ওই ইউনিট



দুটিকে ফাইনাল চেক
করে নিয়ে ডুর্যর্সের
উদ্দেশ্যে রওনা করে
দিলেন মুখ্য স্বাস্থ্য
আধিকারিক ডাক্তার
অসীম হালদার। এই
বিষয়ে মুখ্য স্বাস্থ্য
আধিকারিক ডাক্তার
অসীম হালদার
বলেন, প্রথম পর্যায়ে মাল ও নাগরাকাটা এই দুই ব্লকের জন্য
দুটি মোবাইল মেডিক্যাল ইউনিট পেয়েছি। এরপর ধাপে ধাপে
জেলার সমস্ত ব্লকেই এই পরিষেবা চালু হবে। অত্যাধুনিক
মোবাইল ইউনিটগুলিতে একদিকে যেমন চিকিৎসক ও নার্স
থাকবে পাশাপাশি এখানে ব্লাড টেস্ট, ইসিজি-সহ অন্যান্য স্বাস্থ্য
পরিষেবা পাবে রোগীরা। আউটডোরগুলি থেকে যে
পরিষেবা দেওয়া হয় তার সবটাই এই ভ্যান থেকে পাবে
রোগীরা। রক্ত পরীক্ষার পর সাথে সাথে তার রিপোর্ট পর্যন্ত
পেয়ে যাবেন রোগীরা।

জৈব পদ্ধতিতে কালো নুনিয়া চাষ কালচিনিতে

সংবাদদাতা, আলিপুরদুয়ার : রাজ্য কৃষি দফতরের
সহযোগিতায় জৈব পদ্ধতিতে কালো নুনিয়া ধান
চাষ করে আয়ের মুখ দেখেছেন কালচিনি ব্লকের
কৃষকরা। কৃষি দফতরের সহযোগিতায় কালচিনি
ব্লকের বিশ্বনাথ পাড়ার বাসিন্দারা এবার কালো
নুনিয়া ধান চাষ করছে। আজ আনুষ্ঠানিকভাবে



ছিলেন জেলাপরিষদের সভাপতি সিন্ধা শৈব-সহ
কৃষি দফতরের আধিকারিকরা ও এলাকার
বিশিষ্টজনরা। আলিপুরদুয়ার সহ কৃষি অধিকর্তা
রজত চ্যাটার্জি জানান, অন্যান্য ধানের তুলনায়
কালো নুনিয়া ধানের দাম তিন গুণ বেশি এজন্য
কৃষকরা কালো নুনিয়া ধান চাষে উৎসাহী বেশি।
এছাড়া কৃষি দফতর থেকে কৃষকদের বীজ প্রদান
করা হচ্ছে ও পদ্ধতি শেখানো হচ্ছে। মহকুমা কৃষি
অধিকর্তা জানান, রাজ্য কৃষি দফতর কৃষকদের ভাল
বীজ, জৈব সার ও ভাল করে প্রশিক্ষণ দিয়েছিল।
তাই জৈব পদ্ধতিতে চাষ করে কৃষকরা
সুফল পেয়েছেন।

কালো নুনিয়া ধান
কাটা হল। সম্প্রতি
এই উপলক্ষে
এলাকায় কৃষি দফতর
থেকে অনুষ্ঠানের
আয়োজন করা হয়,

মমাস্তিক দুর্ঘটনায় মৃত্যু

সংবাদদাতা, জলপাইগুড়ি : মমাস্তিক পথ দুর্ঘটনায় মৃত্যু হল
ময়নাগুড়ি পঞ্চায়েত সমিতির সদস্য দুলাল রায়ের।
বৃহস্পতিবার ময়নাগুড়ির বড় ভান্ডানি এলাকার ঘটনা। এদিন
ময়নাগুড়ি রোড থেকে বাজার করে বাড়িতে যাওয়ার সময়।
উলটো দিক থেকে আসা একটি ট্রাকটরের সঙ্গে মুখোমুখি হয়
ঘটনাস্থলেই মৃত্যু হয় তাঁর।

শিলিগুড়িতে নিখোঁজ ৩ ছাত্রী

প্রতিবেদন : বান্ধবীর জন্মদিনে গিয়ে শিলিগুড়িতে
রহস্যজনকভাবে নিখোঁজ তিন ছাত্রী। ১ নম্বর ওয়ার্ডের ঘটনা।
বুধবার রাতে জন্মদিনের অনুষ্ঠানে যাওয়ার পর থেকেই তারা
বাড়ি ফেরেনি বলে জানিয়েছে পরিবারের সদস্যরা। প্রধাননগর
থানায় নিখোঁজ ডায়েরি করা হয়েছে। উল্লেখ্য, দিন কয়েক
আগেই চার ছাত্রীকে উদ্ধার করে পুলিশ। ফের একই ঘটনা।

জয়ন্তীতে সেলফি পয়েন্ট তৈরির আবেদন সাংসদের

সংবাদদাতা, আলিপুরদুয়ার : বক্সা ব্যাঘ্র প্রকল্পের সংরক্ষিত
বনাঞ্চলের অধীনে থাকা জয়ন্তী একটি বিখ্যাত পর্যটন
কেন্দ্র। নির্জন সবুজ অরণ্যের টানে সেখানে পর্যটকরা ছুটে
যান বারে বারে। সুন্দর প্রকৃতিকে সাক্ষী রেখে এখানে ছবি
তোলায় চাহিদা প্রচুর। তাই স্থানীয় মানুষ থেকে শুরু করে
পর্যটন ব্যবসায়ী,সকলেই জয়ন্তীকে আকর্ষণীয় করে
তুলতে প্রতিনিয়ত কাজ করে যান। সেই আবেগ সামনে
রেখে পর্যটকদের কাছে জয়ন্তী নদীর তীরকে সুন্দর ও
স্মরণীয় করে রাখতে, স্থানীয় এক ব্যবসায়ী জয়ন্তী নদীর



তীরে একটি আই লাভ জয়ন্তী সেলফি পয়েন্ট তৈরি
করেন। কিন্তু তিনি হয়তো জানতেন না যে, সংরক্ষিত

বনাঞ্চলে বন দফতরের অনুমতি ছাড়া এই নির্মাণ করা
আইনত সঠিক নয়। এই বিষয়ে তৃণমূলের জেলা সভাপতি
তথা রাজ্যসভার সাংসদ প্রকাশ চিকবড়াইক বলেন,
সকলকেই আইন মেনে কাজ করা উচিত। আলোচনার
মাধ্যমে সব সমস্যা মিটিয়ে নেওয়া সম্ভব। আমি
বনকর্তাদের সঙ্গে কথা বলেছি। এখন তো সব জায়গাতেই
সেলফি জোন তৈরির একটা রেওয়াজ চালু হয়েছে।
জয়ন্তীতেও যাতে তা তৈরি করা যায়, সেই বিষয়ে
বনফতরের কাছে অনুরোধ রেখেছি।

প্রান্তিক মানুষদের দুয়ারে পরিষেবা চালু হল ড্রাম্যমাণ চিকিৎসা কেন্দ্র

সংবাদদাতা, সবং : সবং ব্লকের উচিতপুর প্রাইমারি স্বাস্থ্যকেন্দ্র থেকে ড্রাম্যমাণ চিকিৎসা কেন্দ্র বা মোবাইল মেডিক্যাল ইউনিটের সূচনা করলেন জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন এবং সেচ ও জলপথমন্ত্রী ডাঃ মানসরঞ্জন ভূঁইয়া। ছিলেন পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ সভাপতি প্রতিভা মাইতি, অতিরিক্ত জেলাশাসক (উন্নয়ন), নভোনীত মিত্তল, জেলা স্বাস্থ্য আধিকারিক, মহকুমা শাসক, খড়্গাপুর, জেলা পরিষদের জনস্বাস্থ্য ও পরিবেশ স্থায়ী সমিতির কর্মাধ্যক্ষ, সবং পঞ্চায়েত সমিতির সভাপতি ও অন্য আধিকারিকরা। সপ্তাহে ছয়দিন



■ অ্যাভুলায়স উদ্বোধনের পর ঘুরে দেখছেন মানসরঞ্জন ভূঁইয়া।

সোম থেকে শনিবার জেলার বিভিন্ন প্রান্তে পৌঁছে যাবে এই চিকিৎসা যান। প্রতিটি অত্যাধুনিক গাড়িতে থাকছেন ডাক্তার, নার্স, পরীক্ষার যন্ত্রপাতি। গাড়িতে পোর্টেবল এক্স-

রে, ইসিজি, অটো এনালাইজার, ইনকিউবটর রয়েছে। অনলাইনে রেজিস্ট্রেশন, ই-প্রেসক্রিপশন করা হবে। টেস্টের রিপোর্টও অনলাইনে পাঠানো হবে। গাড়িতে বিশেষজ্ঞ

চিকিৎসক, নার্স, এএনএম আশাকর্মীরা ছাড়াও ল্যাব টেকনিশিয়ানরা থাকবেন। এককথায় রোগীভর্তি ছাড়া সমস্ত ধরনের চিকিৎসা পরিষেবা মিলবে ড্রাম্যমাণ চিকিৎসা কেন্দ্রে। এতে জেলার প্রান্তিক এলাকার বাসিন্দারা উপকৃত হবেন। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে স্বাস্থ্য দফতরের তরফে পশ্চিম মেদিনীপুর জেলায় এই রকম ১৩টি ড্রাম্যমাণ চিকিৎসা যান বা মোবাইল মেডিক্যাল ইউনিট দেওয়া হয়েছে, জেলার প্রান্তিক ও গ্রামীণ এলাকার বাসিন্দাদের দুয়ারে অত্যাধুনিক স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দিতে।

প্রাইমারি স্কুল সংস্কারে বরাদ্দ ২৮ লক্ষ টাকা, উদ্যোগে মানস

সংবাদদাতা, সবং : অবশেষে কার্টল জট। প্রাইমারি স্কুল সংস্কারে বরাদ্দ ২৮ লক্ষ টাকা। সব কিছুই হয়ে গিয়েছিল, সাময়িক সমস্যা যা ছিল তার সমাধান হয়েই বরাদ্দ হল টাকা, জানালেন মন্ত্রী মানসরঞ্জন ভূঁইয়া। নয় মাসের মধ্যে স্কুলভবনের কাজ সম্পূর্ণ করতে হবে নির্দেশ জেলা পরিষদের।

পশ্চিম মেদিনীপুর জেলার সবংয়ের সিংপুর গ্রামে প্রায় ৬০ বছর আগে প্রতিষ্ঠিত হয়েছিল সিংপুর প্রাথমিক বিদ্যালয়। রাজ্যে যেখানে পড়ুয়ার অভাবে একের পর এক প্রাথমিক বিদ্যালয় বন্ধ হতে বসেছে, সেখানে সিংপুর প্রাথমিক বিদ্যালয়ে পড়ুয়ার সংখ্যা ৯১। শিক্ষক সংখ্যা চার। গত কয়েক দশক ধরে সুপ্রাচীন সেই স্কুলই চলছিল জীবনের ঝুঁকি নিয়ে। কারণ ভাঙাচোরা মাটির বাড়ি। মাথায় টিনের ছাউনি। দেওয়াল থেকে পলেন্তারা খসে বড় বড় সব ফাটল। প্রধান শিক্ষক জানান, মাটির বাড়িতেই ঝুঁকি নিয়ে স্কুল চালাচ্ছেন তাঁরা। অভিভাবক ও পড়ুয়ারাও জানিয়েছিলেন সেই কথা। অবশেষে তার সুরাহা হল। জেলা পরিষদ থেকে ২৮ লক্ষ টাকা বরাদ্দ হয়েছে। এতে খুশি স্কুলের শিক্ষক, পড়ুয়া ও

Paschim Medinipur Zilla Parishad

Midnapore : 721101
Phone- 03222 275727

Memo No.2376/Purta

Dated: 19.11.2025

NOTICE INVITING e-TENDER

Tender Reference No: PMD/N-548/2025-26

For and on behalf of the Paschim Medinipur Zilla Parishad, the District Engineer, Paschim Medinipur Zilla Parishad, invites E-procurement tenders for each of the following works by two cover system up to 17.00 Hours 10.12.2025 (Wednesday). Pre-qualification documents in a separate cover containing technical document along with scanned copy of Chalan for cost of Bid document and Earnest Money in a separate file is to be submitted. The Financial Bid document with Bill of Quantity in another cover are to be submitted by the resourceful and bonafide contractors who satisfy the terms and conditions set out in pre-qualification document and having registration in e-procurement portal (<https://wbenders.gov.in>). The Tenders shall be available for viewing in website (<https://wbenders.gov.in>) on and from 20.11.2025 (Thursday)

SL. No.	Name and Location of the schemes	Amount put Tender (in Rs.)	Earnest Money (Rs.)	Completion Time
1	Construction Singpur Primary School at Dondra GP under Sabang Block within the District of Paschim Medinipur. (5th SCFC)	27,72,048.00	55,500.00	9 (nine) months

Intending bidders may download tender documents from e-procurement portal of Govt. website [www.wbenders.gov.in](https://wbenders.gov.in) from 20.11.2025 (Thursday) at 10-00 Hours To 17.00 Hours 10.12.2025 (Wednesday)

অভিভাবকেরা। মন্ত্রী মানস জানান, এই স্কুলের যা অবস্থা তাতে ৪-৫ লক্ষ টাকায় হবে না। কেন্দ্রীয় সরকার সমগ্র শিক্ষা মিশনের টাকা বন্ধ করে দিয়েছে। এমত অবস্থায় ফাইল পড়ে রয়েছিল। তারপর তার সমাধান অবশেষে হল। যেটুকু টাকা বাকি থাকল ওটা আমার তহবিল থেকে দিয়ে দেব।

জাল সোনার মোহর কিনে প্রতারিত পুলিশ

সংবাদদাতা, বর্ধমান : জাল সোনার মোহর কিনে প্রায় ১৫ লক্ষ টাকা খোয়ালেন অবসরপ্রাপ্ত পুলিশকর্মী। এক প্রতারককে গ্রেফতার করল ভাতার থানার পুলিশ। নাম আলিম শেখ ওরফে রাজু মিস্ত্রি। বাড়ি আউশগ্রামের কাটাটিকুরি গ্রামে। অবসরপ্রাপ্ত পুলিশকর্মী ব্যারাকপুরের দুলালচন্দ্র দে গত সেপ্টেম্বরে প্রতারিত হন। দুলালচন্দ্র জানান, আলিম পেশার সূত্রে তাঁকে চেনে বলে ফোন করে জানায় বাড়ি তৈরি করতে গিয়ে মাটিরতলা থেকে



■ প্রতারক আলিম শেখ।

একটি মোহরভর্তি কলসি পেয়েছে। তাতে ৫১৫টির মতো প্রাচীন সোনার মোহর আছে, তারা বিক্রি করতে চায়। তাকে একটি আসল সোনার কয়েন দেখায়। এমনকি কিছুটা অংশ

পরীক্ষার জন্য দেয়। পরীক্ষা করে সেটি সোনার বলে নিশ্চিত হতেই দুলাল ৩০০টি সোনার মোহর কেনেন ১৫ লাখ টাকা দিয়ে। পরে বাড়ি ফিরে কয়েনগুলি পরীক্ষা করে বুঝতে পারেন প্রতারিত হয়েছেন। বুধবার রাতে ভাতার থানার পুলিশ আলিম শেখকে গ্রেফতার করে বর্ধমান আদালতে পেশ করে। জানা গেছে, গত মার্চে ঝাড়খণ্ডের এক ব্যক্তিকেও একই কায়দায় প্রতারণা করায় আলিমকে গ্রেফতার করেছিল আউশগ্রাম থানার পুলিশ।

অবৈধভাবে বালি তোলা, মহিষাদলে গ্রেফতার আট

সংবাদদাতা, মহিষাদল : রূপনারায়ণ নদ থেকে অবৈধভাবে বালি তোলার অভিযোগে পাকড়াও আট অভিযুক্ত। বৃহস্পতিবার মহিষাদল ব্লক ভূমি ও ভূমিসংস্কার দফতরের এই অভিযানে মহিষাদলের গৌঁওখালি এলাকা থেকে মোট আটজনকে গ্রেফতার করার পাশাপাশি দুটি নৌকা-সহ মোট ৩৬০ কিউবিক ফুট সাদা বালি বাজেয়াপ্ত হয়েছে। জানা গিয়েছে, ধৃতেরা হল হাওড়ার শ্যামপুর থানার রণজিৎ ধাড়া, বিভাস সাউ, নরেন সিং, কাশীনাথ পাল, শংকর ঘোড়া, শ্রীদাম সামন্ত ও মহিষাদল থানার মায়াজরের কাশীনাথ মণ্ডল ও গোপালচন্দ্র মণ্ডল। ধৃত আটজনকে বৃহস্পতিবার হলদিয়া মহকুমা আদালতে তোলা হলে বিচারক জামিন নাকচ করে দেন। জানা গিয়েছে, কোনওরকম বৈধ কাগজপত্র ছাড়া রূপনারায়ণ নদ থেকে নৌকায় করে সাদা বালি তোলা হচ্ছিল। মহিষাদল ব্লক ভূমি ও ভূমিসংস্কার দফতর গোপন সূত্রে সেই খবর পেয়ে এদিন অভিযান চালায়। সেই অভিযানে মহিষাদলের বাঁকা এলাকা থেকে এই আটজনকে গ্রেফতার করা হয়।

নাবালিকা বিয়ের চেষ্টা বুঝিয়ে রুখল প্রশাসন

সংবাদদাতা, পুরুলিয়া : একটি নাবালিকার বিয়ে দেওয়ার চেষ্টা হচ্ছিল। জানতে পেরেই দ্রুত সেই গ্রামে গিয়ে পরিবারের সঙ্গে কথা বলে বিয়ে আটকে দিলেন প্রশাসনিক কর্তারা। বৃহস্পতিবার

৪৮ ঘণ্টায় প্রত্যাবর্তন তৃণমূলে



■ মশিউর রহমানের হাতে তৃণমূলের পতাকা দিচ্ছেন জালাউদ্দিন খান।

সংবাদদাতা, খেজুরি : ৪৮ ঘণ্টাও কার্টল না। নিজের ভুল বুঝতে পেরে তৃণমূল কংগ্রেসের ঘরের ছেলে ফিরে এল ঘরে। গত মঙ্গলবার সন্ধ্যায় গন্ধারের ভাই বিজেপি সাংসদের হাত ধরে খেজুরিতে বিজেপিতে যোগ দিয়েছিলেন খেজুরি-১ ব্লকের কলাগেছিয়া গ্রাম পঞ্চায়েতের দাপুটে তৃণমূল নেতা শেখ মশিউর রহমান। যোগ দিয়েই বুঝতে পারেন মস্ত ভুল করেছেন। ওই দলে থেকে কোনও উন্নয়নমূলক কাজই করা যাবে না। তাই দ্রুত ঘরে ফেরার সিদ্ধান্ত নেন। সেই মতো বৃহস্পতিবার কাঁথি সাংগঠনিক জেলা তৃণমূল যুব কংগ্রেস সভাপতি জালাউদ্দিন খানের হাত ধরে আবার তৃণমূলে ফিরে এলেন মশিউর। বৃহস্পতিবারের এই যোগদানের পর বিজেপির মুখ পুড়েছে। খুব আড়ম্বর করে মশিউরকে দলে টেনেছিল। কিন্তু ধরে রাখতে পারল না। ফলে আগের মতো ফের তৃণমূল চাক্ষু হলে মনে করছেন স্থানীয় তৃণমূল নেতাকর্মীরা। বিজেপি ছেড়ে ফের দাপুটে এই নেতার তৃণমূলে যোগদানে এক প্রকার মুখে কুলুপ এঁটেছেন স্থানীয় বিজেপি নেতারা। জেলা যুব তৃণমূলের সভাপতি শেখ জালাউদ্দিন খান বলেন, মানুষকে ভুল বুঝিয়ে দলে টানা হল বিজেপি নেতাদের কাজ। মশিউরকে বিজেপির নেতারা ভুল বুঝিয়ে ওদের দলে নিয়ে গিয়েছিল। কিন্তু কয়েক ঘণ্টার মধ্যেই নিজের থেকে বুঝতে পেরেছে বিজেপিতে থেকে মানুষের জন্য কাজ করা সম্ভব না। তাই পুনরায় তৃণমূলের ফিরে এসেছে।

অবৈধ নেশামুক্তি কেন্দ্র বন্ধ করল জেলা স্বাস্থ্য দফতর

সংবাদদাতা, কাঁথি : বৈধ কাগজপত্র ছাড়াই কাঁথির সেরপুর এলাকায় রমরমিয়ে চলছিল একটি নেশামুক্তি কেন্দ্র। খবর পেয়ে স্বাস্থ্য দফতরের তরফে বন্ধ করে দেওয়া হল কাঁথির ওই অবৈধ নেশামুক্তি কেন্দ্রটিকে। ইতিমধ্যে নন্দীগ্রাম স্বাস্থ্য জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকের দফতর থেকে ফিউচার ফাউন্ডেশন নামের ওই নেশামুক্তি কেন্দ্রটি সাময়িকভাবে বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়েছে। পাশাপাশি সেখানে যে সকল রোগী ভর্তি রয়েছে, তাদের মঙ্গলবারের মধ্যে অন্য কোনও লাইসেন্স প্রাপ্ত নেশামুক্তি কেন্দ্রে স্থানান্তরের নির্দেশ দেওয়া হয়েছে। জানা গেছে, কাঁথি-রসুলপুর রাস্তার সেরপুরে ওই নেশামুক্তি কেন্দ্রে দিনের পর দিন দূরদূরান্ত থেকে মানুষজন আসত। এমন পরিস্থিতিতে স্বাস্থ্যভবন সূত্রে একটি অভিযোগের ভিত্তিতে জেলার মুখ্য স্বাস্থ্য অধিকারিকদের তত্ত্বাবধানে একটি দল ওই নেশামুক্তি কেন্দ্রে গত ৮ তারিখ পরিদর্শনে যান। এখানে ক্লিনিক্যাল এস্টাবলিশমেন্ট লাইসেন্স দেখাতে পারেনি নেশামুক্তি কেন্দ্র কর্তৃপক্ষ। বৈধ কাগজপত্র ছাড়া কীভাবে চিকিৎসা চলছিল তা নিয়ে প্রশ্ন উঠতে শুরু করে। পরিদর্শনের পরেই বৃহস্পতিবার কেন্দ্রটি অবিলম্বে বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়েছে। জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক অসিত দেওয়ান বলেন, কোনওরকম লাইসেন্স ছাড়াই ৫০-এর বেশি রোগী ভর্তি রেখে চিকিৎসা চলছিল। এটি একটি শাস্তিমূলক ব্যবস্থার যোগ্য অপরাধ। আমরা নিয়ম মেনে শোকজ করেছিলাম। কিন্তু ঠিক জবাব দিতে না পারায় অবিলম্বে সমস্ত কাজ বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়েছে।

ঘটনাটি ঘটেছে পুরুলিয়া জেলার কোটশিলা থানার চিতরপুর গ্রামে। গ্রামে নাবালিকার বিয়ে দেওয়ার উদ্যোগ নেওয়া হয়েছে শুনেই সটান গ্রামে যান চাইল্ড ম্যারেজ প্রিভেনশন অফিসার অর্পণ চক্রবর্তী ও কোটশিলা থানার পুলিশ কর্তারা। দীর্ঘ আলোচনা হয় গ্রামবাসীদের সঙ্গে। পরিবারের অভিভাবকেরা মেয়ের ১৮ বছর বয়স না হওয়া অবধি বিয়ে দেবেন না বলে অঙ্গীকারপত্র লিখে দেন।

বৃহস্পতিবার ময়নাগুড়ি ব্লকের ব্যাংকান্দি আলসিয়ার মোড় এলাকায় অগ্নিকাণ্ডে পুড়ে ছাই হয়ে গেল একটি ঘর। খবর পেয়ে ময়নাগুড়ি দমকল কেন্দ্রের একটি ইঞ্জিন এসে আগুন নিয়ন্ত্রণে আনে। কী কারণে অগ্নিকাণ্ড স্পষ্ট নয়

ফের নজির রাজ্যের, দুয়ারে সরকারের পর এবার দুয়ারে চিকিৎসা পরিষেবা চালু

সংবাদদাতা, পুরুলিয়া : দুয়ারে রেশন পৌঁছেছে আগেই। দুয়ারে সরকার শিবিরের মাধ্যমে সরকারি পরিষেবার নাগালও পেয়েছেন রাজ্যের সাধারণ মানুষ। আর এবার নতুন নজির গড়ে শুরু হল দুয়ারে চিকিৎসা পরিষেবা। বৃহস্পতিবার পুরুলিয়া জেলার চার এলাকা থেকে চালু হয় এই পরিষেবা। অত্যাধুনিক রোগনির্ণয়ের অত্যাধুনিক যন্ত্রপাতি, চিকিৎসক, স্বাস্থ্যকর্মী-সহ সম্পূর্ণ চিকিৎসা পরিকাঠামো নিয়ে গ্রামে গ্রামে ঘুরবে ভ্রাম্যমাণ এই পরিষেবা। সেখানে শিবির বসবে কোনও সরকারি দফতর বা ক্লাব কিংবা কোনও উপযুক্ত, প্রশস্ত বাড়িতে। এদিন পরিষেবাটির সূচনা করেন মন্ত্রী সন্ধ্যারানি টুডু, সভাপতি নিবেদিতা মাহাত, জেলাশাসক কোহাম সূর্য-সহ প্রশাসনিক



■ মোবাইল ভ্যানের সূচনায় সন্ধ্যারানি টুডু, নিবেদিতা মাহাত প্রমুখ।

আধিকারিকেরা। এদিনই হুড়ার বিশপুরিয়া, বলরামপুরের গৌড়িয়া, বান্দোয়ানের গুড়ুর ও বাঘমুন্ডির বীরগ্রাম থেকে চারটি মোবাইল মেডিক্যাল ইউনিট (এম এম ইউ) কাজ শুরু করল। আগামী তিন মাস টানা এলাকার গরামে গরামে ঘুরে দুয়ারে চিকিৎসা পরিষেবা পৌঁছে

দেবে ইউনিটগুলি। জেলা পরিষদের সভাপতি নিবেদিতা মাহাত বলেন, পুরুলিয়া জেলায় স্বাস্থ্য পরিষেবা যথেষ্ট উন্নত। মুখ্যমন্ত্রী নিজেকে জেলায় মেডিক্যাল কলেজ গড়ে দিয়েছেন। তবু প্রত্যন্ত এলাকার মানুষ অনেক সময় চিকিৎসা পরিষেবার সুযোগ নিতে পারেন না। কিছুটা

সচেতনতার অভাবও রয়েছে। ভ্রাম্যমাণ মেডিক্যাল ইউনিটে শিশু, মহিলা ও প্রসূতিদের স্বাস্থ্যের প্রতি বেশি জোর দেওয়া হবে। এই ইউনিটে থাকছে চক্ষু চিকিৎসার ব্যবস্থাও। সবচেয়ে বড় কথা, এখানে চিকিৎসকেরা যদি বোঝেন রোগীর উন্নততর চিকিৎসার প্রয়োজন আছে, তাহলে সেই ব্যবস্থাও করা হবে। মোবাইল মেডিক্যাল ইউনিটগুলি সপ্তাহে পাঁচ-ছটি করে শিবির করবে প্রত্যন্ত এলাকার মানুষদের কাছে সরকারি স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দেওয়ার লক্ষ্যে। মন্ত্রী সন্ধ্যারানি টুডু এ প্রসঙ্গে বলেন, একরম সকলের জন্য স্বাস্থ্য পরিষেবা পৃথিবীর কোথাও নেই। আমরাই প্রথম করলাম রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের বিশেষ উদ্যোগ ও নির্দেশমতো।

বিজেপি দুষ্কৃতীদের হামলা জখম তৃণমূলের বিএলএ সহায়ক ভর্তি হাসপাতালে

সংবাদদাতা, ভগবানপুর : এসআইআর করে দেশছাড়া করার উসকানির পাশাপাশি এবার মাথাচাড়া হয়ে উঠেছে বিজেপির গুন্ডাদের হাতে আক্রান্ত পূর্ব মেদিনীপুরের ভগবানপুরে তৃণমূলের দুই বিএলএ-২ পবিত্রকুমার সাউ ও দেবব্রত মাইতি। এসআইআরের কাজ চলাকালীন আক্রান্ত হন দুজন। বৃহস্পতিবার সকালে পূর্ব



■ হাসপাতালে জখম বিএলএ।

মেদিনীপুরের ভগবানপুর গ্রাম পঞ্চায়েত এলাকার জলিবাড়ী ৩৮ নং বুথ এলাকায় বিজেপির দুষ্কৃতীদের হাতে আক্রান্ত হন এলাকার তৃণমূলের বিএলএ-২ পবিত্রকুমার সাউ ও তাঁর সহযোগী দেবব্রত মাইতি। খবর পেয়েই তৃণমূলের নেতা-কর্মীরা আক্রান্তদের উদ্ধার করে ভগবানপুর গ্রামীণ চিকিৎসাকেন্দ্রে নিয়ে যান। সেখান থেকে দেবব্রত মাইতিকে গুরুতর আহত অবস্থায় তামলিগুপ্ত মেডিক্যাল কলেজে স্থানান্তরিত করেন চিকিৎসকেরা। সম্প্রতি এসআইআরের জন্য তৃণমূলের তরফে পবিত্রকে বিএলএ-২ হিসেবে এবং দেবব্রতকে তাঁর সহযোগী নিবাচিত করে তৃণমূল। অভিযোগ, এরপর থেকেই এই দুজনের কাছে বিজেপির তরফে লাগাতার প্রাণে মারার হুমকি আসছিল। বিজেপির হুমকিকে তোয়াক্কা না করেই অন্যান্য দিনের মতোই বৃহস্পতিবার সকালে পবিত্র ও দেবব্রত ভোটারদের ফর্মপূরণের কাজ করছিলেন। ঠিক সেই সময় দুগাপুর গ্রাম পঞ্চায়েতের বিজেপি সদস্য হরিপদ দাস, ভগবানপুর গ্রাম পঞ্চায়েত সদস্যর স্বামী বাবুলাল কাভার ও ভগবানপুর পঞ্চায়েত সমিতির সদস্যর স্বামী নির্মল দাসের নেতৃত্বে দলবল এসে তাঁদের ওপর চড়াও হয়। স্থানীয়রা জড়ো হতেই চম্পট দেয় দুষ্কৃতীরা। জখম দুজনকে ভগবানপুর গ্রামীণ হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকেরা পবিত্রকে জেলা হাসপাতালে স্থানান্তরিত করেন। ঘটনার পরেই বিজেপির বিরুদ্ধে ক্ষোভ উগরে দিয়ে স্থানীয় তৃণমূল নেতারা দোষীদের শাস্তির দাবিতে পুলিশের দ্বারস্থ হন। ভগবানপুর-১ পঞ্চায়েত সমিতির সভাপতি অরুণসুন্দর পণ্ডা বলেন, এসআইআরে আমরা যেভাবে মানুষকে সহযোগিতা করছি সেটা বিজেপির সহ্য হয়নি। যাতে আমরা মানুষকে সহযোগিতা করতে না-পারি সে জন্যই এটা ঘটিয়েছে। ওরা যদি ভেবে থাকে এভাবে মানুষের কাজ থেকে বিরত রাখবে তাহলে ভুল। তৃণমূলের সোশ্যাল মিডিয়াতেও বিজেপির এই ন্যাকারজনক রাজনীতির তীব্র নিন্দা করা হয়েছে।

ঠাকুরনগরে জনসভা করতে পারেন নেত্রী

প্রতিবেদন : অল্পদিনের মধ্যেই ঠাকুরনগরে জনসভা ও র্যালি করতে পারেন নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বৃহস্পতিবার এ-বিষয়ে সাংসদ মমতাবালা ঠাকুরের সঙ্গে একপ্রস্থ আলোচনা সেরে ফেললেন বিধায়ক জ্যোতিপ্রিয় মল্লিক। যদিও জনসভা বা র্যালির দিনক্ষণ এখনো চূড়ান্ত হয়নি। তবে প্রাথমিক একটা প্রস্তুতি সেরে রাখা হচ্ছে। নেত্রীর সবুজসংকেত পেলেই দিনক্ষণ চূড়ান্ত করা হবে।



দিনদুপুরে সাঁকরাইলের গ্রামে দলছুট দাঁতাল



সংবাদদাতা, ঝাড়গ্রাম : জেলার সাঁকরাইল ব্লকের চুনপাড়ায় বৃহস্পতিবার দুপুরে হঠাৎই ঢুকে পড়ে দলছুট দাঁতাল। দিনদুপুরে হাতি ঢুকে পড়ায় চাঞ্চল্য ছড়ায়। আতঙ্কে রাস্তায় বেরিয়ে আসেন অনেকে। কেউ কেউ দরজা-জানালা সব বন্ধ করে নিরাপদ দূরত্বে থাকতে বাধ্য হন। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, হাতিটি কিছুক্ষণ এলাকার খেতে-মাঠে ঘুরে বেড়ায়। খবর পেয়ে বনকর্মীরা এলাকায় পৌঁছে তাকে জঙ্গলের দিকে ফেরানোর চেষ্টা শুরু করেন। এর পর হাতিটি ফিরে যায় পার্শ্ববর্তী জঙ্গলে। এদিকে এই ঘটনায় এলাকাবাসীদের বক্তব্য, প্রতিদিন হাতির উপদ্রব বাড়ছে। এলাকায় দ্রুত হাতি তাড়ানোর বিশেষ দল মোতায়েন, ক্ষতিপূরণের প্রক্রিয়া সহজ করার দাবি জানান তাঁরা।

যক্ষ্মানির্ণয়ে হাসপাতালে অত্যাধুনিক যন্ত্র

সংবাদদাতা, পাঁশকুড়া : যক্ষ্মা রোগ নির্ণয়ে উন্নত পরিষেবার লক্ষ্যে নয়া উদ্যোগ পাঁশকুড়া সুপার স্পেশালিটি হাসপাতালে। বৃহস্পতিবার অত্যাধুনিক কোয়াট্রো ট্রুনাট মেশিন বসল। হলদিয়া পেট্রোকেম মালিকানাধীন সহযোগী প্রতিষ্ঠান অ্যাডপারমার কর্পোরেট সোশ্যাল রেসপন্সিবিলিটি (সিএসআর) ফান্ড থেকে এই উচ্চমানের মেশিন বসানো হয়েছে। চলতি ২০২৫-২৬ অর্থবছরে এটি একটি বড় উদ্যোগ বলা যায়।



■ মেশিনের সূচনা করছেন জেলাশাসক।

ইউনিস ঋষিন ইসমাইল। ছিলেন জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক বিভাস রায়, জেলা যক্ষ্মা নিয়ন্ত্রণ আধিকারিক শুভদীপ বাগ, এনটিইপি-র জেলা প্রোগ্রাম কো-অর্ডিনেটর প্রমুখ।

ঝাড়গ্রামে শিশুবান্ধব কর্নার চালু জেলাশাসক কার্যালয়ে

সংবাদদাতা, ঝাড়গ্রাম : বৃহস্পতিবার নারী ও শিশুবিকাশ এবং সমাজকল্যাণ দফতরের উদ্যোগে শিশু অধিকার সপ্তাহের শেষ দিনের অনুষ্ঠানে অঙ্গনওয়াড়ি কেন্দ্রের ছোট শিশুদের র‍্যাস্প হাঁটার মুহূর্ত মন কাড়ল জেলাশাসক থেকে উপস্থিত সকলের। পাশাপাশি জেলাশাসকের দফতরের দোতলায় একটি শিশুবান্ধব কর্নারের উদ্বোধন করেন জেলাশাসক আকাঙ্ক্ষা ভাস্কর। শিশু-উপযোগী পরিবেশ ধরে রাখতে থাকছে বিভিন্ন খেলার সামগ্রী। শিশু, বালক-বালিকা ও শিশু-অপরাধে ক্ষতিগ্রস্ত পরিবারের সদস্যরা এখানে প্রয়োজনীয় আইনি সহায়তার নির্দেশ পাবেন। শুরুতে দেড়শো পড়ুয়ার পদযাত্রা বের হয়। পরে কার্যালয়ের অডিটোরিয়ামে বিকাশভারতী ও নিবেদিত কর্ম মন্দির হোমের শিশুদের সাংস্কৃতিক অনুষ্ঠান হয়। অঙ্গনওয়াড়ি কেন্দ্রের সাড়ে তিন থেকে চার বছরের শিশুরা ফ্যাশনের র‍্যাস্পে হেঁটে তাক লাগিয়ে দেয়। জেলাশাসক আকাঙ্ক্ষা ভাস্কর জানান, কর্মরত বাবা-মায়েরদের সন্তানদের জন্য সুন্দর পরিবেশযুক্ত একটি ক্রেশ তৈরি করা হবে জেলায়।



■ অনুষ্ঠানে জেলাশাসক আকাঙ্ক্ষা ভাস্কর।

তিন হনুমানের তাগুবে বাজারে ব্যাহত কাজ

সংবাদদাতা, সাঁকরাইল : বৃহস্পতিবার সকালে হঠাৎ তিনটি হনুমান ঢুকে পড়ে অস্বাভাবিক আচরণ ও হামলা চালাতে শুরু করে সাঁকরাইল ব্লকের ধানঘোরি বাজার এলাকায়। তাদের আক্রমণাত্মক আচরণে বিশৃঙ্খলা তৈরি হয় গোটা বাজার জুড়ে। চলন্ত বাইকের ওপর ঝাঁপিয়ে পড়া, মিষ্টির দোকান তছনছ থেকে পথচারীদের তাড়া করায় আতঙ্কিত হয়ে পড়েন ক্রেতা-বিক্রেতারা। বাজারের কাজকর্ম ব্যাহত হয়। তাঁরা বলেন, দ্রুত হনুমানগুলিকে উদ্ধার করে নিয়ে যাওয়া জরুরি।



ফেডারেশনের সঙ্গে আলোচনা জট কেটে মুক্তি পাচ্ছে ছবি

প্রতিবেদন : বিতর্কের অবসান। কাটল জটিলতা। মুক্তি পাচ্ছে বড় পর্দার ছবি 'দ্য অ্যাকাডেমি অফ ফাইন আর্টস'। ১৪ নভেম্বর মুক্তির দিন থাকলেও ফেডারেশনের নিয়ম না মানায় আটকে যায় ছবি। ফেডারেশনের বক্তব্য ছিল, ছবিটি মোটেই স্টুডেন্টস ফিল্ম নয়। বাণিজ্যিক ছবি। খরচ হয়েছে প্রায় ২৫ লক্ষ টাকা। যেখানে এত টাকা খরচা হয়, সেই ছবিকে স্টুডেন্টস ফিল্ম বলা যায় না। চারজন প্রযোজক রয়েছেন। আগেও জটিলতা কাটতে বারবার বৈঠক হয়। বুধবার বৈঠকে সমাধান সূত্র মেলে এবং বৃহস্পতিবার সাংবাদিক সম্মেলন করে ছবি মুক্তির কথা জানানো হয়। ফেডারেশনের বক্তব্য, প্রযোজকেরা নবাগত ছাত্র পরিচালক জয়ব্রত দাসের কাঁধে বন্দুক রেখে মুনাফা করতে চাইছেন টেকনিশিয়ানদের রোজগার মেরে। এখানেই ছিল ফেডারেশনের আপত্তি। এ-ব্যাপারে গুরুত্বপূর্ণ ভূমিকা নেন ফেডারেশনের সভাপতি স্বরূপ বিশ্বাস। পরে পরিচালক সমাজমাধ্যমে জানান, দুই তরফে সমস্যা মিটিয়ে বৈঠকেই। টেকনিশিয়ানদের প্রাপ্য নিশ্চিত করা হয়েছে। অধিকাংশ প্রাপ্য মিটিয়ে দিয়েছেন প্রযোজক প্রতীক চক্রবর্তী। বকেয়াও দ্রুত দেওয়া হবে। ছবিটির ডিস্ট্রিবিউশনের দায়িত্ব পেয়েছেন শতদীপ সাহা। তিনিও ছবির টিমকে অর্থ সাহায্য করেছেন। স্বরূপ বিশ্বাস ও শতদীপ সাহা বৈঠকের পর সিদ্ধান্ত নিয়েছে, যেভাবে ছবি মুক্তির ব্যবস্থা করা হয়, সে-ভাবেই করা হবে। সবকিছু ঠিকঠাক থাকলে আগামী ২১ নভেম্বর বড় পর্দায় ছবিটি মুক্তি পেতে চলেছে। ঘটনায় প্রমাণিত হল, আলোচনার মাধ্যমে নিয়ম-নীতি মেনে কাজ করা হলে টালিগঞ্জে সব সমস্যাই মিটে যায়। এক্ষেত্রেও তাই হয়েছে।



অন্ডাল বিমানবন্দরকে অত্যাধুনিক অ্যাশ্বুল্যাস দিলেন সাংসদ শক্রয়

সংবাদদাতা, অণ্ডাল : অণ্ডালের কাজী নজরুল ইসলাম বিমানবন্দরকে অত্যাধুনিক অ্যাশ্বুল্যাস দিলেন তৃণমূল সাংসদ শক্রয় সিনহা। এই বিমানবন্দরে প্রতিদিন বহু বিমানযাত্রীর আসা-যাওয়া। সেই জন্য বিমানবন্দর কর্তৃপক্ষ সাংসদ শক্রয় সিনহার কাছে দাবি করেছিলেন একটি অত্যাধুনিক প্রযুক্তির অ্যাশ্বুল্যাসের। সেই দাবির কথা মাথায় রেখে সাংসদ তহবিল থেকে ২১ লক্ষ টাকা ব্যয় করে একটি অ্যাশ্বুল্যাস দেন সাংসদ। বৃহস্পতিবার দুপুরে অণ্ডালের কাজী নজরুল ইসলাম বিমানবন্দরের সেই অ্যাশ্বুল্যাসটি কর্তৃপক্ষকে দেন শক্রয়। উপস্থিত ছিলেন সাংসদের পাশাপাশি পশ্চিম বর্ধমানের জেলাশাসক পূনবালম এস এবং প্রশাসনিক অধিকারিকরা। শক্রয় বলেন, ২১ লক্ষ টাকা ব্যয় করে এই অ্যাশ্বুল্যাসটি দেওয়া হল যাত্রীদের কথা মাথায় রেখে বিমানবন্দর কর্তৃপক্ষের হাতে। আমরা প্রত্যেক মুহূর্তে মানুষের সঙ্গে মানুষের পাশে। আমাদের মুখ্যমন্ত্রী সবসময় মানুষের পাশে থাকার কথা বলেন। আমরা তাঁর সৈনিক হিসাবে কাজ করে চলি।



■ বিমানবন্দর কর্তৃপক্ষের হাতে অ্যাশ্বুল্যাসের চাবি তুলে দিচ্ছেন সাংসদ শক্রয় সিনহা।

দাঁতনে ৪৮ লক্ষ টাকায় সুস্বাস্থ্য কেন্দ্র উদ্বোধন



সংবাদদাতা, দাঁতন : পশ্চিম মেদিনীপুর জেলার দাঁতন ২ নং ব্লকের জলগোদা এলাকায় জলগোদা সুস্বাস্থ্য কেন্দ্রের উদ্বোধন হল। উদ্বোধন করলেন দাঁতন বিধানসভার বিধায়ক বিক্রমচন্দ্র প্রধান। এই সুস্বাস্থ্য কেন্দ্র তৈরি করতে প্রায় ৪৮ লক্ষ টাকা খরচ হয়েছে। বিধায়ক ছাড়াও উপস্থিত ছিলেন দাঁতন ২ পঞ্চায়েত সমিতির পূর্ত কর্মাধ্যক্ষ ইফতিকার আলি, খাদ্য কর্মাধ্যক্ষ বিপ্লব বেরা, কৃষি কর্মাধ্যক্ষ নন্দকুমার সাউ, দাঁতন ২-এর বিডিও অভিরূপ ভট্টাচার্য প্রমুখ। গ্রামে সুস্বাস্থ্য কেন্দ্র তৈরি হওয়ায় এলাকার লোকজন খুব খুশি। তাঁরা প্রশাসনকে ধন্যবাদ জানিয়েছেন। এর ফলে আর ছোটখাটো সমস্যায় তাঁদের রোগী নিয়ে দূরে ছুটতে হবে না।

এসআইআর নিয়ে রায়গঞ্জ ও ইসলামপুরে বৈঠকে সামিরুল

সংবাদদাতা, রায়গঞ্জ : মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এবং তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের কথামতো ভোটার তালিকা থেকে একজনও প্রকৃত ভোটার যাতে বাদ না পড়েন, তা সুনিশ্চিত করতে গুরুত্বপূর্ণ বৈঠক আয়োজিত হল উত্তর দিনাজপুরের ইসলামপুর ও রায়গঞ্জে। এদিন ইসলামপুর বাস টার্মিনাসের পাশে ও রায়গঞ্জের মোহরকুঞ্জে এই বৈঠক হয়। ছিলেন রাজ্যসভার সাংসদ সামিরুল ইসলাম, জেলা সভাপতি পম্পা পাল, দলের জেলা সভাপতি কানাইয়ালাল আগরওয়াল, বিধায়ক কৃষ্ণ কল্যাণী, গৌতম পাল, পুর প্রশাসক সন্দীপ বিশ্বাস, মহিলা তৃণমূল সভানেত্রী চৈতালী ঘোষ সাহা প্রমুখ। সামিরুল জানান, অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে উত্তর দিনাজপুরের রায়গঞ্জ ও ইসলামপুরে এসআইআর-এর অগ্রগতি নিয়ে স্থানীয় তৃণমূল



■ সামিরুল ইসলামকে সংবর্ধনা। পাশে জেলা সভাপতি।

বিধায়ক, জেলা সভাপতি ও নেতৃত্বের সঙ্গে আলোচনা করা হয়েছে। বুধস্তরে বিএলও-দের মানুষের পাশে থাকতে হবে। এসআইআর-এর ফর্ম পূরণ নিয়ে মানুষ বিভ্রান্ত। এমন অনেক মানুষ আছেন, যাদের নাম তালিকার হার্ড কপিতে থাকলেও ওয়েবসাইটে নেই। যাতে প্রতিটি মানুষ ফর্ম পূরণের সুযোগ পায় সে বিষয়ে আলোচনা করা হয়েছে এদিন।



■ সিউডি ২ ব্লকের একাধিক ভোটসুরক্ষা শিবির পরিদর্শনে বীরভূম লোকসভা কেন্দ্রের সাংসদ শতাব্দী রায়। বৃহস্পতিবার।

জয়নগরে ৪ দিনের নাট্যমেলা

প্রতিবেদন : জয়নগরে শুরু হল নাট্যমেলা। পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমির আয়োজনে এবং দক্ষিণ ২৪ পরগনার জেলা তথ্য ও সংস্কৃতিক দফতরের ব্যবস্থাপনায়। ছিলেন সাংসদ প্রতিমা মণ্ডল, বিধায়ক বিশ্বনাথ দাস, জয়শে ল, অনন্যা মজুমদার, পুরপ্রধান সুকুমার হালদার, সজিত সরখেল, খান জিয়াউল হক, তপন মণ্ডল, বন্দনা লস্কর প্রমুখ। শিবনাথ শাস্ত্রী সদনে আয়োজিত এই নাট্যমেলা চলবে রবিবার পর্যন্ত।



কর্মপ্লাবন তৈরি করেছে টেলি ইন্ডাস্ট্রি

(প্রথম পাতার পর)

নতুন প্রজন্ম আমাদের ইতিহাস জানুক। আমাদের মাটি, সোনার চেয়ে খাঁটি। এই মাটি নবজাগরণের জন্ম দিয়েছে। আমি সেই মাটিকে চেনানোর জন্য সামাজিক চেতনার কথা বলছি। রাজ্যের প্রশাসনিক প্রধান শাসন ব্যবস্থা সামলানোর পাশাপাশি অবসর সময় পেলেই টিভিতে সিরিয়াল দেখেন বলে জানান। হালকা মেজাজে মুখ্যমন্ত্রী বলেন, এখন অনেক সিরিয়াল হচ্ছে নতুন চিন্তাধারার, যা আগে মানুষ মেনে নিতে পারত না কিন্তু এখন মেনে নিচ্ছে। সবাই যেন সবার মতো যেন ভাল করে বাঁচতে পারে সে দিকটা আমাদের সকলকে দেখতে হবে। এটা একটা পরিবার।

সবশেষে মাধবী মুখোপাধ্যায় এবং সাবিত্রী চট্টোপাধ্যায়কে প্রণাম জানান মমতা বন্দ্যোপাধ্যায়। এই বয়সে এসেও তাঁদের কাজ করার অদম্য ইচ্ছে শক্তিকে কুনিশ জানান তিনি। বলেন, মাধবীদি ও সাবিত্রীদিকে প্রণাম জানাই। এই বয়সে এসে তাঁরা যেভাবে অভিনয় করছেন তার কোনও তুলনা হয় না। বৃহস্পতিবার ধনধান্যে টেলি আকাদেমি অ্যাওয়ার্ড অনুষ্ঠানে ৪০টিরও বেশি বিভাগে পুরস্কৃত হলেন ছোট পর্দার জনপ্রিয় ধারাবাহিক থেকে শুরু করে অভিনেতা-অভিনেত্রী ও কলাকুশলীরা। এর মধ্যে উল্লেখযোগ্য জীবনকৃতি সম্মান পেলেন চিত্রনাট্যকার লীনা গঙ্গোপাধ্যায়। প্রিয় পরিবারের পুরস্কার পেল ধারাবাহিক জগদ্ধাত্রী, কথা, চিরসখা পরিবার, প্রিয় শিশু শিল্পী পরশুরাম আজকের নায়ক থেকে আয়তী মুখোপাধ্যায় ও অভিনব বিশ্বাস, প্রিয় জুটি পেলেন পরশুরাম আজকের নায়ক ধারাবাহিক থেকে ইন্ডিজিং বসু ও তৃণা সাহা। সেরা অভিনেতার পুরস্কার পেলেন দাদামণি ধারাবাহিক থেকে অভিনেতা প্রতীক সেন, সেরা অভিনেত্রী পুরস্কার পেলেন ফুলকি ধারাবাহিক থেকে দিব্যাণী মণ্ডল। এছাড়াও প্রতিটি বিভাগে ছিল একাধিক পুরস্কার। মধ্যে এদিন সঙ্গীত পরিবেশন করলেন ইন্দ্রনীল সেন, রূপঙ্কর বাগচী, বাবুল সুপ্রিয়, ইমন চক্রবর্তী, শ্রীরাধা বন্দ্যোপাধ্যায়, মনোময় ভট্টাচার্য ও রাঘব চট্টোপাধ্যায়। অনুষ্ঠানে জমকালো নৃত্য পরিবেশন করলেন পূজা বন্দ্যোপাধ্যায়, শ্রাবন্তী চট্টোপাধ্যায়-সহ আরও অনেকে।

শিয়াল-আতঙ্কে বর্ধমানের বিভিন্ন এলাকায় সচেতনতা বৃদ্ধির উদ্যোগ বন দফতরের

সংবাদদাতা, বর্ধমান : পূর্ব বর্ধমান জেলার বর্ধমান ১ ও বর্ধমান ২ নং ব্লক জুড়ে বেশ কিছু এলাকায় শিয়ালের আতঙ্কে ছড়িয়ে পড়েছে। সেই আতঙ্ক কাটাতে বৃহস্পতিবার বর্ধমান ২ নং ব্লকের সোনাপালাশি গ্রামে মাইকিং করল বন দফতর। বাসিন্দাদের কাছে বন দফতরের আবেদন, সঙ্কের পর একা নয়, দলবদ্ধভাবে থাকুন। ছেলেমেয়েরা

টিউশন পড়তে গেলে তাদের সঙ্গে থেকে বাড়ি ফেরানোর ব্যবস্থা করুন। শিয়ালকে ভয় দেখানোর জন্য হাতে লাঠি রাখুন। তবে কখনই শিয়ালদের লাঠি দিয়ে আঘাত করবেন না। এলাকায় বন্য জীবজন্তু দেখলে বন দফতরে খবর দিন। বন দফতর আপনাদের পাশে আছে। বর্ধমানের কুড়মুন, সোনাপালাশি ও তার আশপাশের বাসিন্দারা শিয়ালের



■ বন বিভাগের কর্তা ও বনকর্মীরা সচেতনতা প্রচার করছেন।

ভয়ে আতঙ্কিত। ভোরের ধান কাটতে যেতে পারছেন না। দিনের আলো থাকতে থাকতেই মাঠ থেকে ঘরে ফিরতে হচ্ছে। সোনাপালাশি গ্রামের দিলীপ সিং নামে এক ক্ষেতমজুর শিয়ালের হামলায় গুরুতর জখম হয়েছেন। এরপর আতঙ্ক আরও বেড়েছে। স্থানীয় দেবাশিস মল্লিক বলেন, মাঠে এমনিতেই সাপের উপদ্রব। তার ওপর শিয়ালের দল।

দল পাকিয়ে মাঠে যেতে হচ্ছে। শিয়ালের সংখ্যা খুবই বেড়ে গিয়েছে। আগে তারা ধানজমির কাঁকড়া, শামুক, মাছ খেত। এখন লোকালয়ে চলে আসছে। বন দপ্তরের সহকারী ডিএফও অনিবার্ণ মিত্র শিয়ালের আক্রমণে আক্রান্ত দিলীপ সিংকে আর্থিক ক্ষতিপূরণ দেওয়ার জন্য বন দফতরে যোগাযোগ করতে বলেছেন।

রাতে আগুন পোহাতে গিয়ে
কারখানার মধ্যে বিধ্বস্ত কার্বন
মনোঅক্সাইডে মৃত্যু হল ৪ ব্যক্তির।
কানপুরে পানকি শিল্পাঞ্চলে একটি
ভোজ্য তেলের কারখানায় ঘটে যায়
এই মমান্তিক ঘটনা

রিজার্ভ ব্যাঙ্কের অফিসার সেজে লুঠ ৭ কোটি

বেঙ্গালুরু: পুরোপুরি সিনেমার কায়দায় লুঠ করা হল ৭ কোটিরও বেশি টাকা। নিজেদের রিজার্ভ ব্যাঙ্কের অফিসার হিসেবে পরিচয় দিয়ে ৩ লুঠেরা গাড়ি দিয়ে আটকে দিল এটিএমের পরিষেবা দেওয়া সংস্থার ভ্যান। তারপরে ৩ কিমি দূরে নিয়ে গিয়ে অস্ত্র দেখিয়ে লুঠ করল ৭ কোটি টাকারও বেশি। টাকাভর্তি ৩টি বাস্ক অন্য গাড়িতে তুলে চম্পট দিল দুষ্কৃতীরা।



দুঃসাহসিক এই ডাকাতির ঘটনাটি ঘটেছে দক্ষিণ বেঙ্গালুরুতে। বুধবার দুপুরে। টাকাভর্তি ভ্যানটিতে চালক ছাড়াও ছিলেন আরও ৩ জন। গাড়িতে

ছিলেন সশস্ত্র নিরাপত্তারক্ষীরাও। পুলিশসূত্রে জানা গিয়েছে, একটি বেসরকারি ব্যাঙ্ক থেকে এইচবি আরের দিকে যাওয়ার সময় ঘটনাটি ঘটে। গাড়ি দিয়ে ভ্যানের রাস্তা আটকে ৩ জন নেমে আসে। ভ্যানের লোকেদের বলেন, আপনারা আরবিআইয়ের নিয়ম ভেঙেছেন। আপনাদের বক্তব্য রেকর্ড করতে হবে। সেই ফাঁদে পা দিয়ে নিরাপত্তারক্ষীরা তাঁদের বন্দুক তুলে দেন আরবিআই অফিসার হিসেবে দাবি করা ৩ জনের হাতে। তাদের কথামতো ৩ কিমি দূরে নিমহাস জংশনে পৌঁছানো মাত্রই অপারেশন শুরু করে দুষ্কৃতীরা। কেউ গ্রেফতার হয়নি।

পরের লক্ষ্য কি বিহার? সংশয় শপথের পরেই

মহারাষ্ট্রে অপারেশন লোটাস শরিকদের ঘর ভাঙাচ্ছে বিজেপি

মুম্বই: এবার বিজেপির আগ্রাসী পদক্ষেপ শরিকদের ঘরেই। ‘অপারেশন কমল’ শুরু হয়েছে গেরুয়া মহারাষ্ট্রেই। শরিক দলেই থাকা বসাচ্ছে বিজেপি। নেমেছে দল ভাঙানোর খেলায়। এই ঘটনাকে কেন্দ্র করে চরম অশান্তি দেখা দিয়েছে শাসকজোটে। মহারাষ্ট্রের উপমুখ্যমন্ত্রী শিবসেনা নেতা একনাথ শিন্ডের সঙ্গে রাজ্য বিজেপি নেতৃত্বের খেয়োখেয়ি চরমে উঠেছে। দিল্লিতে গিয়ে বিজেপির রাজ্য নেতৃত্বের বিরুদ্ধে অমিত শাহ এবং জেপি নাড্ডার কাছে সরাসরি অভিযোগ জানিয়েছেন শিন্ডে। উগরে দিয়েছেন একরাশ ক্ষোভ। তাঁর অভিযোগ, জেটধর্ম মানছে না বিজেপি। বুধবার রাতে শাহ-নাড্ডার সঙ্গে বৈঠকে তীব্র ক্ষোভপ্রকাশ করে তিনি বলেছেন, শিবসেনা নেতাদের ভাঙিয়ে নিচ্ছেন বিজেপি নেতারা।

শুধু মহারাষ্ট্রেই নয়, অদূর ভবিষ্যতে বিহারেও একইভাবে দল ভাঙানোর খেলায় বিজেপি নামবে বলে অভিমত রাজনৈতিক বিশেষজ্ঞদের। বৃহস্পতিবারই আবার মুখ্যমন্ত্রী পদে

শপথ নিয়েছেন জেডিইউ সুপ্রিমো নীতীশ কুমার। কিন্তু ক্যাবিনেটে আধিপত্য বিজেপিরই। মন্ত্রিসভায় সংখ্যার বিচারে এগিয়ে রয়েছে তারা। এর থেকেই স্পষ্ট, বিহারের

নালিশ জানাতে দিল্লিতে শিন্ডে

জেট সরকারের রাশ নিজেদের হাতেই রেখেছে বিজেপি। তাই সংশয় জেগেছে শপথ অনুষ্ঠানের পরেই। আপাতত নীতীশকে না ঘাঁটালেও, তাঁকে সামনে রেখেই বিহারের সরকারের মূল চাবিকাঠি বিজেপির হাতেই। তাছাড়া বয়সজনিত কারণে শাহ-নাড্ডার সঙ্গে বৈঠকে তীব্র প্রচারও তলে তলে চালিয়ে যাচ্ছে মোদির দল। শেষপর্যন্ত নীতীশ কতদিন মুখ্যমন্ত্রী পদে থাকতে পারেন, সেটাই এখন দেখার বিষয়।

এদিকে অবস্থা এমন পর্যায়ে পৌঁছেছে, যে কোনও মুহূর্তেই শাসকজোট মহাজুটিতে গভীর ফাটল ধরতে পারে বলে মনে করছেন

রাজনৈতিক বিশেষজ্ঞরা। যার অবশ্যাব্যী পরিণামে নড়ে যেতে পারে মহারাষ্ট্রের গেরুয়া সরকারের ভিতও। শিন্ডের শিবসেনার ক্ষোভের স্পষ্ট প্রতিফলন দেখা দিয়েছে মঙ্গলবার বিজেপির মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়ণবীশের ডাকা মন্ত্রিসভার বৈঠকে। উপমুখ্যমন্ত্রী শিন্ডে উপস্থিত থাকলেও ছিলেন না তাঁর দলের কোনও মন্ত্রী। আবার বুধবার মুম্বইতে একটি অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ফড়ণবীশ এবং আর এক উপমুখ্যমন্ত্রী এনসিপি নেতা অজিত পাওয়ার উপস্থিত থাকলেও দেখা যায়নি আমন্ত্রিত শিন্ডেকে। আসলে জটিলতার সূত্রপাত মহারাষ্ট্রে পুরনির্বাচনকে কেন্দ্র করে। স্থানীয় শিবসেনা নেতাদের ভাঙিয়ে বিজেপিতে নেওয়ার ব্যাপারে সবুজ সঙ্কেত দেন রাজ্য বিজেপি সভাপতি। এতেই ক্ষোভে ফেটে পড়েন শিন্ডে। ফড়ণবীশের সঙ্গে দেখা করে তিনি ক্ষোভের সঙ্গে দখান, কল্যাণ এবং ডম্বলি এলাকায় অপারেশন লোটাস চালাচ্ছে বিজেপি। কিন্তু তাতে কোনও লাভই হয়নি। শরিক ভাঙানোর খেলায় অবিচল বিজেপি।

এবার রাজস্থানে কাজের চাপে মৃত্যু বিএলওর

জয়পুর: অতিরিক্ত কাজের চাপ সহ্য করতে না পেরে এবারে এক বিএলওর মৃত্যু হল বিজেপি শাসিত রাজস্থানে। বুধবার সকালে হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যু হয় হরিরাম ওরফে হরিওম বৈরওয়া নামে ৩৪ বছর বয়সের বৃথ লেভেল অফিসারের। এই অকালমৃত্যুর জন্য মাত্রারিক্ত কাজের চাপকেই দায়ী করেছেন তাঁর পরিবার। ঘটনাটি ঘটেছে রাজস্থানের সোয়াই মাধোপুর জেলায়। সেবতি খুর্দ সরকারি স্কুলের শিক্ষক ছিলেন তিনি। পরিবারের অভিযোগ, এস আই আরের কাজের মাত্রাছাড়া বোঝা চাপিয়ে দেওয়া হচ্ছিল তাঁর উপরে। নাওয়া-খাওয়ার সময়ও পাচ্ছিলেন না তিনি। কাজের চাপে বাড়িতে খুব একটা কথাবার্তাও বলছিলেন না হরিরাম। গভীর রাত পর্যন্ত জেগে কাজ করতে হচ্ছিল তাঁকে। আবার বেরিয়ে পড়তে হচ্ছিল অনেক ভোরে। পরিবারের সদস্যরা জানান, বুধবার সকালে স্থানীয় তহসিলদার ফোন করেন তাঁকে। সেই ফোন পাওয়ার পরেই অসুস্থ হয়ে পড়েন হরিরাম। দ্রুত হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা মৃত ঘোষণা করেন তাঁকে। বাড়ির লোকেরা জানান, গত ৬ দিন ধরে প্রচণ্ড চাপ দেওয়া হচ্ছিল তাঁকে। হরিরামের বাবা ব্রিজমোহন বললেন, তহসিলদার ফোন করে কী বলেছিল ছেলেকে জানিনা। তবে তারপরেই হার্ট অ্যাটাক করে ছেলের। ছেলেকে হারিয়ে ভেঙে পড়েছেন তাঁর বাবা। ক্ষোভ উগরে দিয়েছেন কমিশনের বিরুদ্ধে।



ন্যূনতম বেতনবৃদ্ধি, শ্রমিকদের কেন বঞ্চিত করছে কেন্দ্র? প্রশ্ন তৃণমূলের

নয়াদিল্লি: ন্যূনতম বেতন থেকে শ্রমিকদের ক্রমাগত বঞ্চিত করে চলেছে মোদি সরকার। ২০১৭ সালের ১ অগাস্টের পর থেকে বাড়ানোই হয়নি ফ্লোর মিনিমাম ওয়েজেস। ফলে সৃষ্টভাবে বেঁচে থাকার প্রায় অসম্ভব হয়ে পড়েছে দেশের শ্রমিক শ্রেণির পক্ষে। বৃহস্পতিবার সংসদের শ্রম বিষয়ক স্ট্যান্ডিং কমিটিতে রীতিমতো চাঁচাছোলা ভাষায় এই অভিযোগ তুললেন রাজ্যসভার সাংসদ রাজ্য আইএনটিটিইউসি সভাপতি খাতরত বন্দোপাধ্যায়। ফ্লোর মিনিমাম ওয়েজ নিয়ে খাতরতর প্রশ্নবাণে এদিন বেশ অস্থির হয়ে পড়ে যায় কেন্দ্র। তৃণমূলের যুক্তি, শ্রমিকদের বেতন নিয়মিতভাবে বৃদ্ধির রীতি থাকলেও বিজেপি জমানায় ২০১৭ সালের ২১ অগাস্টের পরে তা থমকে দাঁড়ায়। ফলে শ্রমিকদের ন্যূনতম বেতন এখনও দিনে ১৭৮



টাকাতেই দাঁড়িয়ে আছে। অর্থাৎ, মাসে ২৬ দিন কাজ করলে সবমিলিয়ে শ্রমিকদের রাজগারের অঙ্কটা দাঁড়ায় ৪৬২৮ টাকা। স্বাভাবিক প্রশ্ন তোলেন, এই সামান্য টাকায় কি সম্ভব দিন গুজরান? তাৎপর্যপূর্ণ বিষয়, তৃণমূলের প্রশ্নের কোনও সদুত্তর তো দিতে পারেইনি সরকারপক্ষ, বরং তাদের যুক্তি মেনে নেন স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যানও। প্রকাশ করেন বিস্ময়ও। কেন্দ্রের সাফাই, লেবার কোড অর্থাৎ এ বিষয়ে সুনির্দিষ্ট বিধি চালু হলেই সমাধান হবে সমস্যার। কিন্তু তৃণমূলের প্রশ্ন, লেবার কোড বাস্তবায়িত হওয়ার প্রশ্ন উঠছে কীভাবে? অন্যান্য শ্রমিক সংগঠন তো বটেই, প্রস্তাবিত লেবার কোডের বিরোধীতা করেছে বিজেপির শ্রমিক সংগঠনও। কোন কোন শ্রমিক সংগঠন একে সমর্থন জানিয়েছে, কেন্দ্রের কাছে তার তালিকা দাবি করেছে তৃণমূল।

বিল অনুমোদনে হস্তক্ষেপ করতে পারে সুপ্রিম কোর্ট

নয়াদিল্লি: বিলের অনুমোদনের ব্যাপারে রাষ্ট্রপতি বা রাজ্যপাল দীর্ঘকাল নিষ্ক্রিয় থাকলে সুপ্রিম কোর্টের সাংবিধানিক বেঞ্চ সীমিতভাবে হস্তক্ষেপ করতে পারে। স্পষ্ট জানিয়ে দিল সুপ্রিম কোর্টের সাংবিধানিক বেঞ্চ। তামিলনাড়ু সরকার বনাম তামিনাডুর রাজ্যপাল মামলার প্রেক্ষিতে বিলের অনুমোদন দেওয়ার ক্ষেত্রে গত এপ্রিলে রাষ্ট্রপতি ও রাজ্যপালকে ৩ মাসের সময়সীমা বেঁধে দিয়েছিল সুপ্রিম কোর্ট। ১৩ মে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু সংবিধানের ১৪৩ অনুচ্ছেদের অধীনে সুপ্রিম কোর্টে একটি আবেদন করেন। ১৪ গুরুত্বপূর্ণ বিষয়ে মতামত চাল শীর্ষ আদালতের। বৃহস্পতিবার সেই মামলার রায় দিল সুপ্রিম কোর্ট।

দিল্লি বিস্ফোরণ, ধূত জঙ্গিদের জেরা করা হবে মুখোমুখি বসিয়ে

নয়াদিল্লি: গত ১০ নভেম্বর দিল্লি বিস্ফোরণের তদন্ত যতই এগোচ্ছে ততোই বাড়ছে গোয়েন্দাদের উদ্বেগ। পাক জঙ্গি সংগঠন জৈশ এবং লঙ্করের দুই গোষ্ঠী সম্মিলিত হামলার চেষ্টা চালাতে পারে এই তথ্য গোয়েন্দাদের কাছে আসতেই এজেন্সির বাড়ছে উদ্বেগ। এই দুই গোষ্ঠীর অপারেশন স্টাইল থেকে শুরু করে সব দিকেই নজরদারি জোরদার করছে গোয়েন্দারা। এক্ষেত্রে দিল্লি বিস্ফোরণের পরে আরও কোনও বড়ো ষড়যন্ত্র আছে কিনা জঙ্গিদের, তা জানতে গ্রেফতার হওয়া মূল তিন জঙ্গি চিকিৎসক মোজাম্মিল শাকিল, শাহিন শাহিদ ও আদিল রাদাকে মুখোমুখি বসিয়ে জিজ্ঞাসাবাদ করতে চাইছে এনআইএ। দিল্লির রাউস এভিনিউ কোর্ট থেকে চার জঙ্গিকে বৃহস্পতিবার জিজ্ঞাসাবাদের জন্য ১০ দিন হেফাজতে নিয়েছে এনআইএ।

এদিকে আলফালহা বিশ্ববিদ্যালয়ে প্রতিষ্ঠাতা জাভেদ আহমেদ সিদ্দিকিকে জেরা করে তার বিরুদ্ধে কয়েকশো

কোটি টাকার জমি দুর্নীতির তথ্য জানতে পেরেছে ইডি। ফরিদাবাদে আলফালহা বিশ্ববিদ্যালয়ে কাছে ৯ বিঘার বেশি জমি দুর্নীতির খোঁজ মিলেছে সিদ্দিকির বিরুদ্ধে। এর



মধ্যে ৫ বিঘার বেশি জমি জাল রেজিস্ট্রি করেছে সিদ্দিকি। মৃত ব্যক্তিদের নামে জাল নথি বানিয়ে জমি জবর দখল করে কোটি কোটি টাকা জালিয়াতির বিষয় জানতে পেরেছে ইডি। ফরিদাবাদে গত চার পাঁচ বছর ‘কোড ব্ল্যাক’-এর নামে ল্যান্ড মাল্ফিয়ার কাজ করছিল সিদ্দিকি। তদন্তে জানতে পেরেছে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। বাকি ৪ বিঘা জমি জাল নথিবদ্ধ করার চেষ্টায় ছিল জাভেদ আহমেদ সিদ্দিকি। তার আগেই ইডি হাতে গ্রেফতার হয় সিদ্দিকি। মোট জমি দুর্নীতি বাবদ ৪০০ কোটি টাকার বেশি অর্থ কোথায় গেল? এই হদিশ পেতে তার ব্যাঙ্ক অ্যাকাউন্ট খতিয়ে দেখা হচ্ছে। ঘুরপথে এই বিপুল পরিমাণ অর্থ সিদ্দিকি কীভাবে সরিয়েছে তারই তথ্য তালিশ করছে এই মুহূর্তে কেন্দ্রীয় গোয়েন্দারা।

ডোভাল-খলিলুর বৈঠক

নয়াদিল্লি: ভারতের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত ডোভালের সঙ্গে দেখা করে বৈঠক করলেন বাংলাদেশের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা খলিলুর রহমান। ভারত ও

বাংলাদেশের মধ্যে প্রধান দ্বিপাক্ষিক নিরাপত্তা বিষয়গুলো নিয়ে আলোচনা হয় বিস্তারিতভাবে। বৃহস্পতিবার কলকাতা সিকিউরিটি কলক্রেড বা সিএসসি থেকে পারস্পরিক সহায়তা এবং আঞ্চলিক শান্তিরক্ষার বার্তা দিলেন খলিলুর রহমান।

নির্বাচন কমিশনের ভূমিকা নিয়ে সংসদে বিতর্ক চায় তৃণমূল

এসআইআর নিয়ে প্রশ্নের মুখোমুখি হতে ভয়, তাই আলোচনায় অনীহা?



মানুষের হেনস্থা নিয়ে জবাব দিতে
পারবে না বুঝেই বিতর্ক এড়াতে চায়
মোদি সরকার, তোপ ডেরেকের

নয়াদিল্লি : বিধানসভা ভোটের মুখে
বাংলায় এসআইআর বা বিশেষ
নিবিড় সংশোধনীর নামে কার্যত
জুলুম চালাচ্ছে নির্বাচন কমিশন।
বিজেপির অঙুলিহেলনে কমিশনের
এই পদক্ষেপে নাজেহাল জনজীবন।
গত ২৪ দিনে পশ্চিমবঙ্গে ৩১ জনের
মৃত্যু হয়েছে। এই তালিকায়
আতঙ্কিত সাধারণ মানুষের
পাশাপাশি বিএলওরাও রয়েছেন।
বিএলওদের যুক্তিসঙ্গত সমস্যার
কথা না শুনেই তাঁদের উপর
সিংহভাগ দায়িত্ব চাপিয়ে দিয়েছে
নির্বাচন কমিশন। পাশাপাশি ঈশিয়ারি
দেওয়া হয়েছে শাস্তিমূলক
পদক্ষেপের। নির্বাচন কমিশনের
বেনজির চাপের মুখে একাধিক
বিএলও অসুস্থ হয়েছেন, অনেকের

মৃত্যুও হয়েছে। তা সত্ত্বেও নির্বাক
কমিশনের আধিকারিকরা।
অন্যদিকে, বিজেপি নেতারা যেভাবে
এসআইআরের নামে হুমকি দিচ্ছেন,
তাতেও বহু মানুষ অনিশ্চয়তার
আতঙ্কে ভুগছেন। সব মিলিয়ে
নির্বাচন কমিশনের এসআইআর
কর্মসূচির পর থেকেই মৃত্যুমিছিল
শুরু হয়েছে। জাতীয় নির্বাচন
কমিশনের এই সিদ্ধান্তের পিছনে
‘রাজনৈতিক পরিকল্পনা’ রয়েছে
বলে শুরু থেকেই অভিযোগ
শানিয়েছে তৃণমূল কংগ্রেস। দলনেত্রী
মমতা বন্দ্যোপাধ্যায় তোপ দেগেছেন
বিজেপি-কমিশনের অশুভ
আঁতাতের দিকে। এসআইআর
প্রত্যাহারের আর্জিও জানিয়েছেন
তিনি। এই পরিস্থিতিতে সংসদের

এসআইআর (বিশেষ নিবিড় সংশোধন)

২৪ দিনে ৩১ জনের মৃত্যু

তারিখ	নাম	বয়স	জেলা	তারিখ	নাম	বয়স	জেলা
অক্টোবর ২৬	প্রদীপ দত্ত	৫৭	উত্তর ২৪ পরগনা	নভেম্বর ৭	সরোজকান্ত রায়	৬২	জলপাইগুড়ি
অক্টোবর ৩০	কিশোর মন্ডল	৯৫	পশ্চিম মেদিনীপুর	নভেম্বর ৮	সমিতা হোসেন	৫০	পূর্ব বর্ধমান
অক্টোবর ৩০	বিহার সিন্ধা	৫৩	উত্তর ২৪ পরগনা	নভেম্বর ৯	প্রবুল মন্ডল	-	নদিয়া
নভেম্বর ২	হাসিনা বেবন	৬০	হুগলী	নভেম্বর ১০	প্যারেল সাহা	৭২	নদিয়া
নভেম্বর ২	শেখ রিজওয়াজ	৭০	পূর্ব মেদিনীপুর	নভেম্বর ১০	আল দৌলেন	২৭	হুগলী
নভেম্বর ৩	ইরারি সেন্না	৬৫	পূর্ববঙ্গ	নভেম্বর ১০	কামাল মন্ডল	৬৫	মুন্সিগঞ্জ
নভেম্বর ৪	জাহির দাস	২৮	বাগালু	নভেম্বর ১১	মুদুন মন্ডল	৩২	উত্তর ২৪ পরগনা
নভেম্বর ৪	মোহন শেখ	৫৫	পূর্ববঙ্গ	নভেম্বর ১৩	তুসার মন্ডল	৬৭	জলপাইগুড়ি
নভেম্বর ৪	মাদন মোহন বর্মা	১০	জলপাইগুড়ি	নভেম্বর ১৪	কমলা রায়	৫২	জলপাইগুড়ি
নভেম্বর ৪	সত্যেন্দ্র মল্লিক	৫৭	দক্ষিণ ২৪ পরগনা	নভেম্বর ১৫	জিহাদ আলি	৭০	উত্তর ২৪ পরগনা
নভেম্বর ৫	বিজয় রায়	৫৭	পূর্ববঙ্গ	নভেম্বর ১৬	পার্বী বিবি	৫৫	পূর্ববঙ্গ
নভেম্বর ৫	বিমান প্রাণিক	৫২	বীরভূম	নভেম্বর ১৭	বেদ্যনাথ হাজারী	৪৬	উত্তর ২৪ পরগনা
নভেম্বর ৬	তারক সাহা	৫২	পূর্ববঙ্গ	নভেম্বর ১৭	মদুন মন্ডল	৬৭	কলকাতা
নভেম্বর ৬	সাব্যসাধন পাইক	৪৫	দক্ষিণ ২৪ পরগনা	নভেম্বর ১৮	পাণ্ডি মুনি গরাল	৪৮	জলপাইগুড়ি
নভেম্বর ৭	বিজি দাস	৪৯	হুগলী	নভেম্বর ১৯	পঙ্কজ মন্ডল	৫৭	উত্তর ২৪ পরগনা

আসন্ন শীতকালীন অধিবেশনের
নির্বাচন কমিশনের ভূমিকা নিয়ে
আলোচনা চায় তৃণমূল কংগ্রেস।
দলের রাজ্যসভার দলনেতা ডেরেক
ও'ব্রায়েন বলেন, মানুষের ইস্যু নিয়ে
সরকারের কাছে জবাবদিহি চাওয়ার
জন্য সংসদের প্রতিনিধিরা দায়বদ্ধ।
কিন্তু মোদি সরকার চায় সংসদ অচল
হয়ে থাক। কারণ সংসদ অচল হলে
মানুষের একাধিক জ্বলন্ত সমস্যা
নিয়ে জবাব দেওয়ার দায় থাকে না

সরকারের। নিজেদের বাঁচাতেই
এবারও সংসদে নির্বাচন কমিশন
ইস্যুতে কেন্দ্রীয় সরকার আলোচনার
পক্ষপাতী নয়। ডেরেক জানান,
সংসদীয় আইনের ১৬৯ ধারায়
জনস্বার্থ সংশ্লিষ্ট বিষয় নিয়ে
আইনসভায় আলোচনা সম্ভব।
অতীতেও নির্বাচন কমিশনের
এক্সিকিউটিভ একাধিক বিষয় নিয়ে
সংসদে আলোচনা হয়েছে। এবারে
তাহলে অনীহা কেন সরকারের?

রাজনৈতিক লড়াইয়ে বারবার কেন সিবিআই ব্যবহার, প্রশ্ন সুপ্রিম কোর্টের

নয়াদিল্লি: কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা
সেন্ট্রাল ব্যুরো অফ ইনভেস্টিগেশন
কেন রাজনৈতিক লড়াইয়ে তাদের
বিচার বিভাগীয় যন্ত্রকে ব্যবহার
করছে, সেই বিষয়ে প্রশ্ন তুলল
সুপ্রিম কোর্ট। প্রধান বিচারপতি
বিচার গাভাই এবং বিচারপতি কে
বিনোদ চন্দ্রনের একটি বৈশিষ্ট্য এই
মন্তব্য করে। পাশাপাশি সুপ্রিম কোর্ট
ঝাড়খণ্ড বিধানসভা সচিবালয়ের
নিয়োগ ও পদোন্নতিতে অনিয়মের
অভিযোগের প্রাথমিক তদন্ত শুরু

করার জন্য সিবিআই-এর আবেদন
বিবেচনা করতে অস্বীকার করেছে।
সিবিআইকে উদ্দেশ্য করে বৈশিষ্ট্য
সরাসরি প্রশ্ন তোলে, রাজনৈতিক
লড়াইয়ের জন্য আপনারা কেন এই
যন্ত্রটি ব্যবহার করেন? আমরা
আপনাদের আগেও বহুবার বলেছি।
প্রসঙ্গত, গত বছর নভেম্বরেই
ঝাড়খণ্ড হাইকোর্টের একটি রায়ে
সুপ্রিম কোর্ট স্বগিতাদেশ দিয়েছিল।
যেখানে ঝাড়খণ্ড রাজ্য বিধানসভায়
নিয়োগ ও পদোন্নতির কথিত

অনিয়ম নিয়ে তদন্তের জন্য
সিবিআইকে নির্দেশ দেওয়া হয়।
মামলাটি বিবেচনা করার পর সুপ্রিম
কোর্ট জানায়, তারা সিবিআই-এর
আবেদন গ্রহণ করতে আগ্রহী নয়।
ঝাড়খণ্ড বিধানসভা সচিবালয়ের
পক্ষে উপস্থিত হয়ে সিনিয়র
অ্যাডভোকেট কপিল সিবল মন্তব্য
করেন, মামলা আদালতে আসার
আগেই সিবিআই-এর আদালতে
উপস্থিত হওয়াটা চরম বিশ্ময়কর।
তবে সিবিআই-এর প্রতিনিধিত্বকারী



অতিরিক্ত সলিসিটর জেনারেল এস
ডি রাজু এই বক্তব্যের বিরোধিতা
করে যুক্তি দেন, যখন কোনও
অপরাধ থাকে, তখনই সিবিআই
উপস্থিত হয়। যদিও শীর্ষ আদালতের
বৈশিষ্ট্য রাজুর এই যুক্তিতে সন্তুষ্ট
হয়নি। বিচার বিভাগীয় যন্ত্রের
অপব্যবহার নিয়ে সিবিআইয়ের
প্রবণতায় বিরক্তি প্রকাশ করেছে
সুপ্রিম কোর্ট।

মারণ 'সার' বন্ধ রাখুন

(প্রথম পাতার পর) মানসিক স্বাস্থ্যের জন্য উদ্বেগজনক। এই পরিস্থিতিতে
সাহায্য কিংবা সময়সীমা না বাড়িয়ে কলকাতার সিইও দফতর 'ভয়' দেখাচ্ছে
বলে অভিযোগ মুখ্যমন্ত্রীর। বিএলওদের শোকজ করা হচ্ছে। এমনকী কড়া ব্যবস্থা
নেওয়ার হুমকি দেওয়া হচ্ছে বলেও চিঠিতে উল্লেখ করেছেন মমতা
বন্দ্যোপাধ্যায়। তাঁর অভিযোগ, কমিশন প্রাউন্ড রিয়্যালিটি বুঝতে অস্বীকার
করছে। মুখ্যমন্ত্রীর কথায়, বর্তমানে পশ্চিমবঙ্গে খানচাষের সময়। কৃষিক্ষেত্রের এই
ব্যস্ততম সময়ে এসআইআর প্রক্রিয়া চালানো অযৌক্তিক। সাধারণ মানুষের
উপরও চাপ সৃষ্টি করা হচ্ছে। মুখ্যমন্ত্রীর মতে, এই প্রক্রিয়া শুধু বিএলও-দের উপর
নয়, সাধারণ মানুষকেও মানসিক ভাবে চাপে ফেলছে। সেই কারণেই আত্মহত্যার
ঘটনা ঘটছে। চিঠির শেষে অবিলম্বে এসআইআর প্রক্রিয়া বন্ধের আর্জি
জানিয়েছেন মুখ্যমন্ত্রী। তাঁর অনুরোধ, পর্যাপ্ত প্রশিক্ষণ এবং সহায়তা প্রদানের
বিষয় বিবেচনা করা হোক। তাঁর কথায়, এই প্রক্রিয়া যদি অবিলম্বে সংশোধন
করা না হয়, তাহলে সেটা সকলেরই ক্ষতি। একই সঙ্গে এসআইআর প্রক্রিয়ার
সময়সীমা পুনর্বিবেচনারও আবেদন জানিয়েছেন মুখ্যমন্ত্রী।

কাজের চাপে সেরিব্রাল

(প্রথম পাতার পর) অ্যাটিকে আক্রান্ত হন নবধামের বাসিন্দা ওই অঙ্গনওয়াড়ি কর্মী। মস্তিষ্কে
রক্তস্রাবের জেরে শরীরের বামদিক অবশ হয়ে গিয়েছে তাঁর। প্রৌঢ়ার স্বামীর দাবি,
ফর্ম বিলি, আবার সংগ্রহ, কিউআর কোড স্ক্যান করে অনলাইনে আপলোড—এ-
সবে নাজেহাল হয়ে যাচ্ছিলেন তপতী। চাকরি হারানোর ভয়ে মারাত্মক মানসিক
চাপ নিয়ে কাজ করছিলেন। চিকিৎসকদের মতে, মারাত্মক হাই শুল্লার এবং হাই
ব্লাডপ্রেসার থাকা সত্ত্বেও প্রবল চিন্তা থেকে সেরিব্রাল হয়েছে। ঘটনার পরেই
নির্বাচন কমিশন তাঁকে বিএলও-র দায়িত্ব থেকে অব্যাহতি দিয়েছে।
ওদিকে, উত্তর দিনাজপুরের রায়গঞ্জও এসআইআরের অতিরিক্ত কাজের চাপে
অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি এক বিএলও। কয়েকদিন ধরেই অতিরিক্ত কাজের
চাপের কারণে অবসাদে ভুগছিলেন কসবা মহেশো এলাকার ২০৬ নং বুথের
বিএলও কৃষ্ণপদ সরকার। বুধবার রাতে হেঁমতাবাদ যাওয়ার পথে মাথা ঘুরে রাস্তায়
পড়ে যান তিনি। হাসপাতালে চিকিৎসাধীন কৃষ্ণপদস্বামী জানিয়েছেন, দীর্ঘদিন
একাধারে শুল্লার, প্রেসার এবং হার্টের রোগী। বারবার কমিশনকে সেকথা জানিয়েও
লাভ হয়নি। অতিরিক্ত চাপ আর সহ্য করতে পারছি না। এসআইআর-এর নামে
সাধারণ স্কুল শিক্ষক-শিক্ষিকা, অঙ্গনওয়াড়ি কর্মীদের উপর এই অস্বাভাবিক কাজ
চাপিয়ে দেওয়ার তীব্র নিন্দা করছে তৃণমূল কংগ্রেস। দলের বক্তব্য, বিজেপির
স্বার্থপরতা করতে গিয়ে এভাবেই বাংলার মানুষকে প্রতিদিন ভয়াবহ বিপদের মধ্যে
ঠেলে দিচ্ছে নির্বাচন কমিশন। বিজেপি এবং তাদের দোসর কমিশনের এই
অত্যাচার মানবে না বাংলার মানুষ। যাবতীয় ষড়যন্ত্রকে ব্যর্থ করে আগামী নির্বাচনে
এদের যোগ্য জবাব দেবে জনগণ। এসআইআরের কাজে টিলেমির অভিযোগে
বেলেঘাটা বিধানসভার ৭জন বিএলও-কে শোকজ করা হয়েছে বলে খবর।

রাজ্য প্রশাসনে নির্বাচন প্রস্তুতি

(প্রথম পাতার পর) রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক দফতর সূত্রে জানা
গেছে, কর্মশালায় অংশ নিতে আজ রাতে কলকাতায় পৌঁছেছেন নির্বাচন
কমিশনের সচিব মধুসূদন গুপ্ত এবং ইলেকট্রনিক্স কর্পোরেশন অফ ইন্ডিয়া
লিমিটেড (ইসিআইএল)-এর সিনিয়র ডেপুটি জেনারেল ম্যানেজার পি সি
মন্ডল। ওই কর্মশালায় রাজ্যের ২৪ জন জেলা নির্বাচনী আধিকারিকও
উপস্থিত থাকবেন বলে জানা গিয়েছে। নির্বাচনের আগে প্রযুক্তিগত প্রস্তুতি,
ইভিএম পরীক্ষণ এবং নিরাপত্তা সংক্রান্ত বিভিন্ন দিক নিয়ে বিস্তৃত আলোচনা
হওয়ার সম্ভাবনা রয়েছে এই বৈঠকে।

তদন্তের আওতায় এবার চেয়ারম্যানের পারিবারিক সম্পত্তি

নয়াদিল্লি: লালকেল্লা বিস্ফোরণ কাণ্ডের পর
থেকেই বিতর্কের কেন্দ্রে বিজেপি শাসিত
হরিয়ানার ফরিদাবাদের আল ফালাহ
বিশ্ববিদ্যালয়। এই বিশ্ববিদ্যালয়কে ঘিরে
একটি জঙ্গি ডাক্তারদের নেতৃত্বাধীন চলছিল
তা উঠে আসছে তদন্তে। ইন্ডির জালে
বিশ্ববিদ্যালয়ের শীর্ষকর্তা ধরা পড়ার পর
এবার তদন্ত শুরু হল দিল্লি বিস্ফোরণকাণ্ডে
নাম জড়ানো এই বিশ্ববিদ্যালয়ের
চেয়ারম্যানের পারিবারিক সম্পত্তি নিয়েও।
বেআইনি নিম্নাঙ্কের অভিযোগে আল-ফালাহ
কর্তৃপক্ষকে নোটিশ পাঠাল মধ্যপ্রদেশের মছ

বিতর্কিত আল ফালাহ বিশ্ববিদ্যালয়

ক্যান্টনমেন্ট বোর্ড। সংবাদসংস্থা সূত্রে জানা
গিয়েছে, মছ ক্যান্টনমেন্ট বোর্ডের তরফে
আল-ফালাহ গ্রুপের চেয়ারম্যান জাভেদ
আহমেদ সিদ্দিকির পরিবারের একটি
ব্যক্তিগত সম্পত্তির মালিক এবং আইনি
শরিকদের নোটিশ পাঠানো হয়েছে। মছর
মুকেরি মহল্লা এলাকায় অবস্থিত একটি
বাড়িকে ঘিরে বিতর্কের সূত্রপাত। অভিযোগ,



বেআইনিভাবে ওই ভবনটি গড়া হয়েছে।
পাশাপাশি, ক্যান্টনমেন্ট বোর্ডের তরফে
আগামী তিনদিনের মধ্যে ওই ভবনটি ভেঙে
ফেলার নির্দেশ দেওয়া হয়েছে বলে খবর।
ক্যান্টনমেন্টের ইঞ্জিনিয়ার এইচএস কালোয়া
বলেন, আমরা জাভেদ আহমেদ সিদ্দিকির
বাবা মরহুম মৌলানা হান্নাদের বাড়িতে
নোটিশ পাঠিয়েছি। এর আগেও ১৯২৪

সালের ক্যান্টনমেন্ট আইনের প্রাসঙ্গিক
ধারার অধীনে ১৯৯৬ এবং ১৯৯৭ সালে ওই
সম্পত্তির মালিককে বোর্ডের তরফে
একাধিক বার চিঠি পাঠানো হয়েছিল। সেই
সময়ও অবৈধ নির্মাণটি ভেঙে ফেলতে বলা
হয়। কিন্তু, বারবার নোটিশ পাঠানো সত্ত্বেও
তারা কর্পপাত করেননি। তবে এবার
লালকেল্লা কাণ্ডের পর কড়া প্রশাসন। মাত্র
তিনদিনের সময়সীমা বেঁধে দেওয়া হয়েছে।
নির্দেশ না মানলে ক্যান্টনমেন্ট বোর্ডের
তরফে স্বতঃপ্রণোদিত ভাবে ভবন ভাঙার
কাজ শুরু করা হবে বলে জানানো হয়েছে।

সেরা রবি

নাটক 'অঙ্গার'

১৯৫৯ সাল। মিনার্ভা থিয়েটারে অভিনীত হতে চলেছে উৎপল দত্তের রচনা ও পরিচালনায় 'অঙ্গার' নাটক। প্রযোজনা-এলটিজি। মঞ্চনির্মাণ তাপস সেন এবং সঙ্গীত পরিচালক পণ্ডিত রবিশঙ্কর। শেলডন কোলিয়ারির শ্রমিকদের জীবন ও সংগ্রামের ইতিবৃত্ত উঠে আসে এই নাটকে। বড়ধেমো কয়লাখনির দুর্ঘটনা অবলম্বনে রচিত নাটকের শেষ দৃশ্যে কয়লাখনির ভিতরে ঢুকে পড়ে জল, বাঁচার অসহায় আর্তিতে চিৎকার করে ওঠেন বন্দি শ্রমিকেরা। কিন্তু জলের তোড়ে ভেসে যায় প্রাণের স্পন্দন। দর্শক বাকরুদ্ধ তাপস সেনের আলোক পরিকল্পনায়। কয়েক মুহূর্তের জন্য বিশ্বাস করতে কষ্ট হয় যে এটা মঞ্চ, বাস্তব নয়। তারপর ওঠে হাততালির ঝড়। তিনশো রাত্রির উপর 'হাউসফুল' থাকে 'অঙ্গার'। মঞ্চে উৎপল দত্ত, সত্য বন্দ্যোপাধ্যায়, শোভা সেন, নিমাই ঘোষের মতো বিরাট মাপের অভিনেতারা থাকতেও এই নাটকের জন্য বছরের শ্রেষ্ঠ অভিনেতার পুরস্কার পান রবীন্দ্রনাথ ঘোষদত্তিদার। বাঙালি যাকে চেনে রবি ঘোষ নামে। সেইসময় বাবা মারা গেছেন তাঁর। কাছা গলায় দিয়ে অভিনয় করেছিলেন প্রথম রজনীতে। একটা সময় মিনার্ভা থিয়েটার একাই হাউসফুল করার ক্ষমতা রাখতেন তিনি।

গল্প হলেও সত্যি

১৯৬৬ সালে মুক্তিপ্রাপ্ত পরিচালক তপন সিংহের ছবি 'গল্প হলেও সত্যি'। কলকাতার অলি-গলির সাধারণ জীবনে রোজনাচা, সাংসারিক জটিলতা, কুটিলতার মাঝে ধনঞ্জয়ের মতো এক রহস্যময় পরিচালকের আবির্ভাব। যে কি না মুশকিল আসান হয়ে ঢুকে পড়ে একান্নবর্তী পরিবারে। সে নারকেল মালা দিয়ে কলতলার শ্যাওলা নিমেষে সাফ করে দেয়, তার হাতযশে সাধারণ এঁচোড়-কোণ্ডা হয়ে ওঠে পাঁঠার মাংসের কোণ্ডা, বড়দাদাবাবুর নেশার বস্ত্রটিও যেন তার নখদর্পণে, ছোট দাদাবাবুকে গানের সুর বাঁধতে সাহায্য করে, বাড়ির বৌ-দের চা-জলখাবার করে খাওয়ায়, মা-বাপ-মরা কিশোরী মেয়ের মুখে হাসি ফোটায়... এভাবে সারাদিনই সকলের জন্য কিছু না কিছু করে মন ভাল রাখে ধনঞ্জয়। ধনঞ্জয় মানে মুশকিল আসান, সবাব মুখে হাসি। আর ধনঞ্জয় মানেই রবি ঘোষ। ১৯৬৬ সালে বাংলায় যখন তীব্র হচ্ছিল খাদ্য আন্দোলন, ভেঙে যেতে শুরু করেছে একান্নবর্তী পরিবার, সেইসময় তপন সিংহ তৈরি করেছিলেন এই ছবি। সিনেমা ও বাস্তব জীবনে রবি ঘোষই ছিলেন প্রকৃত অর্থে 'ধনঞ্জয়'।

তাঁর অভিনয়ে মুগ্ধ আট থেকে আশি। 'ধনঞ্জয়', 'শেখর' কিংবা 'বাঘা'— স্মরণীয় হয়ে আছে তাঁর অভিনীত প্রতিটা চরিত্র। কখনও অনাবিল হাসিতে রসদ জুগিয়েছেন আবার কখনও সিরিয়াস অভিনয়ে তাক লাগিয়েছেন। তিনি বড়পর্দা এবং মঞ্চের খ্যাতিনামা অভিনেতা রবি ঘোষ।

আগামী ২৪ নভেম্বর তাঁর জন্মদিন। সেই উপলক্ষে তাঁর অভিনীত সেরা কয়েকটি নাটক এবং ছবির কথা লিখলেন **শর্মিষ্ঠা ঘোষ চক্রবর্তী**

কাহিনিকার, চিত্রনাট্যকার, সুরকার পরিচালক— সবই সত্যজিৎ রায়। ১৯৮০ সালে মুক্তি পায় এই ছবি। ছবিতে যথারীতি স্মরণীয় রবি ঘোষ। সেই সঙ্গে 'গুপ্তি গাইন বাঘা বাইন' এবং 'হীরক রাজার দেশে' সিরিজের সঙ্গে জড়িয়ে রয়েছে তার অনেক স্মৃতি। জীবনের সবচেয়ে বড় চ্যালেঞ্জের মুখোমুখি হয়েছিলেন 'হীরক রাজার দেশে' বাধিনি 'উমা'র সঙ্গে শ্যুটিংয়ের সময়। তিনি ভেবেই নিয়েছিলেন বাধিনি কি কামড়াবে! মৃত্যুই হয়তো বা আজ সুনিশ্চিত। কিন্তু সেবারেও দারুণভাবেই উতরে গেছিলেন তিনি। সবাই তাঁর অসীম সাহসের প্রশংসা করতে লাগল। আসলে রবি-মানিক জুটিটাই সুপারহিট ছিল সবসময়। এ-প্রসঙ্গে তিনি একবার বলেছিলেন, 'পরিচালকের স্ট্যামিনা যেখানে অনড়, সেখানে অভিনেতার কোনও রিস্কই নেই।'

কাপুরুষ মহাপুরুষ

এমন কিছু সিনেমা আছে যা রবি ঘোষ ছাড়া অসম্পূর্ণ। যেমন পরিচালক সত্যজিৎ রায়ের 'কাপুরুষ মহাপুরুষ' ছবিটি। ১৯৬৫ সালে মুক্তি পায় এই ছবি। প্রেমেন্দ্র মিত্রের 'জৈনিক কাপুরুষের কাহিনী' অবলম্বনে তৈরি কাপুরুষ এবং পরশুরামের 'বিরিঞ্চিবাবা' অবলম্বনে তৈরি 'মহাপুরুষ'। স্বল্পদৈর্ঘ্যের দুটি ছবি যাঁর প্রযোজক ছিলেন 'আর ডি বনসল'। সেখানে মহাপুরুষের চেলার রোলে রবি ঘোষের চরিত্র অবিস্মরণীয়। একটি দৃশ্যে শিব সেজে নাচছেন রবি ঘোষ। শেষে পালাচ্ছেন ঠগ মামা-ভাগনে একটা লেডিস ব্যাগ চুরি করে। চেলার কাঁধে সেই ফলস চারটে হাত ঝুলছে। এ এক অনাবিল হাসির দৃশ্য।

অরণ্যের দিনরাত্রি

শুধু রাসিক, হাসির, মজার চরিত্রই করেছেন তা নয়, করেছেন অন্যধরনের কাজও। যেমন সাহিত্যিক সুনীল গঙ্গোপাধ্যায়ের 'অরণ্যের দিনরাত্রি' উপন্যাস অবলম্বনে পরিচালক সত্যজিৎ রায়ের ছবি 'অরণ্যের দিনরাত্রি'। সদ্য শেষ হওয়া কলকাতা ফিল্ম ফেস্টিভ্যালে প্রদর্শিত হল এই ছবি। ছবিটি ২০তম বার্লিন আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে সেরা চলচ্চিত্র বিভাগে গোল্ডেন বিয়ারের জন্য মনোনীত হয়েছিল। ১৯৭০ সালে মুক্তি পায় এই ছবি। চারবন্ধুর গল্প। যাদের মধ্যে অন্যতম চরিত্র হল শেখর। বেকার, আমুদে, কুছ পরোয়া নেহি ধরনের চরিত্র এই শেখর সবচেয়েই ওস্তাদি দেখাতে চায়, পাক্সা জুয়াড়ি। সেই চরিত্রে রবি ঘোষের অভিনয় স্মরণীয় হয়ে আছে।

গুপ্তি গাইন বাঘা বাইন

১৯৬৮ সালে সত্যজিৎ রায়ের 'গুপ্তি গাইন বাঘা বাইন' ছবির 'বাঘা' চরিত্রে রবি ঘোষের অভিনয় চলচ্চিত্রজগতের একটি মাইলফলক। সত্যজিৎ রায় ভীষণ পছন্দ করতেন রবি ঘোষের অভিনয়। বলতেন, 'রবির চোখ দুটোই কথা বলে।' টানা ৫১ সপ্তাহ ধরে সিনেমাটি বিভিন্ন হলে চলেছিল, যা তৎকালীন বাংলা সিনেমার একটি বড় রেকর্ড। এই ছবিতে বাঁশবনে বাঘের দৃশ্যের শ্যুটিংয়ের সময় হয়েছিল এক কাণ্ড। শ্যুটিংয়ে আনার পর খাঁচা খুলতেই বাঘটি আচমকা হুঙ্কার দিয়ে প্রকাণ্ড লাফ মেরে, তিরচবেগে ছুটে যায় লোকজনের ভিড়ের দিকে! সবাই ছুট-ছুট! যদিও বাঘটি বেশিদূর যেতে পারেনি কারণ অদৃশ্য এক বকলস এবং তারে বাঁধা ছিল বাঘটি। কিন্তু বাঘা অর্থাৎ রবি ঘোষ শ্যুটিংয়ের ডায়লগ বলতে গিয়ে বীরপুরুষের মতো 'পলায়ছে পলায়ছে' করে লাফালেও, আদতে ভালই ভয় পেয়েছিলেন। রবি ঘোষ নিজেই সেটা পরবর্তীকালে বলেছিলেন, তাঁর কথায়, 'জংলি বাঘ তো, যদি তার ছিড়ে ফেলে! এই ভেবে ভালই ভয় পেয়েছিলাম।'

হীরক রাজার দেশে

এটি গুপ্তি গাইন বাঘা বাইন সিরিজের একটি বিখ্যাত চলচ্চিত্র। হীরক রাজার দেশে ছবির রচয়িতা,





অ্যাসেজ শুরু আজ, লড়াই নবীন-প্রবীণের

পারথ, ২০ নভেম্বর : প্যাট কামিন্স ও জস হ্যাডলউড নেই। তারপরও অস্ট্রেলিয়ার যে দল শুক্রবার অ্যাসেজে অংশ নিচ্ছে তার গড় বয়স ৩৩। তুলনায় বেন স্টোকসের ইংল্যান্ড কিছুটা নবীন। তাদের গড় বয়স ২৮।

একটু ব্যাখ্যা করা যাক। অস্ট্রেলিয়া দলে ১৪ জনের বয়স তিরিশের উপর। ব্যতিক্রম অলরাউন্ডার ক্যামেরন গ্রিন। উল্টোদিকে, ইংল্যান্ডের ১৬ জন ক্রিকেটারের মধ্যে ৯ জন এখনও তিরিশে পা দেননি। ১২ জন আগে কখনও অস্ট্রেলিয়ায় টেস্ট খেলেননি। ২০১১-তে অস্ট্রেলিয়ায় সিরিজ জেতার পর থেকে ইংল্যান্ডের সময় ভাল যায়নি। এদেশে গত ১৫টি টেস্টের মধ্যে দুটি ড্র ছাড়া তারা হেরেছে ১৩টি টেস্টে। ২০২৩-এ শেষবার অ্যাসেজ মোকাবিলায় ফল হয়েছিল ২-২।

ব্যাপারটা দাঁড়িয়েছে এমন, অ্যাসেজে স্টোকসদের ঘুরে দাঁড়ানোর ক্ষেত্রে ভরসা এখন তরুণরাই। কিন্তু বললেই সেটা সহজ হবে না। স্টিভ স্মিথ, মিচেল স্টার্ক, উসমান খোয়াজা, স্কট বোল্যান্ড, হ্যাডলউডদের এটাই হয়তো



■ অ্যাসেজ হাতে দুই অধিনায়ক স্মিথ ও স্টোকস। বৃহস্পতিবার পারথে।

অ্যাসেজে শেষ হোম সিরিজ। সুতরাং তাঁরা ইংল্যান্ডকে সহজে জিততে দেবেন না। পারথে খোয়াজার সঙ্গে ওপেন করতে দেখা যেতে পারে ৩১ বছরের বাঁহাতি জ্যাক ওয়েদারডকে। তিনি হয়তো লাভুশেন। তবে গ্রিনকে লড়াইতে হচ্ছে ওয়েবস্টারের সঙ্গে।

ইংল্যান্ডের জন্য সুবিধা এটাই যে জো রুট এবং হ্যারি ব্রুক দারুন ফর্মে রয়েছেন। বেন ডাকেট, রুট, ব্রুক এবং জেমি স্মিথকে নিয়ে ইংল্যান্ডের

টপ অর্ডার বেশ শক্তিশালী। এরসঙ্গে আছেন স্টোকস। যাঁর বোলিং বাড়তি উৎসাহ জোগাবে স্পিডস্টার জোফ্রা আচারিকে। টেস্টের আগে বৃহস্পতিবার স্টোকস বলেছেন রুট এবং স্মিথ বর্তমান ক্রিকেটের দুই সেরা ব্যাটার। স্মিথকে তাঁদের থামাতেই হবে। দলকে নেতৃত্বে দেওয়ার আগে স্মিথ আবার জানিয়েছেন, তিনি লম্বা যাত্রা পথে অনেক কিছু শিখেছেন। এখন তিনি অনেক বেশি রিল্যাক্সড।

১০০তম টেস্টে
মুশফিকুর ১০৬



ঢাকা, ২০ নভেম্বর : গতকালই বাংলাদেশের প্রথম ক্রিকেটার হিসাবে ১০০ টেস্ট খেলার নজির গড়েছিলেন। বৃহস্পতিবার বিশ্বের ১১ নম্বর ক্রিকেটার হিসাবে শততম টেস্টে সেঞ্চুরির গৌরব অর্জন করলেন মুশফিকুর রহিম। আগের দিন ৯৯ রানে অপরাধিত থাকা মুশফিকুর এদিনের দ্বিতীয় ওভারেই সিঙ্গলস নিয়ে সেঞ্চুরি পূর্ণ করেন তিনি। শেষ পর্যন্ত মুশফিকুর আউট হন ১০৬ রান করেন। তাঁর ২১৪ বলের ইনিংসে ছিল পাঁচটি বাউন্ডারি। অন্যদিকে, সেঞ্চুরি হাকিয়েছেন লিটন দাসও। তিনি ১২৮ করে আউট হন। জোড়া সেঞ্চুরিতে ভর দিয়ে বাংলাদেশের প্রথম ইনিংস শেষ হয় ৪৭৬ রানে। পাল্টা ব্যাট করতে নেমে, স্বস্তিতে নেই আয়ারল্যান্ড। দ্বিতীয় দিনের শেষে তাদের স্কোর ৫ উইকেটে ৯৮ রান। বাংলাদেশের থেকে এখনও ৩৭৮ রানে পিছিয়ে রয়েছে আইরিশরা।

শ্রীলঙ্কার বিরুদ্ধে খেলবেন হরমনরা

মুম্বই, ২০ নভেম্বর : আগামী মাসে ভারত সফরে আসছে শ্রীলঙ্কা মহিলা ক্রিকেট দল। হরমনপ্রীত কৌরদের বিরুদ্ধে পাঁচ ম্যাচের টি-২০ সিরিজ খেলবে শ্রীলঙ্কা। সফরের সূচি এখনও চূড়ান্ত না হলেও, বোর্ড সূত্রের খবর, ২১ থেকে ৩০ ডিসেম্বর হতে পারে এই পাঁচটি ম্যাচ। আপাতত স্থির হয়েছে, সিরিজের প্রথম দু'টি ম্যাচ হবে ভাইজাগে। পরের তিন ম্যাচের ভেন্যু ত্রিবাঙ্গম।



ডিসেম্বরে বাংলাদেশ সফরে যাওয়ার কথা ছিল সদ্য ওয়ান ডে বিশ্বকাপজয়ী ভারতীয় মহিলা দলের। সেখানে তিনটি ওয়ান ডে এবং তিনটি টি-২০ ম্যাচ খেলার কথা ছিল হরমনপ্রীতদের। কিন্তু বাংলাদেশের বর্তমান অশান্ত পরিস্থিতি এবং রাজনৈতিক ডামাডোলের কথা মাথায় রেখে সফর পিছিয়ে দেওয়ার সিদ্ধান্ত নেয় বোর্ড। এর পর থেকেই বিকল্প সিরিজের ভাবনায় ছিলেন বোর্ড কর্তারা। এছাড়া নতুন বছরের শুরুতেই অস্ট্রেলিয়া সফরে যাচ্ছে ভারতীয় মহিলা ক্রিকেট দল। সেখানে একটি টেস্ট ছাড়া তিনটি টি-২০ ও তিনটি ওয়ান ডে খেলবেন হরমনপ্রীতরা।

এদিকে, বিশ্বকাপ জয়ের পর মহিলা ক্রিকেট নিয়ে দেশে নতুন করে উন্মাদনা তৈরি হয়েছে। লাফিয়ে লাফিয়ে বাড়ছে ভারতীয় মহিলা ক্রিকেটারদের নিয়ে বিজ্ঞাপনের চাহিদাও। জানা গিয়েছে, অধিনায়ক হরমনপ্রীতের চাহিদা সবথেকে বেশি। তাঁর ম্যানেজার নুপুর কাশ্যপ সংবাদসংস্থাকে জানিয়েছেন, বিশ্বকাপের আগে হরমনপ্রীত ৮-১০টি সংস্থার হয়ে প্রচার করত। কিন্তু চ্যাম্পিয়ন হওয়ার পর, ওর বাজারদর এবং বিজ্ঞাপনের প্রস্তাব তিনগুণ বেড়ে গিয়েছে। খেলাধুলোর সঙ্গে যুক্ত নয়, এমন সংস্থাও নিজেদের বিজ্ঞাপনের মুখ হিসাবে হরমনপ্রীতকে চাইছে। এত প্রস্তাব আসছে যে, কিছু ফিরিয়ে দিতে বাধ্য হচ্ছে।

বিপক্ষকে পেনাল্টি উপহার!

গোল করেও দলকে ডোবালেন নেইমার

সাও পাওলো, ২০ নভেম্বর : হতে পারতেন নায়ক, কিন্তু হয়ে গেলেন ভিলেন! দীর্ঘ তিন মাস পর গোল পেলেন নেইমার দ্য সিলভা। কিন্তু তাঁর ভুলেই পেনাল্টি পেল বিপক্ষ। ফলে ম্যাচের পর স্যান্টোস সমর্থকদের বিক্রপের শিকার নেইমার। পরে সোশ্যাল মিডিয়াতে ক্ষমাও চাইলেন ব্রাজিলীয় তারকা।



ব্রাজিলিয়ান শীর্ষ লিগে স্যান্টোস মুখোমুখি হয়েছিল মিরাসোলের। ম্যাচের চতুর্থ মিনিটেই গোল করে স্যান্টোসকে এগিয়ে দেন নেইমার। নিজেদের বক্সের উপর থেকে সেন্টার সার্কেলে ফাঁকায় দাঁড়ানো নেইমারকে লম্বা পাস বাড়িয়েছিলেন সতীর্থ লাওতারো দিয়াজ। গতি বাড়িয়ে বিপক্ষ ডিফেন্ডারকে টপকে বল জালে জড়ান নেইমার। শেষবার তিনি গোল করেছিলেন গত ৪ আগস্ট। কিন্তু শেষ পর্যন্ত নেইমারের ভুলেই ১-১ ড্র করেছে স্যান্টোস। ৬১ মিনিটে মিরাসোলের স্ট্রাইকার রেইনাল্ডো দ্য সিলভাকে নিজেদের বক্সে ফাউল করে বিপক্ষকে পেনাল্টি উপহার দিয়ে বসেন নেইমার! পেনাল্টি থেকে ১-১ করে রেইনাল্ডো। এদিনের ড্রয়ের পর ৩৪ ম্যাচে ৩৭ পয়েন্ট নিয়ে লিগ টেবিলের ১৬ নম্বরে রইল স্যান্টোস।

এদিকে, আগামী বছরের বিশ্বকাপে নেইমারের খেলা নিয়ে সংশয় ক্রমশ বাড়ছে। যদিও ব্রাজিলীয় সংবাদমাধ্যমের দাবি, নেইমার শেষ পর্যন্ত বিশ্বকাপের চূড়ান্ত স্কোয়াডে থাকবেন। কারণ কোচ কার্লো আনচেলোত্তি বিশ্বাস করেন, বিশেষ কোনও ম্যাচে বা কোনও ম্যাচের বিশেষ মুহূর্তে নেইমার পার্থক্য গড়ে দিতে পারেন। কিন্তু প্রথম একাদশে সুযোগ পাওয়া কঠিন। সেক্ষেত্রে বিশ্বকাপে পরিবর্ত ফুটবলার হিসাবে মাঠে দেখা যেতে পারে নেইমারকে।

হল অফ ফেম বড় সম্মান : ফেডেরার

জুরিখ, ২০ নভেম্বর : রজার ফেডেরারের মুকুটে যোগ হল আরও একটি পালক। ২০২৬ সালের আন্তর্জাতিক টেনিস হল অফ ফেমে স্থান পেলেন সুইস কিংবদন্তি। আগামী বছরের আগস্টে নিউপোর্টে আয়োজিত এক অনুষ্ঠানে ফেডেরারকে এই সম্মানে ভূষিত করা হবে।



হল অফ ফেমে জায়গা করে নিতে পেরে উচ্ছ্বাসে ভেসে গিয়েছেন ২০টি গ্র্যান্ড স্ল্যামজয়ী সুইস তারকাও। ফেডেরার বলেছেন, এটা আমার জন্য বিরাট বড় সম্মান। আন্তর্জাতিক টেনিসের হল অফ ফেমে স্থান পেয়ে আমি গর্বিত। টেনিসের কিংবদন্তিদের সঙ্গে একই সারিতে জায়গা করে নিতে পেরে দারুণ সম্মানিত বোধ করছি। নিজের কেরিয়ারে সব সময়ই এই মহান খেলার ইতিহাস এবং গ্রেটদের সম্মান করে এসেছি। চেষ্টা করছি, নিজেকে আগামী প্রজন্মের কাছে উদাহরণ করে করার।

একটা সময় পুরুষদের টেনিসে সবথেকে

বেশি গ্র্যান্ড স্ল্যাম জয়ের রেকর্ড ছিল ফেডেরারের দখলে। পরবর্তী সময়ে রাফায়েল নাদাল (২২টি) এবং নোভাক জকোভিচ (২৪টি) তাঁকে টপকে গেলেও, টেনিস ইতিহাসের সর্বকালের সেরাদের অন্যতম ফেডেরার। তাঁর নামের পাশে রয়েছে ১০৩টি এটিপি ট্যুর খেতাব এবং ১২৫১টি ম্যাচ

জয়ের নজির। বিশ্ব র‍্যাংকিংয়ে টানা ৩১০ সপ্তাহ শীর্ষে ছিলেন তিনি। ২০১৪ সালে সুইজারল্যান্ডকে ডেভিস কাপ চ্যাম্পিয়ন করেছিলেন। এছাড়া ২০০৮ অলিম্পিকে পুরুষদের ডাবলসে সোনাও জিতেছিলেন। ২০২২ সালে টেনিস থেকে অবসর নেন। আশুত ফেডেরার আরও বলেছেন, এভাবে গোটা বিশ্বে পরিচিতি পেয়ে আমি ধন্য। আগামী বছর নিউপোর্টের অনুষ্ঠানে গিয়ে এই মুহূর্ত গোটা টেনিস সমাজের সঙ্গে ভাগ করে নিতে মুখিয়ে রয়েছি।

জয়ী লক্ষ্য, প্রণয়ের বিদায়

শেষ আটে সাত্ত্বিক-চিরাগও

সিডনি, ২০ নভেম্বর : অস্ট্রেলিয়ান ওপেন সুপার ৫০০ ব্যাডমিন্টন চ্যাম্পিয়নশিপে লক্ষ্য সেনের দৌড় অব্যাহত। বৃহস্পতিবার চিনা তাইপের চি ইউ জেনকে হারিয়ে কোয়ার্টার ফাইনালে জায়গা করে নিয়েছেন তিনি। হাড্ডাহাড়ি লড়াইয়ের পর, ২১-১৭, ১৩-২১, ২১-১৩ গেমের ম্যাচ জিতে নেন লক্ষ্য।

তবে টুর্নামেন্ট থেকে ছিটকে গেলেন এইচ এস প্রণয়। যদিও প্রত্যাশামতোই পুরুষদের ডাবলসের শেষ আটে জায়গা করে নিয়েছেন সাত্ত্বিকসাইরাজ রানকিরেড্ডি ও চিরাগ শেঠি। ছেলেদের সিঙ্গলসের কোয়ার্টার ফাইনালে উঠেছেন আয়ুষ শেঠিও। টুর্নামেন্টের চতুর্থ বাছাই কোদাই নারাওকাকে ৬৮ মিনিটের ম্যারাথন লড়াইয়ের পর, আয়ুষ ২১-১৭, ২১-১৬ গেমের হারিয়েছেন। এবার শেষ আটে তাঁর প্রতিপক্ষ লক্ষ্য। অন্যদিকে, চিনা তাইপে জুটি সু চিং হেং ও যু গুয়ান জুনকে ২১-১৮, ২১-১১ সরাসরি গেমের হারাতে মাত্র ৩৭ মিনিট সময় নেন সাত্ত্বিক ও চিরাগ। তবে এমন দিনে হতাশ করলেন প্রণয়। ২০২৩ অস্ট্রেলিয়ান ওপেনের রানার্স আপ প্রণয় ১৯-২১, ১০-২১ গেমের হেরে যান ইন্দোনেশিয়ার ফারহান আলউইয়ের বিরুদ্ধে।



কেকেআরেই
ফিরতে চান,
নিলামের দিকে
তাকিয়ে ভেঙ্কটেশ
আইয়ার

মাঠে ময়দানে

21 November, 2025 • Friday • Page 15 || Website - www.jagobangla.in

১৫

২১ নভেম্বর
২০২৫

শুক্রবার

বৈভবদের আজ পরীক্ষা

দোহা, ২০ নভেম্বর : রাইজিং স্টার্স এশিয়া কাপের সেমিফাইনালে শুক্রবার ভারত 'এ'-র সামনে সামনে বাংলাদেশ 'এ'। সেমিফাইনালে ওঠার পথে পাকিস্তানের কাছে হেরেছে ভারত। ১৪ বছরের বিস্ময় ব্যাটার বৈভব সূর্যবংশী ভারতীয় ব্যাটিকে টানছে। টুর্নামেন্টে ৩ ম্যাচে ২০১ রান করেছে সে। তার মধ্যে আমিরশাহির বিরুদ্ধে প্রথম ম্যাচে ৪২ বলে ১৪৪ রানের ইনিংস রয়েছে। কিন্তু বৈভব শুরুতে আউট হলে জিতেশ শর্মা, নমন ধীর, প্রিয়াংশু আর্থরা ভরসা দিতে পারছেন না। তবে ভারতীয় বোলাররা ছন্দে রয়েছে। বাংলাদেশের বিরুদ্ধে ভুল শুধরে নেওয়ার পরীক্ষা জিতেশদের।

দায়িত্বে সঞ্জয়

প্রতিবেদন : সন্তোষ ট্রফিতে এবারও চ্যাম্পিয়ন বাংলা দলকে কোচিং করাবেন সঞ্জয় সেন। মোহনবাগানকে ১৩ বছর পর আই লিগ দেওয়া কোচ গত মরশুমে সন্তোষ ট্রফিতেও বাংলাকে ভারতসেরা করেছিলেন। কয়েক মাস আগে ক্রীড়ামন্ত্রী অরুণ বিশ্বাস জানিয়েছিলেন, সঞ্জয় সেনকেই পরের বছর সন্তোষ ট্রফিতে কোচ দেখতে চাই। পরে নতুন মরশুমের সন্তোষ ট্রফিতে বাংলার কোচ হিসেবে সঞ্জয়ের নামই ঘোষণা করেন ক্রীড়ামন্ত্রী। কিন্তু সঞ্জয় তাঁর সিদ্ধান্ত জানানোর জন্য আইএফএ-র কাছে সময় চেয়েছিলেন। বৃহস্পতিবার তিনি আইএফএ-কে সম্মতি দেন। আইএফএ কর্তাদের সঙ্গে বৈঠকে সঞ্জয় জানিয়েছেন, সন্তোষের ফুটবলার নিবাচনের জন্য গতবারের মতো ট্রায়াল ডাকবেন।

ড্র ডায়মন্ডের

প্রতিবেদন : এআইএফএফ-এর অনূর্ধ্ব ১৮ এলিট যুব লিগে অভিযান শুরু করল ডায়মন্ড হারবার এফসি। বৃহস্পতিবার ভুবনেশ্বরে ফেডারেশনের অ্যাকাডেমি দলের বিরুদ্ধে অবশ্য জিতে মাঠ ছাড়তে পারেনি ডায়মন্ডের যুব দল। খেলা ১-১ গোলে অমীমাংসিত থাকে। ম্যাচের ৩৬ মিনিটে ডায়মন্ড হারবারের হয়ে একমাত্র গোলটি করেন জতন মল্লিক। এদিকে, সিকিম গভর্নরস গোল্ড কাপে শনিবার কোয়ার্টার ফাইনাল ম্যাচ ডায়মন্ড হারবারের। সামনে ইন্টার কাশী। নরহরিদের প্রস্তুতি চলছে গ্যাংটকে।

তিন ফরম্যাটে খেলা বিলাসিতা : কুলদীপ

গুয়াহাটি, ২০ নভেম্বর : লাল বলের ক্রিকেটে আগামী ৪-৫ বছর তাঁর জন্য ভীষণ গুরুত্বপূর্ণ। সাফ জানালেন কুলদীপ যাদব। একই সঙ্গে বাঁ হাতি সিট স্পিনারের দাবি, ঠাসা আন্তর্জাতিক সূচির কারণে দেশের হয়ে তিন ফরম্যাটে খেলা চালিয়ে যাওয়া একজন ক্রিকেটারের কাছে রীতিমতো বিলাসিতা। বৃহস্পতিবার সম্প্রচারকারী টিভি সংস্থাকে দেওয়া সাক্ষাৎকারে কুলদীপ বলেছেন, আমি এক আদ্যপ্রান্ত আক্রমণাত্মক বোলার। দলে আমার কী ভূমিকা, সেটা নিয়ে পরিস্কার ধারণা রয়েছে। কোচ এবং অধিনায়ক আমাকে এই স্বাধীনতা এবং সমর্থন দিয়েছেন। তাই ব্যাটারদের বিরুদ্ধে আত্মসী মানসিকতা নিয়েই বল করি। রান আটকানো নয়, আমার কাজ উইকেট তোলা। এভাবেই নিজেকে দেখি।

কুলদীপ আরও বলেছেন, সবাই টেস্ট ক্রিকেট ভালবাসে। এটা এমন এক ফরম্যাট, যা আমিও খুব উপভোগ করি। কিন্তু একই সঙ্গে লাল বলের ক্রিকেট ভীষণ চ্যালেঞ্জিং। অবশ্যই আমি দেশের হয়ে সবকটা ফরম্যাটে খেলতে চাই। কিন্তু সবথেকে বেশি উপভোগ করি টেস্ট ক্রিকেট। সত্যি কথা বলতে কী, এখন তিন ফরম্যাটে খেলা চালিয়ে যাওয়া একজন ক্রিকেটারের কাছে বিলাসিতা। কারণ গোটা বছরে আমাদের প্রচুর ম্যাচ খেলতে হয়। লাল বলের ক্রিকেটে আগামী ৪-৫ বছর আমার কাছে প্রচণ্ড গুরুত্বপূর্ণ। টানা খেলার ধকল যাতে শরীর নিতে পারে, তার জন্য ফিটনেসে বাড়তি নজর দিচ্ছি।



■ কোচ গম্ভীরের সঙ্গে কুলদীপ।

৩০ বছর বয়সি কুলদীপ এখনও পর্যন্ত ১৬ টেস্ট খেলে ৭২ উইকেট দখল করেছেন। ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে গত টেস্ট সিরিজে দু'ম্যাচে ১২ উইকেট নিয়েছিলেন তিনি। দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে ইডেন টেস্টেও দু'ইনিংস মিলিয়ে ৪ উইকেট ঝুলিতে পুরেছিলেন।

ভারত ১৪২, ফিফার ছাড়পত্র রাখানকে

নয়াদিল্লি, ২০ নভেম্বর : ফিফা র্যাংকিংয়ে আরও অধঃপতন ভারতের। বাংলাদেশের কাছে লজ্জার হারের পর ক্রমতালিকায় ছয় ধাপ নামল জাতীয় দল। ১৩৬ থেকে এখন ভারত ১৪২। র্যাংকিংয়ে আরও পতনের দিন স্বস্তির খবর, অস্ট্রেলীয় উইঙ্গার রায়ান উইলিয়ামস ফিফার ছাড়পত্র পেয়ে গেলেন ভারতীয় দলের হয়ে খেলার জন্য। বাংলাদেশে দলের সঙ্গেই গিয়েছিলেন রায়ান। কিন্তু ম্যাচের আগের দিন বেশি রাতে ফুটবল অস্ট্রেলিয়া ছাড়পত্র দিলেও ফিফার অনুমতি মেলেনি। অবশেষে বৃহস্পতিবার ফিফা প্লেয়ার্স স্ট্যাটাস চেম্বার রায়ানের অ্যাসোসিয়েশন পরিবর্তনে অনুমোদন দিয়েছে।

এএফসি এশিয়ান কাপ ২০২৭ যোগ্যতা অর্জন পর্বে এবার সহজ গ্রুপে ছিল ভারত। গ্রুপে চার দলের মধ্যে ভারতই ছিল সবচেঁচি যাঁ ফের দল। প্রত্যাশা ছিল, সহজেই এশিয়ান কাপের মূলপর্বে খেলার ছাড়পত্র আদায় করে নেবেন সুনীল ছেত্রীরা। কিন্তু ১৪ অক্টোবর সিঙ্গাপুরের বিরুদ্ধে ১-২ হারের পর যোগ্যতা অর্জনের দৌড় থেকে ছিটকে যায় ভারত। গত মঙ্গলবার বাংলাদেশের বিরুদ্ধে ০-১ গোলে হেরে লজ্জায় মুখ ঢাকতে হয় খালিদ জামিলের দলকে। সহজ গ্রুপেই পাঁচ ম্যাচ খেলে একটিও জয় নেই ভারতের। মাত্র ২ পয়েন্ট নিয়ে গ্রুপে সবার শেষে। ফিফা র্যাংকিংয়ের ইতিহাসে ভারতের সর্বনিম্ন স্থান ছিল ২০১৫ সালে ১৭৩। আইএসএল নিয়ে সংকটে চিন্তা আরও বাড়াল জাতীয় দলের র্যাংকিংয়ে পতন।



শুনানি পিছিয়ে আজ

প্রধানমন্ত্রীর চিঠি ইস্টবেঙ্গলের

প্রতিবেদন : আইএসএলের ভবিষ্যৎ ঠিক করবে সুপ্রিম কোর্ট। বৃহস্পতিবার এই সংক্রান্ত বিষয়ে বিচারপতি পিএস নরসিমা এবং জয়মাল্য বাগচীর ডিভিশন বেসে শুনানি হওয়ার কথা থাকলেও আলোচনার পর তা শুক্রবার পর্যন্ত পিছিয়ে দেওয়া হয়েছে। বৃহস্পতিবারই আবার আইএসএল এবং ভারতীয় ফুটবলে সংকটমোচনের জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে চিঠি দিয়েছে শতাব্দীপ্রাচীন ইস্টবেঙ্গল ক্লাব। বিনিয়োগের অভাবে আইএসএলের ভবিষ্যৎ নিয়ে অনিশ্চয়তা এবং জাতীয় দলের খারাপ পারফরম্যান্সের ছবিটা বদলাতে সমাধানসূত্রের খোঁজেই প্রধানমন্ত্রীর দ্বারস্থ হয়েছে ইস্টবেঙ্গল। এদিকে, গত মঙ্গলবার ফেডারেশনের বিড মূল্যায়ন কমিটির প্রধান প্রাক্তন বিচারপতি এল নাগেশ্বর রাও সুপ্রিম কোর্টে তাঁর রিপোর্ট জমা দিয়েছেন। টেন্ডারে থাকা কিছু শর্ত শিথিল করার আবেদন করেছেন তিনি।

চ্যাম্পিয়নের মতো মনে হচ্ছে নিজেকে হলুদ জার্সিতে মজে সঞ্জু

চেন্নাই, ২০ নভেম্বর : তাঁর রাজস্থান রয়্যালস থেকে চেন্নাই সুপার কিংসে আসা নিয়ে কম চর্চা হয়নি। শেষ পর্যন্ত মেগা ট্রেন্ডিংয়ে সঞ্জু স্যামসনের সিএসকে-তে আসার জল্পনা সত্যি হয়েছে। তাঁকে পেতে রবীন্দ্র জাদেকার মতো তারকা অলরাউন্ডারকে রাজস্থানের কাছে বিক্রি করে দিতে হয়েছে মহেন্দ্র সিং ধোনির দলকে। সঞ্জু তাঁর ১১ নম্বরের হলুদ জার্সি প্রথমবার ভক্তদের সামনে আনলেন।

সমাজমাধ্যমে সঞ্জু তাঁর সিএসকে জার্সি প্রকাশ্যে এনে অনুভূতির কথা জানিয়েছেন। তারকা উইকেটকিপার-ব্যাটার বলেন, আমি এই দিনটার অপেক্ষায় ছিলাম। নিজেকে ভাগ্যবান মনে হচ্ছে হলুদ জার্সি পরতে পারছি বলে। আমি সবসময় গাঢ় কালো রঙে থাকি। কিন্তু হলুদ, অবশ্যই আমার কাছে দুর্দান্ত অনুভূতি।

সঞ্জু স্বীকার করছেন, সিএসকে-র জার্সি পরার মুহূর্ত থেকে তিনি বুঝতে পারছেন, এই পরিবর্তনটা তাঁর কাছে কতটা তাৎপর্যপূর্ণ। তিনি বলেন, সিএসকে জার্সি পরার পর আমাকে কেমন লাগবে সেটা কখনও ভাবিনি। আমি প্রচণ্ড খুশি হয়েছি। এটা আলাদা অনুভূতি, এক ভিন্ন শক্তি। জার্সি পরে নিজেকে চ্যাম্পিয়নের মতো মনে হচ্ছে।



■ সিএসকের জার্সিতে সঞ্জু (এক্স)।

এএফসিতে লড়ে হার লাল-হলুদের



■ ম্যাচে বল দখলের লড়াই।

প্রতিবেদন : প্রথম ম্যাচে ইরানের চ্যাম্পিয়ন দল বাম খাতুন এফসি-র বিরুদ্ধে দূরন্ত জয় পেয়েছিল ইস্টবেঙ্গলের মেয়েরা। বৃহস্পতিবার লড়াই অনেক কঠিন ছিল ফাজিলা, সৌম্যা গুগলোথদের। সামনে ছিল গতবারের চ্যাম্পিয়ন চিনের উহান জিয়ানদার বিরুদ্ধে। ড্র করলে এদিনই নক আউটে খেলার যোগ্যতা অর্জন করতে পারত ইস্টবেঙ্গল। কিন্তু শক্তিশালী চিনা ক্লাবটির বিরুদ্ধে লড়াই ফুটবল খেলেও ০-২ গোলে হার মশালবাহিনীর। তবে গ্রুপের শেষ ম্যাচে উজবেকিস্তানের নাসাফের বিরুদ্ধে পয়েন্ট পেলেই ভারতের প্রথম ক্লাব হিসেবে মেয়েদের এএফসি চ্যাম্পিয়ন্স লিগের কোয়ার্টার ফাইনালে খেলার ছাড়পত্র পাবে ইস্টবেঙ্গল। নাসাফের কাছে হারলেও ব্যবধান দু'গোলের বেশি হওয়া চলবে না। অন্য ম্যাচে নাসাফ এদিন ১-০ গোলে হারিয়ে দেয় বাম খাতুনকে।

এদিন ম্যাচ শুরুর ১৭ মিনিটের মধ্যেই ০-২ গোলে পিছিয়ে পড়ে ইস্টবেঙ্গল। উহান আক্রমণাত্মক ফুটবল খেলে শুরু থেকে। ৭ মিনিটে ওয়াং শ্যাংয়ের গোলে এগিয়ে যায় উহান। ১৫ মিনিটে পেনাল্টি থেকে গোল করে ব্যবধান বাড়ান সেই ওয়াং। প্রথমার্ধ জুড়ে ম্যাচের রাশ ছিল উহানের হাতে। তবে ইস্টবেঙ্গল পাণ্টা লড়াই করে। কিন্তু গোলমুখ সেভাবে খুলতে পারেনি। ইস্টবেঙ্গল গোলকিপার কয়েকবার দলের পতন রোধ করেন।



রাবাজার খেলা নিয়ে সিদ্ধান্ত আজ



■ কোচ কনরাডের সঙ্গে বাড়ুমা।

গুয়াহাটি, ২০ নভেম্বর : ইতিহাসের সামনে দাঁড়িয়ে দক্ষিণ আফ্রিকা। ২৫ বছর পর ভারতের মাটি থেকে টেস্ট সিরিজ জিতে ফেরার সুযোগ দক্ষিণ আফ্রিকার কাছে। ইডেনে প্রথম টেস্ট জিতে আত্মবিশ্বাসের চূড়ায় থেকে গুয়াহাটিতে সিরিজ নিষ্পত্তির ম্যাচে ভারতের বিরুদ্ধে নামছে টেস্টের বিশ্ব চ্যাম্পিয়নরা। পাজরে চোটের কারণে কলকাতায় খেলতে না পারা কাগিসো রাবাজার গুয়াহাটিতেও খেলা নিয়ে

অনিশ্চয়তা রয়েছে। তবে তারকা পেসারকে খেলানোর চেষ্টায় প্রোটিয়া থিঙ্ক ট্যাঙ্ক। লুঙ্গি এনগিডিকে ইতিমধ্যেই রাবাজার ব্যাক আপ হিসেবে দলে নেওয়া হয়েছে। বৃহস্পতিবার অবশ্য গুয়াহাটিতে রাবাজা দলের সঙ্গে অনুশীলন করেনি। ট্রেনিং মিস করলেও দলের সেরা বোলারের জন্য শুক্রবার পর্যন্ত অপেক্ষা করবে দল। এদিন সাংবাদিক সম্মেলনে এসে দক্ষিণ আফ্রিকার বোলিং কোচ পিট বোথা বলেছেন, কাগিসো দলের মেডিক্যাল স্টাফদের পর্যবেক্ষণে রয়েছে। যে কারণে আজ অনুশীলন করেনি। আরও ২৪ ঘণ্টা দেখে আমরা সিদ্ধান্ত নেব।

বর্ষাপাড়ার পিচ লাল মাটির। ঘাসের আন্তর্য রয়েছে। দুপুরে উইকেটে জল দেওয়া হয়। বোথা বলেন, এখনও টেস্টের দু'দিন বাকি। তাই এখনই বলা সম্ভব নয়, তারা কতটা ঘাস কাটবে। ভাল ব্যাটিং উইকেট বলেই মনে হচ্ছে। তবে ম্যাচ এগোলে স্পিন সহায়ক হবে। আমাদের অপেক্ষা করতে হবে। এদিকে, ভারতীয় দলের প্রথম একাদশে আবার জোড়া পরিবর্তন হওয়ার সম্ভাবনা। অধিনায়ক শুভমন গিল কার্যত গুয়াহাটি টেস্ট থেকে ছিটকেই গিয়েছেন। তাঁর পরিবর্তে খেলার প্রবল সম্ভাবনা সাই সুদর্শনের। ইডেনের মতো দ্বিতীয় টেস্টে চার স্পিনার খেলাবে না ভারত। সেক্ষেত্রে অক্ষর প্যাটেলের পরিবর্তে দলে ঢোকান সম্ভাবনা পেসার অলরাউন্ডার নীতীশ রেড্ডির।

শুভমনের বদলি হয়তো সুদর্শনই

গুয়াহাটি, ২০ নভেম্বর : গুয়াহাটি টেস্টের আগে ভারতের জন্য দুঃসংবাদ। দ্বিতীয় টেস্টে সম্ভবত খেলতে পারবেন না শুভমন গিল। তাঁর জায়গায় সাই সুদর্শনকে খেলানো হতে পারে। তাঁকে বাড়তি সময় দিচ্ছেন গভীর। তবে ভাবনায় আছেন অলরাউন্ডার নীতীশ রেড্ডিও। ইডেনে প্রথম টেস্টের প্রথম ইনিংসে ব্যাট করার সময় চোট পেয়েছিলেন শুভমন। দ্বিতীয় ইনিংসে ব্যাট করতে পারেননি। বুধবার ভারতীয় দল গুয়াহাটি এসেছে। দলের সঙ্গে এসেছেন অধিনায়কও। কিন্তু বর্ষাপাড়া স্টেডিয়ামে বৃহস্পতিবার প্রথম প্র্যাকটিসে নামার আগেই শুভমন কার্যত ছিটকে গিয়েছেন। তবে ব্যাটিং কোচ সিতাংশু কোটাক আবার বলেছেন তাঁরা শুক্রবার সন্ধ্যা পর্যন্ত শুভমনের শারীরিক অবস্থা দেখে চূড়ান্ত সিদ্ধান্ত নেবেন।

০-১ পিছিয়ে থাকা ভারত গুয়াহাটিতে শুভমনকে খেলাতে মরিয়া ছিল। এমনকী তাঁকে দলের সঙ্গে নিয়ে যাওয়া হয়। সেটাও নেক ব্রেস খুলিয়ে। এই গলাবন্ধনী চোট পাওয়ার পর থেকে তাঁর সঙ্গী হয়েছিল। সংবাদ সংস্থার খবর, সামান্য সেরে ওঠার পরই শুভমন এই টেস্টে খেলার জন্য উঠেপড়ে



■ নেট প্র্যাকটিসে খোশমেজাজে জাদেজা, অক্ষর, ওয়াশিংটন, জুরেলরা। বর্ষাপাড়ায়।

লেগেছিলেন। কিন্তু দলের সঙ্গে থাকা মেডিক্যাল টিম সেই ঝুঁকি নিচ্ছে না পাঁচ দিনের ম্যাচ বলে। তাঁদের বক্তব্য, এতে অধিনায়কের চোট আরও বেড়ে যেতে পারে। শুভমনকে সম্পূর্ণ সেরে ওঠা ও রিহ্যাবের

জন্য অন্তত দশ দিন সময় নিতে হবে বলে খবর। সেটা হলে দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে একদিনের সিরিজেও তাঁকে পাওয়া যাবে না। এই সিরিজ শুরু হবে রাঁচিতে ৩০ নভেম্বর। নিবাচকদের এক্ষেত্রে টি ২০ বিশ্বকাপের কথা

মাথায় রাখতে হবে। যদি শেষমেশ শুভমন গুয়াহাটিতে খেলেনও, তবু তাঁকে একদিনের সিরিজে বিশ্বামই দেওয়া হবে।

শুভমন খেলবেন না এটা মোটামুটি পরিষ্কার হয়ে যাওয়ার পরই বিকল্প ভাবনা শুরু হয়েছে গুয়াহাটিতে। সুদর্শন এগিয়ে আছেন। তবে নীতীশ রেড্ডি ও দেবদূত পারিকালও রয়েছে। গুয়াহাটি এই প্রথম টেস্ট ম্যাচের আয়োজন করেছে। লালমাটির উইকেটে বল স্পিন আর বাউন্স দুটোই করবে বলে মনে করা হচ্ছে। তবে টপ অর্ডারের সুদর্শনের খেলার সম্ভাবনা বেশি তিনি বাঁহাতি বলে। আর এক বাঁহাতি অক্ষর প্যাটেলের হয়তো জায়গা হবে না প্রথম এগারোয়।

এদিকে, গৌতম গম্ভীর আবার এদিন ছুটেছিলেন কামাখ্যা মন্দিরে। কড়া নিরাপত্তার মধ্যে টিম ইন্ডিয়া কোচ পুজো দিলেন। প্রসঙ্গত, গম্ভীর কলকাতা টেস্টের আগেও কালীঘাটে পুজো দিয়েছিলেন। গুয়াহাটি টেস্ট জিততে না পারলে, দেশের মাটিতে আরও একটা টেস্ট সিরিজ হারের লজ্জা পেতে হবে। ঘূর্ণি পিচ এবং দল নির্বাচন নিয়েও প্রবল সমালোচিত হচ্ছে। সব মিলিয়ে শনিবার থেকে শুরু হতে চলা টেস্ট গম্ভীরের কাছে অগ্নিপরীক্ষার মঞ্চ।

একদিনের সিরিজে নেতার দৌড়ে রাহুল



■ পারিকাল ও সুদর্শনের সঙ্গে ক্যাচ প্র্যাকটিস রাহুলের। বৃহস্পতিবার বর্ষাপাড়া স্টেডিয়ামে।

মুম্বই, ২০ নভেম্বর : গুয়াহাটি টেস্টের পরই দক্ষিণ আফ্রিকার সঙ্গে তিনটি একদিনের সিরিজ। যা শুরু হচ্ছে রাঁচিতে ৩০ নভেম্বর। অস্ট্রেলিয়ায় যে দল একদিনের সিরিজ খেলে এসেছে তাতে অন্তত চারটি পরিবর্তন হতে পারে। শুভমন গিলকে বিশ্বাম দেওয়ার সম্ভাবনা প্রবল। সেক্ষেত্রে অধিনায়ক হতে পারেন কে এল রাহুল।

শুভমন টানা খেলছেন বলে একদিনের সিরিজে বিশ্বাম দেওয়ার সম্ভাবনা আগে থেকেই ছিল। সেটা হলে নতুন অধিনায়ক লাগবে। বিরাট কোহলি ও রোহিত শর্মার মতো দুই প্রাক্তন অধিনায়ক দলে থাকলেও বেছে নেওয়া হতে পারে অন্যতম সিনিয়র ক্রিকেটার রাহুলকে। সম্প্রতি অস্ট্রেলিয়ায় পাজরে চোট পেয়ে হাসপাতালের আইসিইউতে থাকতে হয়েছিল শ্রেয়স আইয়ারকে। তাঁকে হয়তো আরও বিশ্রামে রাখা হবে।


যশস্বী জয়সোয়াল রোহিতের সঙ্গে ইনিংস শুরু করতে

পারেন। অস্ট্রেলিয়ায় তিনি ব্যাক আপ ওপেনার হিসাবে থেকে একটিও ম্যাচ খেলেননি। শ্রেয়সের জায়গায় ভাবা যেতে পারে তিলক ভামাকে। এছাড়া ধ্রুব জুরেলও অস্ট্রেলিয়ায় ম্যাচ পাননি। তাঁকে হয়তো এই সিরিজে দেখা যাবে না যেহেতু ঋষভ ফিট হয়ে গিয়েছেন ও চারে ব্যাট করবেন। ঘরের মাঠে খেলা বলে বাড়তি স্পিনার ফরকার হতে পারে। তাহলে বরুণ চক্রবর্তীর নাম উঠবে। একসঙ্গে অক্ষর ও জাদেজাকে খেলানো না হলে ব্যাটের হাত ভাল বলে অক্ষরই দলে থাকবেন। হার্দিক দলে থাকলে সহ-অধিনায়ক হতেন। কিন্তু তাঁকে টি ২০ বিশ্বকাপের কথা মাথায় রেখে দলের বাইরে রাখা হতে পারে। হার্দিক বর্তমানে কোয়ার্ট্রিসেপ চোটের জন্য সেন্টার ফর একসেলেশ-এ। যা শোনা যাচ্ছে তাতে অস্ট্রেলিয়ায় একদিনের সিরিজে না খেলা জসপ্রীত বুমনাকে ঘরের মাঠে একদিনের সিরিজেও বিশ্বাম দেওয়া হতে পারে।

দল হারলেই সবাই গম্ভীরকে টার্গেট করে কোচের পাশে দাঁড়িয়ে কোটাক

গুয়াহাটি, ২০ নভেম্বর : কোণঠাসা কোচের পাশে ব্যাটিং কোচ! বৃহস্পতিবার সাংবাদিক বৈঠকে এসে গৌতম গম্ভীরকে যথাসম্ভব আড়াল করার চেষ্টা করে গেলেন সিতাংশু কোটাক। তাঁর দাবি, উদ্দেশ্যপ্রণোদিতভাবে গম্ভীরকে টার্গেট করা হচ্ছে।

শুভমন গিলদের ব্যাটিং কোচ বলেছেন, সবাই গম্ভীরকে দায়ী করছে। কেউ বলছে না, ব্যাটাররা কেন খেলতে পারল না! কেউ বলছে না, ব্যাটিং কোচের আরও ভাল করে কাজ করার প্রয়োজন আছে। দল হারলেই সবাই গম্ভীরকে টার্গেট করে। দেখে মনে হচ্ছে,



■ কামাখ্যা মন্দিরে গম্ভীর।

এই সমালোচকদের অন্য কোনও উদ্দেশ্য রয়েছে। কোটাকের সংযোজন, গম্ভীর চায়নি পিচ কিউরেটরের উপর যাবতীয় দোষ পড়ুক। তাই ও নিজের ঘাড়ে সব দোষ নিয়েছে। ভারতের মাটিতে খেলার সময় আমরা স্পিনের উপর নির্ভর করি। কারণ স্পিন বোলিং আমাদের শক্তি। আমাদের প্রত্যাশা থাকে, স্পিনের সাহায্যে চার থেকে সাড়ে চার দিনের মধ্যে টেস্ট ম্যাচ জেতার। প্রথম দু'দিনে পেসাররা সুবিধা পাক। ইডেনের পিচ এত তাড়াতাড়ি ভেঙে যাবে, সেটা আমরা আশা করিনি।

শুভমনের ফিটনেস নিয়ে কোটাকের বক্তব্য, শুভমন খেলতে পারবে কি না, সেই সিদ্ধান্ত নেবেন ফিজিও এবং চিকিৎসকেরা। শুক্রবার সকালে ফিটনেস টেস্ট হবে ওর। বিকেলে ফল জানা যাবে। কোনও দলই শুভমনের মতো ক্রিকেটারকে বসিয়ে রাখতে চাইবে না। ঘাড়ে আবার চোট পেলে, পরের ম্যাচগুলোতেও শুভমন খেলতে পারবে না। সেটাও মাথায় রাখতে হচ্ছে। দেখা যাক কী হয়!